१२) পরিবেশনার মাধ্যমে আতিথেয়তা করা

お茶を出す (ocha o *dasu*) お菓子を出す (okashi o *dasu*) ビールを出す (biiru o *dasu*)

● চা দেওয়া
● মিষ্টি দেওয়া
● বিয়ার দেওয়া

**-dasu -だす**〘尾〙

করতে শুরু করা, করতে লাগা

¶雨が降りだしました。(Ame ga furi*dashimashita.*)

¶ বৃষ্টি পড়তে শুরু করেছে।

¶汽車が動きだしました。(Kisha ga ugoki*dashimashita.*)

¶ ট্রেন চলতে শুরু করেছে।

¶赤ん坊が急に泣きだしました。(Akanbō ga kyū ni naki*dashimashita.*)

¶ বাচ্চাটি হঠাৎ কাঁদতে শুরু করল।

＊「動詞(基幹の形)＋だす(dasu)」の形で使う。

＊ 'ক্রিয়া (ধাতু-রূপ) + dasu' এই রূপে ব্যবহৃত।

**de で**〘助〙

-এ/-য়/-তে; দিয়ে; নিয়ে; কারণে, দরুন

①[動作などの行われる場所を表す]

১) কার্য-সংঘটনের স্থানকে প্রকাশ করে

¶昼御飯はどこで食べましょうか。(Hirugohan wa doko *de* tabemashō ka?)

¶ দুপুরের খাবার কোথায় খাওয়া যায়?

¶日本では, 車は道の左側を走ります。(Nihon *de* wa, kuruma wa michi no hidarigawa o hashirimasu.)

¶ জাপানে গাড়ী রাস্তার বামদিক দিয়ে চলে।

②[ある限定的な時間・空間などの範囲を表す]

২) কোনো নির্দিষ্ট সময়, স্থান ইত্যাদির পরিসীমাকে প্রকাশ করে

¶世界でいちばん高い山はエベレストです。(Sekai *de* ichiban takai yama

¶ পৃথিবীর মধ্যে সর্বোচ্চ পর্বত হচ্ছে এভারেস্ট।

wa Eberesuto desu.)

¶一年じゅうでいちばん寒い月はいつですか。(Ichinenjū *de* ichiban samui tsuki wa itsu desu ka?)

¶ সারা বছরের মধ্যে সবচেয়ে ঠাণ্ডা মাস কোনটি ?

③[手段・方法・材料などを表す]

৩) উপায়, পদ্ধতি, উপকরণ ইত্যাদি প্রকাশ করে

タクシーで行く (takushii *de* iku)

• ট্যাক্সিতে যাওয়া

鉛筆で書く (enpitsu *de* kaku)

• পেন্সিল দিয়ে লেখা

日本語で話す (Nihongo *de* hanasu)

• জাপানী ভাষায় কথা বলা

¶あなたの国まで航空便で何日ぐらいかかりますか。(Anata no kuni made kōkūbin *de* nannichi gurai kakarimasu ka?)

¶ এয়ার-মেইলে পাঠালে আপনার দেশে পৌঁছতে কতদিন সময় লাগে ?

¶この花は紙でできています。(Kono hana wa kami *de* dekite imasu.)

¶ এই ফুলটি কাগজ দিয়ে তৈরী।

④[原因・理由などを表す]

৪) হেতু, কারণ ইত্যাদি প্রকাশ করে

¶わたしは病気で学校を休みました。(Watashi wa byōki *de* gakkō o yasumimashita.)

¶ আমি অসুস্থতার দরুন স্কুলে অনুপস্থিত ছিলাম।

¶今,外国へ行く準備でとても忙しいです。(Ima, gaikoku e iku junbi *de* totemo isogashii desu.)

¶ এখন বিদেশে যাওয়ার প্রস্তুতি নিয়ে খুবই ব্যস্ত।

⑤[限定的な状態を表す]

৫) নির্দিষ্ট অবস্থাকে প্রকাশ করে

¶みんなで先生の家へ行きましょう。(Minna *de* sensei no ie e ikimashō.)

¶ সবাই মিলে স্যারের বাড়ীতে যাওয়া যাক।

¶わたしはゆうべ寂しい道を一人で帰ってきました。(Watashi wa yūbe sabishii michi o hitori *de* kaette kimashita.)

¶ আমি গতরাতে নির্জন রাস্তা দিয়ে একা একা ফিরে এসেছি।

⑥[時間・値段・数量などの限定を表す]

৬) সময়, দাম, সংখ্যা-পরিমাণ ইত্যাদি নির্দিষ্ট করে

¶この仕事は1日でできます。(Kono shigoto wa ichinichi *de* dekimasu.)

¶ এই কাজটা একদিনে করা যায়।

¶もう1週間で夏休みが来ます。(Mō isshūkan *de* natsuyasumi ga kima-

¶ আর এক সপ্তাহ পর গ্রীষ্মের ছুটি শুরু হবে।

su.)

¶この時計は１万円で買いました。(Kono tokei wa ichiman'en *de* kai-mashita.)

¶ এই ঘড়িটি দশহাজার ইয়েন দিয়ে কিনেছি।

¶この鉛筆は２本で 50 円です。(Kono enpitsu wa nihon *de* gojūen desu.)

¶ এই পেন্সিল, দু'টো পঞ্চাশ ইয়েন করে।

＊「こちらは銀行で,あちらは病院です。(Kochira wa ginkō de, achira wa byōin desu.)」の「で (de)」は、助動詞「だ (da)」の「接続の形」である。

＊ 'Kochira wa ginkō de, achira wa byōin desu (এটা হচ্ছে ব্যাংক আর ওটা হচ্ছে হাসপাতাল)' এই বাক্যের 'de' হচ্ছে 'da' সহায়ক-ক্রিয়ার 'সংযোজক-রূপ'।

**deguchi** 出口〘名〙

বের হওয়ার পথ, বহির্গমন পথ

¶出口はどちらですか。(*Deguchi* wa dochira desu ka?)

¶ বের হওয়ার পথ কোনদিকে?

⇔iriguchi 入り口

**dekakeru** 出かける〘動Ⅱ〙

বের হওয়া, বাইরে যাওয়া, রওয়ানা হওয়া

旅行に出かける (ryokō ni *dekakeru*)

• ভ্রমণে বের হওয়া

散歩に出かける (sanpo ni *dekakeru*)

• হাঁটতে বের হওয়া

買い物に出かける (kaimono ni *dekakeru*)

• কেনাকাটা করতে যাওয়া

¶今，父は仕事で出かけています。(Ima, chichi wa shigoto de *dekakete* imasu.)

¶ বাবা এখন কাজে বাইরে আছেন।

¶そろそろ出かけましょうか。(Sorosoro *dekakemashō* ka?)

¶ আচ্ছা, তবে যাওয়া যাক।

**dekiru** できる〘動Ⅱ〙

পারা, সম্ভব হওয়া ; উৎপন্ন হওয়া ; সম্পন্ন হওয়া

①[あることをする能力がある，あることをすることが可能である]

১) কোনো কার্য করার সামর্থ্য বা সম্ভাবনা থাকা

運転ができる (unten ga *dekiru*)

• গাড়ী-চালাতে পারা

泳ぎができる (oyogi ga *dekiru*)

• সাঁতার কাটতে পারা

運転できる (unten *dekiru*)

• গাড়ী চালাতে পারা

¶あなたは日本語を話すことができますか。(Anata wa Nihongo o hanasu koto ga *dekimasu* ka?)

¶ আপনি কি জাপানী ভাষায় কথা বলতে পারেন?

¶あの人はフランス語ができるそうです。(Ano hito wa Furansugo ga *dekiru* sō desu.)
¶ তিনি ফরাসী ভাষা পারেন বলে শুনেছি।

¶今日は波が荒いから,泳ぐことができません。(Kyō wa nami ga arai kara, oyogu koto ga *dekimasen.*)
¶ আজ ঢেউগুলো প্রবল বলে সাঁতার কাটা যাবে না।

②[ものごとが生じる, 発生する]
২) উৎপন্ন হওয়া, ঘটা

**家ができる** (ie ga *dekiru*)
● বাড়ী তৈরী হওয়া

**赤ん坊ができる** (akanbō ga *dekiru*)
● গর্ভবতী হওয়া; শিশুর জন্ম হওয়া

¶用事ができたので, 遊びに行けなくなりました。(Yōji ga *dekita* node, asobi ni ikenaku narimashita.)
¶ কাজ পড়ে যাওয়ায় বেড়াতে যেতে পারলাম না।

¶近くに新しい駅ができました。(Chikaku ni atarashii eki ga *dekimashita.*)
¶ কাছাকাছি নতুন একটা স্টেশন তৈরী হয়েছে।

③[準備が終わる, 完成する]
৩) প্রস্তুতি শেষ হওয়া, সম্পন্ন হওয়া

¶食事の用意ができました。(Shokuji no yōi ga *dekimashita.*)
¶ খাবারের আয়োজন শেষ হয়েছে।

¶立派な論文ができましたね。(Rippa na ronbun ga *dekimashita* ne.)
¶ চমৎকার থিসিস লেখা হয়েছে তো।

④[作られる]
৪) নির্মিত হওয়া

¶このテーブルは木でできています。(Kono tēburu wa ki de *dekite* imasu.)
¶ এই টেবিলটা কাঠের তৈরী।

⑤[生産される]
৫) উৎপাদিত হওয়া

**米ができる** (kome ga *dekiru*)
● চাল উৎপন্ন হওয়া

¶寒い地方ではみかんができません。(Samui chihō de wa mikan ga *dekimasen.*)
¶ শীত অঞ্চলে কমলা উৎপন্ন হয় না।

⑥[学問・才能などが優れている,成績がいい]
৬) বিদ্যা, প্রতিভা, কৃতিত্ব ইত্যাদির অধিকারী হওয়া

**よくできる子供** (yoku *dekiru* kodomo)
● মেধাবী শিশু

**できない生徒** (*dekinai* seito)
● অমেধাবী ছাত্র

¶あの学生はたいへんよくできます。
¶ ঐ ছাত্র বেশ ভালোই পারে।

(Ano gakusei wa taihen yoku *dekimasu.*)

¶試験はよくできましたか。 (Shiken wa yoku *dekimashita* ka?)

¶ পরীক্ষা ভালো হয়েছে তো?

⑦[可能なかぎり]

৭) যথাসম্ভব

¶できるだけ早く来てください。 (*Dekiru* dake hayaku kite kudasai.)

¶ যত তাড়াতাড়ি সম্ভব চলে আসবেন।

*「できるだけ (dekiru dake)」「できるかぎり (dekiru kagiri)」の形で使う。

*'dekiru dake', 'dekiru kagiri' এই রূপে ব্যবহৃত।

**demo でも〔助〕**

এমনকি ...ও, হলেও ; যে কোনো ; কিছু একটা

①[特別な例を挙げて他の場合ももちろんであるという意味を表す]

১) অন্য ক্ষেত্রেও তদ্রূপ অবস্থা—এমন অর্থ প্রকাশের জন্য কোনো বিশেষ দৃষ্টান্ত উপস্থাপন করতে ব্যবহৃত

¶それは子供でもできます。(Sore wa kodomo *demo* dekimasu.)

¶ ঐ কাজ তো এমনকি বাচ্চারাও করতে পারে।

¶高い山の上には夏でも雪があります。(Takai yama no ue ni wa natsu *demo* yuki ga arimasu.)

¶ এমন কি গ্রীষ্মকালেও উঁচু পর্বতের উপর বরফ জমে থাকে।

②[前のことがらに関係なくあとのことがらが実現することを示す]

২) পূর্বোক্ত ঘটনা সংঘটিত হোক বা না হোক, পরোক্ত ঘটনা সংঘটিত হয়—এমন সম্পর্ককে প্রকাশ করে

¶試合は雨でも行われます。 (Shiai wa ame *demo* okonawaremasu.)

¶ বৃষ্টি হলেও খেলা হবে।

¶今からでも遅くはありません。(Ima kara *demo* osoku wa arimasen.)

¶ এখন থেকে হলেও দেরী হবে না।

③[軽く一例として挙げる場合に使う]

৩) লঘুভাবে দৃষ্টান্ত দেওয়ার ক্ষেত্রে ব্যবহৃত

¶コーヒーでも飲みませんか。(Kōhii *demo* nomimasen ka?)

¶ কফি বা কিছু একটা খেলে কেমন হয়?

¶日曜日にでも見に行きましょうか。(Nichiyōbi ni *demo* mi ni ikimashō ka?)

¶ রোববারের দিকে দেখতে যাওয়া যাক, কেমন?

④[すべての]

৪) প্রতিটি, সমগ্র

いつでも (itsu *demo*) どこでも (doko *demo*) 何でも (nan *demo*) 何年でも (nannen *demo*)

• যে কোনো সময়; সবসময় • যে কোনো জায়গায়; সর্বত্র • যে কোনো কিছু; সবকিছু • যত বছর লাগে

¶そんなことはだれでも知っています。(Sonna koto wa dare *demo* shitte imasu.)

¶ও রকম কথা তো যে কেউ জানে।

¶どんな難しいことでもわかります。(Donna muzukashii koto *demo* wakarimasu.)

¶যত কঠিন ব্যাপারই হোক না কেন, বোঝা যাবে।

* 疑問の言葉といっしょに使う。

* প্রশ্নসূচক শব্দের সঙ্গে ব্যবহৃত।

**denchi** 電池〔名〕

ব্যাটারী

電池が切れる (*denchi* ga kireru)

● ব্যাটারী শেষ হয়ে যাওয়া

電池を新しいのと取り替える (*denchi* o atarashii no to torikaeru)

● পুরানো ব্যাটারী বদলে নতুন ব্যাটারী দেওয়া

**denki** 電気〔名〕

বিদ্যুৎ, ইলেকট্রিসিটি, কারেন্ট

①[電燈]

১) বৈদ্যুতিক আলো

¶暗くなったので, 電気をつけました。(Kuraku natta node, *denki* o tsukemashita.)

¶অন্ধকার হয়ে পড়েছিল বলে বাতি জ্বালিয়েছি।

¶最後に部屋を出る人は電気を消してください。(Saigo ni heya o deru hito wa *denki* o keshite kudasai.)

¶ঘর থেকে সবশেষে যিনি বের হবেন তিনি বাতি নিভিয়ে দেবেন।

②[電燈をつけたり物を動かしたりするエネルギーの一つ]

২) বাতি জ্বালানো বা যন্ত্রাদি চালানো কার্যে ব্যবহৃত জ্বালানিবিশেষ

電気製品 (*denki*-seihin)

● বৈদ্যুতিক সরঞ্জাম

電気洗たく機 (*denki*-sentakuki)

● ইলেকট্রিক ওয়াশিং মেশিন

電気冷蔵庫 (*denki*-reizōko)

● ইলেকট্রিক ফ্রিজ

電気スタンド (*denki*-sutando)

● ইলেকট্রিক টেবিল ল্যাম্প

¶アイロンに電気が通じません。(Airon ni *denki* ga tsūjimasen.)

¶ইস্তিরিতে বিদ্যুৎ কাজ করছে না।

**denpō** 電報〔名〕

তারবার্তা, তার, টেলিগ্রাম

電報を打つ (*denpō* o utsu)

● টেলিগ্রাম করা

電報で知らせる (*denpō* de shiraseru)

● টেলিগ্রামে জানিয়ে দেওয়া

¶日本に着いたら, すぐ電報を打ちます。(Nihon ni tsuitara, sugu *denpō* o uchimasu.)

¶জাপানে পৌঁছার পর সাথে সাথে টেলিগ্রাম করব।

**densen** 伝染〔名, ～する〕

সংক্রমণ

¶各地に伝染病が流行しています。(Kakuchi ni *densen*byō ga ryūkō shite imasu.)

¶ প্রতিটি অঞ্চলে সংক্রামক রোগ ছড়িয়ে পড়েছে।

¶この病気は伝染するので，注意してください。(Kono byōki wa *densen* suru node, chūi shite kudasai.)

¶ এই রোগ ছোঁয়াচে বলে সাবধানে থাকবেন।

**densha** 電車〘名〙 বৈদ্যুতিক ট্রেন, ট্রেন

電車に乗る (*densha* ni noru) 電車を降りる (*densha* o oriru) 電車で行く (*densha* de iku) 電車賃 (*den-sha*chin)

- ট্রেনে চড়া, ট্রেনে উঠা
- ট্রেন থেকে নামা
- ট্রেনে যাওয়া
- ট্রেনভাড়া

¶東京の電車はいつもこんでいます。(Tōkyō no *densha* wa itsu mo konde imasu.)

¶ *তোকিয়োর* ট্রেনে সবসময়ই ভীড় লেগে থাকে।

**dentō** 電燈〘名〙 বৈদ্যুতিক আলো, বাতি, লাইট

電燈をつける (*dentō* o tsukeru)
電燈を消す (*dentō* o kesu)

- বাতি জ্বালানো
- বাতি নেভানো

¶部屋に電燈がついているから，だれかいると思います。(Heya ni *dentō* ga tsuite iru kara, dare ka iru to omoimasu.)

¶ ঘরে লাইট জ্বলছে, মনে হচ্ছে কেউ আছে।

**denwa** 電話〘名, ～する〙 টেলিফোন, ফোন, দূরালাপনী

電話料金 (*denwa*-ryōkin) 公衆電話 (kōshū-*denwa*) 電話帳 (*denwa*chō) 国際電話 (kokusai*denwa*) 電話で話す (*denwa* de hanasu) 電話をかける (*denwa* o kakeru) 電話を切る (*denwa* o kiru) 電話口へ呼び出す (*denwa*guchi e yobidasu)

- টেলিফোন বিল • পাবলিক টেলিফোন
- টেলিফোন ডাইরেক্টরী
- আন্তর্জাতিক টেলিফোন-কল
- টেলিফোনে কথা বলা
- টেলিফোন করা • টেলিফোন রেখে দেওয়া
- টেলিফোন ধরার জন্য ডাকা

¶あなたのうちの電話番号を教えてください。(Anata no uchi no *denwa*-bangō o oshiete kudasai.)

¶ আপনার বাড়ীর ফোন নম্বরটা দিন।

¶上田さん，田中さんから電話です。(Ueda san, Tanaka san kara *denwa*

¶ উয়েদা-সান, তানাকা-সানের কাছ থেকে আপনার টেলিফোন এসেছে।

desu.)

¶もしもし，上田さんは今ほかの**電話**に出ていますから，ちょっとお待ちください。 (Moshi moshi, Ueda san wa ima hoka no *denwa* ni dete imasu kara, chotto omachi kudasai.)

¶ হ্যালো, উয়েদা-সান এখন অন্য কথা বলছেন, একটু অপেক্ষা করুন।

¶**電話**を切らずにおいてください。 (*Denwa* o kirazu ni oite kudasai.)

ছাড়বেন না, ধরে রাখুন।

¶さきほど，田中さんから**電話**がありました。 (Sakihodo, Tanaka san kara *denwa* ga arimashita.)

¶ কিছুক্ষণ আগে তানাকা-সানের কাছ থেকে টেলিফোন এসেছিল।

¶今，話し中で**電話**が通じません。 (Ima, hanashichū de *denwa* ga tsūjimasen.)

¶ এখন লাইনটা ব্যস্ত বলে টেলিফোনে যোগাযোগ করা যাচ্ছে না।

¶何か用があったら，わたしに**電話**をください。 (Nani ka yō ga attara, watashi ni *denwa* o kudasai.)

¶ দরকার হলে আমাকে টেলিফোন করবেন।

¶またあとで**電話**します。 (Mata ato de *denwa* shimasu.)

¶ পরে আবার করব।

**depāto** デパート〘名〙

**ডিপার্টমেন্ট স্টোর**

¶母はデパートへ買い物に行きました。 (Haha wa *depāto* e kaimono ni ikimashita.)

¶ মা কেনাকাটা করতে ডিপার্টমেন্ট স্টোরে গিয়েছেন।

¶デパートではいろいろな物を売っています。 (*Depāto* de wa iroiro na mono o utte imasu.)

¶ ডিপার্টমেন্ট স্টোরে বিভিন্ন ধরনের জিনিস বিক্রি হয়।

**deru** **出る**〘動II〙

**বের হওয়া; উপস্থিত হওয়া; প্রকাশিত হওয়া**

①[家の中などから外に行く]

১) বাসস্থান ইত্যাদি থেকে বহির্গমন করা

**部屋を出る** (heya o *deru*)

• ঘর থেকে বের হওয়া

**学校の門を出る** (gakkō no mon o *deru*)

• স্কুলের গেট দিয়ে বের হওয়া

**会社を4時に出る** (kaisha o yoji ni *deru*)

• অফিস থেকে চারটায় বের হওয়া

**外に出る** (soto ni *deru*)

• বাইরে যাওয়া

**庭に出る** (niwa ni *deru*)

• বাগানে যাওয়া

¶父は3時にうちを出ました。(Chichi wa sanji ni uchi o *demashitu.*)

¶ বাবা তিনটায় বাড়ী থেকে বের হয়েছেন।

↔**hairu** 入る

②[学校を卒業する・家を去る・会社を辞めるなどの意味を表す]

২) শিক্ষাপ্রতিষ্ঠান থেকে পাশ করা, বাড়ী থেকে চলে যাওয়া, কোম্পানী ছেড়ে দেওয়া ইত্যাদি

¶わたしは2年前に大学を出ました。(Watashi wa ninen mae ni daigaku o *demashita.*)

¶ আমি দু'বছর আগে ইউনিভার্সিটি থেকে পাশ করে বের হয়েছি।

③[出発する]

৩) রওয়ানা হওয়া

旅行に出る (ryokō ni *deru*)

● ভ্রমণে বের হওয়া

¶この汽車は何時に出ますか。(Kono kisha wa nanji ni *demasu* ka?)

¶ এই ট্রেনটা কয়টার সময় ছাড়বে?

¶もう船が出る時間です (Mō fune ga *deru* jikan desu.)

¶ জাহাজ ছাড়ার সময় হয়ে গিয়েছে।

④[現れる]

৪) আবির্ভূত হওয়া

木の芽が出る (ki no me ga *deru*)

● গাছের অঙ্কুর বের হওয়া

¶山の上に月が出ました。(Yama no ue ni tsuki ga *demashita.*)

¶ পাহাড়ের উপর চাঁদ উঠেছে।

⑤[出席する，出勤する]

৫) উপস্থিত হওয়া, অফিসে যাওয়া

¶わたしは今日の会議には出られません。(Watashi wa kyō no kaigi ni wa *deraremasen.*)

¶ আমি আজকের সভায় থাকতে পারব না।

¶わたしはあしたの日曜日にも会社へ出ます。(Watashi wa ashita no nichiyōbi ni mo kaisha e *demasu.*)

¶ আমি আগামীকাল রোববারেও অফিসে যাব।

⑥[出版される，掲載される]

৬) প্রকাশিত হওয়া, ছাপা হওয়া

新刊本が出る (shinkanbon ga *deru*)

● নতুন বই বের হওয়া

¶この言葉は辞書に出ていません。(Kono kotoba wa jisho ni *dete* imasen.)

¶ এই শব্দটি অভিধানে দেওয়া নেই।

¶今日の新聞にA国の大地震のことが出ていました。(Kyō no shinbun ni Ē-koku no oojishin no koto ga *dete* imashita.)

¶ আজকের সংবাদপত্রে ক দেশের বড় ধরনের ভূমিকম্পের কথা উঠেছে।

⑦[生じる，発生する，流れ出る] — ৭) উৎপন্ন হওয়া, ঘটা, প্রবাহিত হওয়া

¶風邪を引いて，熱が出ました。(Kaze o hiite, netsu ga *demashita.*) — ¶ ঠাণ্ডা লেগে জ্বর হয়েছে।

¶どうしたんですか。足から血が出ていますよ。(Dō shita n desu ka? Ashi kara chi ga *dete* imasu yo.) — ¶ কি হয়েছে? পা থেকে রক্ত বের হচ্ছে যে।

⑧[ある所に到達する] — ৮) কোনো স্থানে পৌঁছা

¶この道をまっすぐ行くと，駅の前に出ます。(Kono michi o massugu iku to, eki no mae ni *demasu.*) — ¶ এই রাস্তা ধরে সোজা গেলেই স্টেশনের সামনে পড়বেন।

**deshō** でしょう〔助動〕 — (অনুমানবাচক সহায়ক-ক্রিয়া)

¶あしたは雨が降るでしょう。(Ashita wa ame ga furu *deshō.*) — ¶ আগামীকাল বৃষ্টি হবে বলে মনে হচ্ছে।

¶田中さんは間もなく来るでしょう。(Tanaka san wa mamonaku kuru *deshō.*) — ¶ তানাকা-সান কিছুক্ষণের মধ্যেই আসবেন-বলে মনে হচ্ছে।

＊「だろう (darō)」の丁寧な言葉。 — ＊ 'darō'এর ভদ্রতাসূচক শব্দ।

⇨darō だろう

**desu** です〔助動〕 — (অস্তিবাচক সহায়ক-ক্রিয়া): হওয়া; থাকা, আছ্

¶これは本です。(Kore wa hon *desu.*) — ¶ এটা একটা বই।

¶わたしは田中です。(Watashi wa Tanaka *desu.*) — ¶ আমি তানাকা।

¶昨日はいい天気でした。(Kinō wa ii tenki *deshita.*) — ¶ গতকাল ভালো আবহাওয়া ছিল।

¶この鉛筆はだれのですか。(Kono enpitsu wa dare no *desu* ka?) — ¶ এই পেন্সিলটা কার?

＊「だ (da)」の丁寧な言葉。 — ＊'da'এর ভদ্রতাসূচক শব্দ।

⇨da だ

**detarame** でたらめ〔名，形動〕 — [ণ] উলটাপালটা, আজেবাজে, এলোমেলো

でたらめな答え (*detarame* na kotae) — ● উলটাপালটা জবাব

¶あの人の言うことはでたらめで信用できません。(Ano hito no iu koto wa *detarame* de shin'yō dekimasen.) — ¶ সে যেসব আজেবাজে কথা বলে সেগুলো বিশ্বাস করা যায় না।

¶でたらめを言っては困ります。(*Detarame* o itte wa komarimasu.)

¶উলটাপালটা কথা বললে হবে না কিন্তু

¶このたなの本はでたらめに並べてあります。(Kono tana no hon wa *detarame* ni narabete arimasu.)

¶এই তাকের বইগুলো এলোমেলোভাবে রাখা আছে।

**dewa** では〔接〕 তাহলে; আচ্ছা

①[相手の話を受けてそれを根拠として自分の考え・判断などを述べるときに使う]

১) অপরপক্ষের উক্তির উপর ভিত্তি করে নিজের মতামত, সিদ্ধান্ত ইত্যাদি বর্ণনা করতে ব্যবহৃত

¶「いつ旅行に行きましょうか。」(Itsu ryokō ni ikimashō ka?) 「わたしはいつでもいいですよ。」 (Watashi wa itsu demo ii desu yo.) 「では, 今度の日曜日にしましょう。」(*Dewa*, kondo no nichiyōbi ni shimashō.)

¶ "কবে ভ্রমণে যাওয়া যায়?"
"আমি তো যে কোনো সময় যেতে পারি।"
"তাহলে, আগামী রোববারে যাওয়া যাক।"

¶「何をお飲みになりますか。」(Nani o onomi ni narimasu ka?) 「わたしはコーヒーを飲みます。」(Watashi wa kōhii o nomimasu.)「では, わたしもコーヒーにしましょう。」 (*Dewa*, watashi mo kōhii ni shimashō.)

¶ "কি খাবেন বলুন তো?"
"আমি কফি খাব।"
"তাহলে, আমিও কফি খাব।"

②[何かを始めたり終えたりまたは別れたりするときに使う言葉]

২) কোনো কিছু আরম্ভ বা শেষ করা অথবা বিদায় নেওয়ার ক্ষেত্রে ব্যবহৃত শব্দ

¶では, これから会議を開きます。(*Dewa*, kore kara kaigi o hirakimasu.)

¶ ঠিক আছে, তাহলে সভা শুরু করছি।

¶では, 本日はこれで終わります。(*Dewa*, honjitsu wa kore de owarimasu.)

¶ তাহলে, আজকের মতো এখানেই শেষ হচ্ছে।

¶では, お先に失礼します。 (*Dewa*, osaki ni shitsurei shimasu.)

¶ তাহলে, কিছু মনে করবেন না, আমি একটু আগেই উঠছি।

* 「わたしは日本人ではありません。(Watashi wa Nihonjin de wa arimasen.)」の「で (de)」は助動詞であ

* "Watashi wa Nihonjin dewa arimasen (আমি জাপানী নই)" এর 'de' হচ্ছে সহায়ক-ক্রিয়া এবং "Nihon dewa

り，「日本では，車は道の左側を走ります。 (Nihon de wa, kuruma wa michi no hidarigawa o hashirimasu.)」の「で (de)」は助詞である。

kuruma wa michi no hidarigawa o hashirimasu (জাপানে গাড়ী রাস্তার বামদিক দিয়ে চলে)" এর 'de' হচ্ছে অব্যয়।

＊「じゃ (ja)」とも言う。

＊ 'ja'ও বলা হয়।

⇨**soredewa** それでは

**-do** -度〔尾〕 বার ;

①〔回数などを表すのに使う〕

১) বারংবারতা ইত্যাদি প্রকাশ করে

¶もう一度言ってください。(Mō ichi*do* itte kudasai.)

¶ আর একবার বলুন তো।

②〔温度などの程度を表す〕

২) তাপমাত্রা ইত্যাদি প্রকাশ করে

¶ここでは夏の気温は普通 30 度ぐらいになります。 (Koko de wa natsu no kion wa futsū sanjū*do* gurai ni narimasu.)

¶ এখানে গ্রীষ্মকালে তাপমাত্রা সাধারণতঃ ৩০ ডিগ্রীর মতো হয়।

**dō** どう〔副〕 কিভাবে ; কেমন ; কি

①〔話し手にとってものごとの不明な内容・状態などを表す〕

১) বক্তার অজ্ঞাত বিষয়ের অবস্থাদিকে প্রকাশ করে

¶「あしたの天気はどうでしょうか。」(Ashita no tenki wa *dō* deshō ka?) 「たぶんいい天気でしょう。」 (Tabun ii tenki deshō.)

¶ "আগামীকালের আবহাওয়া কেমন থাকবে ?" "খুব সম্ভবতঃ ভালোই থাকবে।"

¶「あしたの音楽会にいらっしゃいますか。」(Ashita no ongakkai ni irasshaimasu ka?) 「まだどうするか決めていません。」 (Mada *dō* suru ka kimete imasen.)

¶ "আগামীকালের সঙ্গীতের আসরে আসছেন কি ?" "কি যে করব, এখনও ঠিক করিনি।"

¶「上田さん，今日はどうかしたのですか。元気がありませんね。」 (Ueda san, kyō wa *dō* ka shita no desu ka? Genki ga arimasen ne.) 「体のぐあいが悪いのです。」 (Karada no guai ga warui no desu.)

¶ "উয়েদা-সান, আজ কিছু হয়েছে নাকি ? কেমন যেন মনমরা দেখাচ্ছে।" "শরীরটা ভালো যাচ্ছে না।"

¶この言葉はどういう意味ですか。

¶ এই শব্দটির কি অর্থ ?

(Kono kotoba wa *dō* iu imi desu ka?)

¶山田さんは来るかどうかわかりません。 (Yamada san wa kuru ka *dō* ka wakarimasen.)

¶ ইয়ামাদা-সান আসবেন কিনা বলা যাচ্ছে না।

②[話し相手の意向や状態などを尋ねるのに使う]

২) শ্রোতার অভিপ্রায় বা অবস্থা সম্বন্ধে জিজ্ঞাসা করতে ব্যবহৃত

¶わたしはこの夏に北海道へ行きます。どうですか。いっしょに行きませんか。 (Watashi wa kono natsu ni Hokkaidō e ikimasu. *Dō* desu ka? Issho ni ikimasen ka?)

¶ আমি গ্রীষ্মকালে *হোক্কাইদো* যাচ্ছি। কি বলুন, একসাথে যাবেন নাকি?

¶「上田さん，あなたはテニスはどうですか。」(Ueda san, anata wa tenisu wa *dō* desu ka?)「見るのは好きですが，自分ではやりません。」(Miru no wa suki desu ga, jibun de wa yarimasen.)

¶ "উয়েদা-সান, আপনার কাছে টেনিস খেলা কেমন লাগে?"
"দেখতে ভালোই লাগে, তবে নিজে খেলি না।"

¶「けがをしたそうですが，どうですか。」(Kega o shita sō desu ga, *dō* desu ka?)「おかげさまで，だいぶよくなりました。」(Okagesama de, daibu yoku narimashita.)

¶ "শুনলাম আঘাত পেয়েছেন, এখন কেমন আছেন?"
"ধন্যবাদ, এখন অনেকটা ভালো হয়ে উঠেছি।"

* 普通「どうですか (dō desu ka)」の形で使う。

* সাধারণত: 'dō desu ka' এই রূপে ব্যবহৃত।

**→ikaga いかが**

**⇨kō こう sō そう ā ああ**

**doa ドア〔名〕** **দরজা, দুয়ার, দ্বার**

ドアを開ける (*doa* o akeru) ドアを閉める (*doa* o shimeru)

• দরজা খুলে দেওয়া
• দরজা বন্ধ করা

¶ドアにかぎを掛けました。 (*Doa* ni kagi o kakemashita.)

¶ দরজায় তালা লাগিয়েছি।

**dōbutsu 動物〔名〕** **জীবজন্তু, প্রাণী, পশুপাখী**

(*dōbutsuen*) (*dō-*

• চিড়িয়াখানা • প্রাণিবিদ্যা প্রাণিতত্ত্ব

*butsu*gaku)

**dochira　どちら〘代〙**

コোনদিক ; কোথা

①[話し手にとって不明な方向を表す]

১) বক্তার অজ্ঞাত দিককে প্রকাশ করে

¶「病院はどちらでしょうか。」(Byōin wa *dochira* deshō ka?)「病院はあちらです。」(Byōin wa achira desu.)

¶"হাসপাতালটা কোনদিকে হবে বলতে পারেন?"
"হাসপাতালটা ঐদিকে।"

¶「東京はどちらですか。」(Tōkyō wa *dochira* desu ka?)「東京はこちらです。」(Tōkyō wa kochira desu.)

¶"*তোকিয়ো* কোন দিকে?"
"*তোকিয়ো* এই দিকে।"

*「どっち (dotchi)」とも言うが，「どちら (dochira)」のほうが丁寧な言葉である。

* 'dotchi'ও বলা হয় কিন্তু 'dochira' ই হচ্ছে অধিক ভদ্র রূপ।

②[話し手にとって不明な方向にある所を表す]

২) বক্তার অজ্ঞাত দিকে অবস্থিত—এমন স্থানকে প্রকাশ করে

¶「あなたのおうちはどちらですか。」(Anata no ouchi wa *dochira* desu ka?)「わたしのうちは新宿です。」(Watashi no uchi wa Shinjuku desu.)

¶"আপনার বাসা কোথায়?"
"আমার বাসা *শিনজুকু* এলাকায়।"

¶「あなたはどちらの国からおいでになりましたか。」(Anata wa *dochira* no kuni kara oide ni narimashita ka?)「わたしは日本から来ました。」(Watashi wa Nihon kara kimashita.)

¶"আপনি কোন দেশ থেকে এসেছেন।"
"আমি জাপান থেকে এসেছি।"

*「どこ (doko)」よりも丁寧な言葉。

* 'doko (কোথায়)' এর চেয়ে অধিক ভদ্র শব্দ।

③[話し手にとって不明な人を表す]

৩) বক্তার অজ্ঞাত ব্যক্তিকে প্রকাশ করে ; কে

¶失礼ですが、どちら様ですか。(Shitsurei desu ga, *dochira* sama desu ka?)

¶"কিছু মনে করবেন না, আপনার পরিচয় জানতে পারি কি?"

* いつも「どちら様 (dochira sama)」の形で使う。

* সবসময় 'dochira sama' এই রূপে ব্যবহৃত।

*「だれ (dare)」と言うよりも丁寧な言い方である。「どなた (donata)」「どなた様 (donata sama)」などとも言

* 'dare(কে)' এর চেয়ে অধিক ভদ্র অভিব্যক্তি। 'donata' বা 'donata sama' ইত্যাদিও বলা হয়।

う。

④[二つのものごとの中から一つのものを選ぶときに使う]

8) দুই বিষয়ের মধ্যে একটিকে বাছাই করার ক্ষেত্রে ব্যবহৃত: কোন

¶「上田さんと中村さんと**どちら**が背が高いですか。」(Ueda san to Nakamura san to *dochira* ga sei ga takai desu ka?)「上田さんのほうが，中村さんより背が高いです。」(Ueda san no hō ga, Nakamura san yori sei ga takai desu.)

¶ "উয়েদা-সান আর নাকামুরা-সানের মধ্যে কে বেশী লম্বা?"
"উয়েদা-সান নাকামুরা-সানের চেয়ে লম্বা।"

¶「あなたは魚と肉と**どちら**が好きですか。」(Anata wa sakana to niku to *dochira* ga suki desu ka?)「わたしは**どちら**も好きです。」(Watashi wa *dochira* mo suki desu.)

¶ "মাছ এবং মাংসের মধ্যে আপনি কোনটা বেশী পছন্দ করেন?"
"আমি দু'টোই পছন্দ করি।"

¶「作文を書くのに題は書かなくてもいいですか。」(Sakubun o kaku no ni dai wa kakanakute mo ii desu ka?)「書いても書かなくてもいいです。**どちら**でもいいです。」(Kaite mo kakanakute mo ii desu. *Dochira* demo ii desu.)

¶ " রচনার শিরোনাম না লিখলেও চলবে কি?"
"লিখলেও হয়, না লিখলেও হয়। একটা হলেই হবে।"

* 助詞「でも (demo)」がつくと，全面的な肯定を表す。助詞「も (mo)」がつくと，全面的な肯定または全面的な否定を表す。

* 'demo' অব্যয় যুক্ত হলে সামগ্রিক ইতিবাচকতা প্রকাশ করে। 'mo' অব্যয় যুক্ত হলে সামগ্রিক ইতিবাচকতা বা সামগ্রিক নেতিবাচকতা প্রকাশ করে।

*「どっち (dotchi)」とも言うが，「どちら (dochira)」のほうが丁寧な言葉である。

* dotchi'ও বলা হয়, তবে 'dochira'ই হচ্ছে অধিক ভদ্র রূপ।

⇨**kochira こちら sochira そちら achira あちら**

**dōgu 道具**【名】 **জিনিসপত্র; সরঞ্জাম; যন্ত্রপাতি**

台所**道具** (daidokoro-*dōgu*)

● রান্নাঘরে ব্যবহারের জিনিসপত্র

¶テーブルの上の勉強**道具**をかたづけ

¶ টেবিলের উপর থেকে লেখাপড়ার সরঞ্জাম

てください。(Tēburu no ue no benkyō-*dōgu* o katazukete kudasai.) — গুছিয়ে ফেলুন

¶道具があれば、自分でラジオが直せます。(*Dōgu* ga areba, jibun de rajio ga naosemasu.) — ¶ যন্ত্রপাতি থাকলে আমি নিজেই রেডিও ঠিক করতে পারি।

**dō itashimashite どういたしまして**〖連〗 (ধন্যবাদের প্রত্যুত্তরে প্রদত্ত বিনয় অভিব্যক্তি)

¶「どうもありがとうございました。」(Dōmo arigatō gozaimashita.) 「いいえ、**どういたしまして。**」(Iie, *dō itashimashite.*) — ¶ "আপনাকে অনেক ধন্যবাদ।" "না না, সেটা এমন কিছু নয়।'

**dōji 同時**〖名〗 [ক্রি-ণ] **একই সময়ে, সাথে সাথে ; সেই সাথে**

①[同じ時] — ১) একই সঙ্গে

¶二人が着いたのは、ほとんど**同時**でした。(Futari ga tsuita no wa, hotondo *dōji* deshita.) — ¶ দুজনে পৌঁছেছেন প্রা় একই সময়ে।

¶発車のベルが鳴り終わると**同時**に、ドアが閉まりました。(Hassha no beru ga nariowaru to *dōji* ni, doa ga shimarimashita.) — ¶ গাড়ী ছাড়ার ঘন্টা বাজা শেষ হওয়ার সাথে সাথে দরজা বন্ধ হয়ে গিয়েছে।

②[あることがらと共に] — ২) সেই সঙ্গে

¶この本はおもしろいと**同時**にためになります。(Kono hon wa omoshiroi to *dōji* ni tame ni narimasu.) — ¶ এই বইটি বেশ মজার, সেই সাথে বেশ উপকারীও।

¶この計画には、よい点もあると**同時**に悪い点もあります。(Kono keikaku ni wa, yoi ten mo aru to *dōji* ni warui ten mo arimasu.) — ¶ এই পরিকল্পনায় ভালো দিকও আছে, সেই সাথে খারাপ দিকও আছে।

**dōjō 同情**〖名, ～する〗 **সমব্যথা, সমবেদনা, সহানুভূতি, দরদ**

¶わたしたちは、地震で被害を受けた人たちに**同情**して、お金を集めて送りました。(Watashitachi wa, jishin de higai o uketa hitotachi ni *dōjō* shite, okane o atsumete okurima- — ¶ আমরা ভূমিকম্পে ক্ষতিগ্রস্তদের প্রতি সমব্যথী হয়ে অর্থ সংগ্রহ করে পাঠিয়েছি।

shita.)

**doko　どこ〔代〕**　কোনখান, কোথা; কোন

①[話し手にとって不明な所を表す]

১) বক্তার অজ্ঞাত স্থানকে প্রকাশ করে

¶「どこが玄関ですか。」(*Doko* ga genkan desu ka?)「あそこが玄関です。」(Asoko ga genkan desu.)

¶ "কোনটা প্রবেশপথ?"
"ঐখানটায় প্রবেশপথ।"

¶「あなたの学校はどこにありますか。」(Anata no gakkō wa *doko* ni arimasu ka?)「わたしの学校は京都にあります。」(Watashi no gakkō wa Kyōto ni arimasu.)

¶ "আপনার স্কুল কোথায়?"
"আমার স্কুল *কিয়োতোতে*।"

¶「あなたの国はどこですか。」(Anata no kuni wa *doko* desu ka?)「わたしの国は日本です。」(Watashi no kuni wa Nihon desu.)

¶ "আপনার দেশ কোথায়?"
"আমার দেশ জাপান।"

¶「あなたはどこの大学に行っていますか。」(Anata wa *doko* no daigaku ni itte imasu ka?)「わたしはA大学に行っています。」(Watashi wa Ē-daigaku ni itte imasu.)

¶ "আপনি কোন ইউনিভার্সিটিতে পড়াশোনা করছেন?"
"আমি ক ইউনিভার্সিটিতে পড়াশোনা করছি।"

¶どこでもいいから，遊びに行きましょう。(*Doko* demo ii kara, asobi ni ikimashō.)

¶যে কোনো জায়গা হলেই হয়, একটু বেড়াতে যাওয়া যাক।

¶わたしは，今日は，どこへも行かずに一日じゅう勉強しようと思っています。(Watashi wa kyō wa, *doko* e mo ikazu ni ichinichijū benkyō shiyō to omotte imasu.)

¶ আমি আজ কোথাও না গিয়ে সারাদিন ধরে পড়াশোনা করব বলে ভাবছি।

*助詞「でも (demo)」がつくと全面的な肯定を表す。また，助詞「も (mo)」がつくと，全面的な肯定または全面的な否定を表す。

* পরে 'demo' অব্যয় যুক্ত হলে সামগ্রিক ইতিবাচকতা প্রকাশ করে। আবার, 'mo' অব্যয় যুক্ত হলে সামগ্রিক ইতিবাচকতা অথবা সামগ্রিক নেতিবাচকতা প্রকাশ করে।

②[話し手にとって当面するものごとの不明な点・部分・範囲・状態などを

২) বক্তার উক্তি-মুহূর্তের বিষয়ের অজ্ঞাত দিক, অংশ, পরিসীমা বা অবস্থাকে প্রকাশ করে।

表す]
¶「昨日はどこまで勉強しましたか。」(Kinō wa *doko* made benkyō shimashita ka?)「50ページまで勉強しました。」Gojippēji made benkyō shimashita.)

¶ "গতকাল কোন পর্যন্ত পড়েছেন?" "পঞ্চাশ পৃষ্ঠা পর্যন্ত পড়েছি।"

¶「顔色がよくありませんね。どこか悪いのですか。」(Kaoiro ga yoku arimasen ne. *Doko* ka warui no desu ka?)「今朝から胃が痛いのです。」(Kesa kara i ga itai no desu.)

¶ "আপনার মুখটা বেশ ফ্যাকাসে দেখাচ্ছে। কিছু হয়েছে নাকি?" "সকাল থেকে পেট ব্যথা করছে।"

¶あなたの研究はどこまで進んでいますか。(Anata no kenkyū wa *doko* made susunde imasu ka?)

¶ আপনার গবেষণা কতদূর এগিয়েছে?

⇨**koko** ここ **soko** そこ **asoko** あそこ

**doku** 毒〘名〙 বিষ

毒虫 (*doku*mushi) 毒へび (*doku*-hebi) 毒ガス (*doku*gasu)

● বিষাক্ত পোকামাকড় ● বিষাক্ত সাপ ● বিষাক্ত গ্যাস

¶このきのこには毒があります。(Kono kinoko ni wa *doku* ga arimasu.)

¶ এই মাশরুম বিষাক্ত।

**dokuritsu** 独立〘名, する〙 স্বাধীনতা; মুক্তি; স্বাবলম্বন

独立国 (*dokuritsu*koku) 独立運動 (*dokuritsu*-undō) 独立戦争 (*dokuritsu*-sensō)

● স্বাধীন দেশ ● স্বাধীনতা আন্দোলন

¶わたしたちは民族独立のために戦いました。(Watashitachi wa minzoku-*dokuritsu* no tame ni tatakaimashita.)

¶ আমরা জাতির স্বাধীনতার জন্য যুদ্ধ করেছি।

¶あの人は独立心が強いです。(Ano hito wa *dokuritsu*shin ga tsuyoi desu.)

¶ তাঁর মধ্যে স্বাবলম্বী মনোভাব খুব প্রবল।

**dōmo** どうも〘副〙 খুব.[সম] কেমন যেন; কেন যেন, কেন জানি

①[どうしても，どのようにやってみ

১) কিছুতেই, যে করেই হোক

ても]

¶どうもうまく発音できません。(*Dōmo* umaku hatsuon dekimasen.)

¶ কেন জানি ঠিকমত উচ্চারণ করতে পারছি না।

¶この文の意味はどうもよくわかりません。(Kono bun no imi wa *dōmo* yoku wakarimasen.)

¶ এই বাক্যের অর্থ কেমন যেন ভালভাবে বোঝা যাচ্ছে না।

* あとに打ち消しまたは否定的な意味の言葉が来る。

* পরে না-সূচক অথবা নেতিবাচক শব্দ বসে।

②[どう考えてもはっきりしないが]

২) বহু চিন্তাভাবনার পরও স্পষ্ট নয়—তদসত্ত্বেও

¶あの人には，どうもどこかで会ったような気がします。(Ano hito ni wa, *dōmo* doko ka de atta yō na ki ga shimasu.)

¶ তাঁকে কেমন যেন কোথাও দেখেছি বলে মনে হচ্ছে।

③[たいへん，ほんとうに]

৩) অত্যন্ত, সত্যিই

¶どうもありがとうございます。(*Dōmo* arigatō gozaimasu.)

¶ অনেক ধন্যবাদ।

¶どうも失礼しました。(*Dōmo* shitsurei shimashita.)

¶ খুব দুঃখিত।

**donata** どなた〔代〕 কে

¶あの方はどなたですか。(Ano kata wa *donata* desu ka?)

¶ উনি কে?

¶失礼ですが，どなた様でいらっしゃいますか。(Shitsurei desu ga, *donata* sama de irasshaimasu ka?)

¶ কিছু মনে করবেন না, আপনার পরিচয় জানতে পারি কি?

*「だれ (dare)」の丁寧な言い方。

* 'dare (কে)' এর ভদ্র অভিব্যক্তি।

**dondon** どんどん〔副〕 দ্রুত, তাড়াতাড়ি; একের পর এক

¶物価がどんどん上がっています。(Bukka ga *dondon* agatte imasu.)

¶ দ্রব্যমূল্য দ্রুতগতিতে বেড়ে চলেছে।

¶どんどん進むので，予習がたいへんです。(*Dondon* susumu node, yoshū ga taihen desu.)

¶ দ্রুত এগিয়ে যাচ্ছে বলে পড়া তৈরী করাটা বেশ কষ্টকর।

*「どんどんと (dondon to)」とも言う。

* 'dondon to'ও বলা হয়।

**donna** どんな〔連体〕 কি রকম; কেমন

¶「あなたはどんなスポーツが好きですか。」(Anata wa *donna* supōtsu ga suki desu ka?)「わたしはテニスがいちばん好きです。」(Watashi wa tenisu ga ichiban suki desu.)

¶ "আপনি কি ধরনের খেলা পছন্দ করেন?" "আমি টেনিস খেলাই সবচেয়ে বেশী পছন্দ করি।"

¶「山田さんは山でけがをしたそうです。」(Yamada san wa yama de kega o shita sō desu.)「どんなぐあいなのでしょうか。」(*Donna* guai na no deshō ka?)

¶ "ইয়ামাদা-সান পাহাড়ে গিয়ে আঘাত পেয়েছেন বলে শুনেছি।" "এখন তাঁর অবস্থা কেমন?"

¶おいしそうですね。どんな材料で作りましたか。(Oishisō desu ne. *Donna* zairyō de tsukurimashita ka?)

¶ খুবই মজার মনে হচ্ছে তো। কি ধরনের জিনিস দিয়ে তৈরী করেছেন?

¶「どんな質問でもいいですか。」(*Donna* shitsumon demo ii desu ka?)「はい どんな質問でもいいです。」(Hai, *donna* shitsumon demo ii desu.)

¶ "যে কোনো রকমের প্রশ্নই কি করা যাবে?" "হ্যাঁ, যে কোনো প্রশ্নই করা যাবে।"

¶あの人にきけば，どんなことでもわかります。(Ano hito ni kikeba, *donna* koto demo wakarimasu.)

¶ তাঁকে জিজ্ঞাসা করলে যে কোনো উত্তরই পাওয়া যাবে।

* 話し手にとって不明なものごとの内容・状態などを表す。「どんな (donna)＋名詞＋でも (demo)」の形で全面的な肯定を表す。

* বক্তার অজ্ঞাত বিষয়ের অবস্থাদিকে প্রকাশ করে। 'donna + বিশেষ্য + demo' এই রূপে সামগ্রিক ইতিবাচকতা প্রকাশ করা হয়।

⇨**konna こんな sonna そんな anna あんな**

**donna ni どんなに**〔副〕 কত; যত

①［ものごとの状態・数量などの［程度］を強調して表すときに使う］

১) বিষয়ের অবস্থা বা সংখ্যা-পরিমাণের মাত্রাকে জোরালোভাবে প্রকাশ করার ক্ষেত্রে ব্যবহৃত

¶外国語が自由に話せたらどんなにいいでしょう。(Gaikokugo ga jiyū ni hanasetara, *donna ni* ii deshō.)

¶ বিদেশী ভাষা নিজের ইচ্ছামতো বলতে পারলে কত ভালোই না হোত।

¶戦争中みんながどんなに苦労したか，今のあなたがたにはわからないでしょう。(Sensōchū minna ga *donna ni* kurō shita ka, ima no anata gata ni wa wakaranai deshō.)

¶যুদ্ধের সময় সবাই কত কষ্টই না করেছে, এখনকার আপনারা সেটা বুঝতে পারবেন না।

②[ものごとの状態・数量などの限りない程度を仮定して表すときに使う]

২) বিষয়ের অবস্থা বা সংখ্যা-পরিমাণের অপরিসীম মাত্রাকে কল্পনা করে প্রকাশ করতে ব্যবহৃত

¶どんなにお金があっても，テレビは買いませんか。(*Donna ni* okane ga atte mo, terebi wa kaimasen ka?)

¶প্রচুর টাকা থাকলেও টেলিভিশন কিনবেন না নাকি?

¶どんなに急いでも，汽車には間に合いません。(*Donna ni* isoide mo, kisha ni wa maniaimasen.)

¶যত তাড়াতাড়ি করা হোক না কেন, ট্রেন পাওয়া যাবে না।

* いつも「どんなに〜ても (donna ni〜te mo)」の形で使い，あとに否定的な言葉が来る。

* সবসময় 'donna ni ... temo' এই রূপে ব্যবহৃত হয় এবং পরে নেতিবাচক শব্দ বসে।

→ikura いくら

⇨konna ni こんなに sonna ni そんなに anna ni あんなに

**dono** どの〘連体〙 কোন; কি

どの人 (*dono* hito) どの方 (*dono* kata)

● কোনজন; কে ● কোন ভদ্রলোক; কে

¶「中村さんのはどのかばんですか。」(Nakamura san no wa *dono* kaban desu ka?)「あの大きなかばんです。」(Ano ookina kaban desu.)

¶"কোন ব্যাগটি নাকামুরা-সানের?" "ঐ বড় ব্যাগটি।"

¶お金はどのくらい持って行けばいいでしょうか。(Okane wa *dono* kurai motte ikeba ii deshō ka?)

¶টাকা কি পরিমাণ নিয়ে গেলে চলবে?

¶「どのくらい日本語を習っていますか。」(*Dono* kurai Nihongo o naratte imasu ka?)「約1年です。」(Yaku ichinen desu.)

¶"কতদিন যাবৎ জাপানী ভাষা শিখছেন?" "প্রায় এক বছর।"

¶どの本でもいいですから，読みたい

¶যে কোনো বই পড়তে চাও তো নিয়ে

本をお持ちなさい。(*Dono* hon demo ii desu kara, yomitai hon o omochinasai.) — যেতে পার।

¶どの問題もみんな難しかったです。(*Dono* mondai mo minna muzukashikatta desu.) — ¶ সব প্রশ্নই কঠিন ছিল।

＊ 話し手にとって不明なものごと・数量・程度などを表すのに使う。「どの(dono)＋名詞＋でも (demo)」の形は全面的な肯定を表す。「どの (dono)＋名詞＋も (mo)」の形は，全面的な肯定または全面的な否定を表す。 — ＊ বক্তার অজ্ঞাত বিষয়, সংখ্যা-পরিমাণ বা মাত্রাদি প্রকাশ করতে ব্যবহৃত। 'dono + বিশেষ্য + demo' এই রূপে সামগ্রিক ইতিবাচকতা প্রকাশ করা হয়। আবার 'dono + বিশেষ্য +mo' এই রূপে সামগ্রিক ইতিবাচকতা অথবা সামগ্রিক নেতিবাচকতা প্রকাশ করা হয়।

⇨kono この sono その ano あの

**dore どれ〔代〕** — কোনটা, কোন

¶「あなたの本はどれですか。」(Anata no hon wa *dore* desu ka?)「わたしの本はこれです。」(Watashi no hon wa kore desu.) — ¶ "আপনার বই কোনটা?" "আমার বই এটা।"

¶「東京の地図はどれですか。」(Tōkyō no chizu wa *dore* desu ka?)「東京の地図はあれです。」(Tōkyō no chizu wa are desu.) — ¶ "*তোকিয়োর* মানচিত্র কোনটা?" "*তোকিয়োর* মানচিত্র ঐটা।"

¶どれでもあなたの好きなものを取りなさい。(*Dore* demo anata no suki na mono o torinasai.) — ¶ তোমার পছন্দমতো যে কোনো জিনিস নাও।

¶どれもみんな好きです。(*Dore* mo minna suki desu.) — ¶ সবগুলোই পছন্দ।

¶どれもあまり好きではありません。(*Dore* mo amari suki de wa arimasen.) — ¶ কোনোটাই খুব একটা পছন্দ হয় না।

＊ 普通，三つ以上のものごとの中から一つを選ぶときに使う。助詞「も (mo)」がつくと全面的な肯定または全面的な否定を表す。助詞「でも — ＊ সাধারণতঃ তিন বা ততোধিক বিষয়ের মধ্য থেকে একটি বাছাই করার ক্ষেত্রে ব্যবহৃত। পরে 'mo' অব্যয় যুক্ত হলে সামগ্রিক ইতিবাচকতা অথবা সামগ্রিক নেতিবাচকতা

(demo)」がつくと全面的な肯定を表し，選択が自由であることを表す。

⇨kore これ　sore それ　are あれ

প্রকাশ করে। আবার 'demo' অব্যয় যুক্ত হলে সামগ্রিক ইতিবাচকতা প্রকাশ করে এবং সেক্ষেত্রে বাছাইয়ের স্বাধীনতা থাকে।

**dore** どれ〘感〙

কোথায়, কোনটা-কোনটা, দেখি-দেখি

¶どれ，見せてごらん。(*Dore*, misete goran.)

¶ কোথায়, দেখাও দেখি।

* 何かを見せてもらうときなどに相手に言う言葉。

* কোনো কিছু দেখানোর জন্য অপরপক্ষকে অনুরোধ করার ক্ষেত্রে ব্যবহৃত শব্দ।

**dōro** 道路〘名〙

রাস্তা, সড়ক

広い道路 (hiroi *dōro*)

● প্রশস্ত রাস্তা

狭い道路 (semai *dōro*)

● সংকীর্ণ রাস্তা

¶今の時間は，道路がたいへんこんでいます。(Ima no jikan wa, *dōro* ga taihen konde imasu.)

¶ এই সময়ে রাস্তায় খুবই ভীড় লেগে থাকে।

**dorobō** どろぼう〘名〙

চোর

¶留守中にどろぼうに入られました。(Rusuchū ni *dorobō* ni hairaremashita.)

¶ বাড়ীতে যখন কেউ ছিল না তখন দুর্ভাগ্যবশতঃ চোর ঢুকেছিল।

**doryoku** 努力〘名，～する〙

চেষ্টা, প্রচেষ্টা, প্রয়াস; খাটুনি, মেহনত

努力家 (*doryoku*ka)

● পরিশ্রমী

¶努力すれば，だれでも上手になれます。(*Doryoku* sureba, dare demo jōzu ni naremasu.)

¶ চেষ্টা করলে যে কেউই সুদক্ষ হতে পারে।

¶努力したので，いい成績がもらえました。(*Doryoku* shita node, ii seiseki ga moraemashita.)

¶ চেষ্টা করেছি, তাই ভালো ফল পাওয়া গিয়েছে।

**dōsa** 動作〘名〙

কার্য, ক্রিয়া; সচলতা

¶年を取ると，だんだん動作が鈍くなります。(Toshi o toru to, dandan *dōsa* ga nibuku narimasu.)

¶ বয়স হলে ধীরে ধীরে সচলতা কমে যায়।

**dōshite** どうして〘副〙

কিভাবে; কি কারণে, কি জন্য, কেন

①[なぜ]

১) কি হেতু

¶昨日はどうして学校を休んだのですか。(Kinō wa *dōshite* gakkō o ya-

¶ গতকাল কেন স্কুলে আসনি?

sunda no desu ka?)

¶あの人が来ないのは，どうしてでしょう。(Ano hito ga konai no wa, *dōshite* deshō?) — ¶ তিনি যে আসছেন না, তার কারণ কি হতে পারে ?

* 理由などをたずねるときに使う言葉。→naze なぜ — * কারণাদি জিজ্ঞাসা করার ক্ষেত্রে ব্যবহৃত শব্দ।

②[どのようにして，どういう方法で] — ২) কি করে, কি পদ্ধতিতে

¶夏休みをどうして過ごそうかと考えています。(Natsuyasumi o *dōshite* sugosō ka to kangaete imasu.) — ¶ গ্রীষ্মের ছুটি কিভাবে কাটানো যায় ভাবছি।

**dōshite mo** どうしても〔連〕 **কিছুতেই, আদৌ; যে করেই হোক, অবশ্যই**

①[どういうふうにしても，どのように考えても] — ১) সব রকমে করলেও, সব দিক দিয়ে ভেবেও

¶この問題はどうしてもわかりません。(Kono mondai wa *dōshite mo* wakarimasen.) — ¶ এই প্রশ্নটি কিছুতেই বুঝতে পারছি না।

¶あの人と結婚するのはどうしてもいやです。(Ano hito to kekkon suru no wa *dōshite mo* iya desu.) — ¶ তাঁকে বিয়ে করার ব্যাপারটা আমার কিছুতেই পছন্দ হচ্ছে না।

* あとに打ち消しまたは否定的な意味の言葉が来る。 — * পরে না-সূচক অথবা নেতিবাচক শব্দ বসে।

②[必ず，どんなことがあっても] — ২) নিশ্চয়ই, যা ঘটুক না কেন

¶この試合には，どうしても勝ちたいんです。(Kono shiai ni wa, *dōshite mo* kachitai n desu.) — ¶ এই খেলায় যে করেই হোক জিততে চাই।

¶昨日は学校を休んだので，今日はどうしても行かなければなりません。(Kinō wa gakkō o yasunda node, kyō wa *dōshite mo* ikanakereba narimasen.) — ¶ গতকাল স্কুলে অনুপস্থিত ছিলাম বলে আজ যে করেই হোক আমাকে যেতেই হবে।

**doyō(bi)** 土曜（日）〔名〕 **শনিবার**

**dōzo** どうぞ〔副〕 **অনুগ্রহপূর্বক, মেহেরবানী করে, দয়া করে, প্লীজ**

¶どうぞお入りください。(*Dōzo* ohairi kudasai.) — ¶ আসুন, ভিতরে আসুন।

¶わたしは山田です。どうぞよろしく。
(**Watashi wa Yamada desu. *Dōzo* yoroshiku.**)

¶ আমি ইয়ামাদা। শুভেচ্ছা রাখবেন।

# E

**e** 絵〔名〕 **ছবি, চিত্র**

絵はがき (*e*hagaki) 絵本 (*e*hon) 絵の具 (*e*nogu) 絵をかく (*e* o kaku)

- ভিউকার্ড
- ছবির বই
- ছবি আঁকার রঙ
- ছবি আঁকা

¶田中さんは絵が上手です。(Tanaka san wa *e* ga jōzu desu.)
¶তানাকা-সান ভালো ছবি আঁকেন।

¶どんな絵が好きですか。(Donna *e* ga suki desu ka?)
¶আপনি কি ধরনের ছবি পছন্দ করেন?

**e** え〔感〕 **জী; কী; কী আশ্চর্য**

¶え，何ですか。(*E!* Nan desu ka?)
¶জী, কী বললেন?

¶えっ，それは本当ですか。(*E'!* Sore wa hontō desu ka?)
¶কী আশ্চর্য, সত্যিই নাকি।

**e** へ〔助〕 **-এ/-য়/-তে**

¶昨日，銀行へ行きました。(Kinō, ginkō *e* ikimashita.)
¶গতকাল ব্যাংকে গিয়েছিলাম।

¶道の真ん中へ出ないでください。(Michi no mannaka *e* denaide kudasai.)
¶রাস্তার মাঝখানে যাবেন না।

**ebi** えび〔名〕 **চিংড়ি মাছ, চিংড়ি**

**eda** 枝〔名〕 **ডাল, শাখা, শাখা-প্রশাখা**

木の枝 (ki no *eda*) 枝を折る (*eda* o oru)

- গাছের ডাল
- ডাল ভাঙ্গা

**ee** ええ〔感〕 **হ্যাঁ, হুঁ, জী**

¶「この本を貸してください。」(Kono hon o kashite kudasai.) 「ええ，いいですよ。」(*Ee,* ii desu yo.)
¶"এই বইটি কি ধার নিতে পারি?" "হ্যাঁ, অবশ্যই।"

¶「お元気ですか。」(Ogenki desu ka?) 「ええ，おかげさまで。」(*Ee,* okage-sama de.)
¶"ভালো আছেন তো?" "জী, ধন্যবাদ।"

*「はい (hai)」のほうが丁寧な言葉である。
*'ee' এর চেয়ে 'hai' হচ্ছে অধিক ভদ্র শব্দ।

⇨hai はい

**eiga** 映画〔名〕 — চলচ্চিত্র, সিনেমা, ছবি

―― (*eiga*kan) — ●সিনেমা হল

ニュース映画 (nyūsu-*eiga*) — ●সংবাদ চিত্র

¶今晩, 映画を見に行きましょう。(Konban, *eiga* o mi ni ikimashō.) — ¶চলুন, আজ রাতে সিনেমা দেখতে যাই।

¶あの映画はおもしろいですか。(Ano *eiga* wa omoshiroi desu ka?) — ¶ঐ সিনেমাটা কি ভালো?

**eigo** 英語〔名〕 — ইংরেজী ভাষা, ইংরেজী

¶英語の本を買いました。(*Eigo* no hon o kaimashita.) — ¶ইংরেজী বই কিনেছি।

¶英語で手紙を書きました。(*Eigo* de tegami o kakimashita.) — ¶ইংরেজীতে চিঠি লিখেছি।

**eikyō** 影響〔名, ～する〕 — প্রভাব

¶子供は友達の影響を受けやすいです。(Kodomo wa tomodachi no *eikyō* o ukeyasui desu.) — ¶শিশুরা সহজেই বন্ধুদের দ্বারা প্রভাবিত হয়।

¶仏教は日本の文化に大きな影響を与えました。(Bukkyō wa Nihon no bunka ni ookina *eikyō* o ataemashita.) — ¶বৌদ্ধধর্ম জাপানের সংস্কৃতিতে বড় ধরনের প্রভাব বিস্তার করেছে।

**eisei** 衛生〔名〕 — পরিচ্ছন্নতা; স্বাস্থ্যব্যবস্থা, স্বাস্থ্যবিধান

公衆衛生 (kōshū-*eisei*) — ●জনস্বাস্থ্য

衛生的 (*eisei*teki) — ●পরিষ্কার-পরিচ্ছন্ন

¶あの店の衛生状態はたいへんいいです。(Ano mise no *eisei*-jōtai wa taihen ii desu.) — ¶ঐ দোকানটা খুবই পরিষ্কার-পরিচ্ছন্ন।

**eiyō** 栄養〔名〕 — পুষ্টি

栄養が足りない (*eiyō* ga tarinai) — ●পুষ্টির অভাব

¶この食べ物はたいへん栄養があります。(Kono tabemono wa taihen *eiyō* ga arimasu.) — ¶এই খাবার খুবই পুষ্টিকর।

¶じゅうぶんに栄養を取ってください。(Jūbun ni *eiyō* o totte kudasai.) — ¶যথেষ্ট পরিমাণে পুষ্টিকর জিনিস খাবেন।

**eki** 駅〘名〙

স্টেশন

駅長 (*eki*chō) 駅員 (*eki*in)

• স্টেশন মাস্টার • স্টেশন কর্মচারী

¶駅から家まで歩いて5分です。(*Eki* kara ie made aruite gofun desu.)

¶ স্টেশন থেকে বাড়ী পর্যন্ত হেঁটে যেতে পাঁচ মিনিট লাগে।

¶駅のそばに銀行があります。(*Eki* no soba ni ginkō ga arimasu.)

¶ স্টেশনের কাছে ব্যাংক আছে।

**ekitai** 液体〘名〙

তরল পদার্থ

¶あのびんの中の液体は何ですか。(Ano bin no naka no *ekitai* wa nan desu ka?)

¶ ঐ বোতলের মধ্যে যে তরল পদার্থ আছে, ওটা কি?

¶危険な液体には色がつけてあります。(Kiken na *ekitai* ni wa iro ga tsukete arimasu.)

¶ বিপজ্জনক তরল পদার্থে রঙ দেওয়া আছে।

⇨kitai 気体 kotai 固体

**(-) en** (-) 円〘名, 尾〙

1〘名〙

১ বৃত্ত, গোলাকৃতি

円をかく (*en* o kaku) 円形の建物 (*en*kei no tatemono)

• বৃত্ত আঁকা

• বৃত্তাকার দালান

২ (জাপানী মুদ্রাবিশেষ): ইয়েন

100円 (hyaku*en*) 1万円 (ichiman'*en*)

• একশো ইয়েন

• দশহাজার ইয়েন

**enchō** 延長〘名, ～する〙

(মেয়াদ ইত্যাদির) বৃদ্ধি, বাড়ানো

¶ビザを延長しました。(Biza o *enchō* shimashita.)

¶ ভিসার মেয়াদ বাড়িয়ে নিয়েছি।

¶留学の期間を1年間延長したいです。(Ryūgaku no kikan o ichinenkan *enchō* shitai desu.)

¶ বিদেশে পড়াশোনার সময়টা এক বছর বাড়াতে চাই।

**enjin** エンジン〘名〙

এঞ্জিন

¶あの車のエンジンはたいへんいいです。(Ano kuruma no *enjin* wa taihen ii desu.)

¶ ঐ গাড়ীর এঞ্জিন খুব ভালো।

¶新しいエンジンの調子はどうですか。(Atarashii *enjin* no chōshi wa dō desu ka?)

¶ নতুন এঞ্জিনের অবস্থা কেমন?

**enjo** 援助〔名, ～する〕 **সাহায্য, সহায়তা**

¶この計画を実現するには, 政府の援助が必要です。 (Kono keikaku o jitsugen suru ni wa, seifu no *enjo* ga hitsuyō desu.)

¶ এই পরিকল্পনা বাস্তবায়িত করার জন্য সরকারের সাহায্য প্রয়োজন।

¶たくさんの学生が経済的な援助を希望しています。(Takusan no gakusei ga keizaiteki na *enjo* o kibō shite imasu.)

¶ অনেক ছাত্রছাত্রী আর্থিক সাহায্যের আশা করছে।

**enki** 延期〔名, ～する〕 **পিছানো. [ণ] স্থগিত, মুলতবী**

¶試験は延期になりました。 (Shiken wa *enki* ni narimashita.)

¶ পরীক্ষা স্থগিত রাখা হয়েছে।

¶雨のために旅行を延期しました。 (Ame no tame ni ryokō o *enki* shimashita.)

¶ বৃষ্টির কারণে ভ্রমণ স্থগিত রেখেছি।

**enpitsu** 鉛筆〔名〕 **পেন্সিল**

赤鉛筆 (aka*enpitsu*) 色鉛筆 (iro-*enpitsu*) 鉛筆削り (*enpitsu*kezuri)

• লাল পেন্সিল • রঙিন পেন্সিল
• পেন্সিল কাটার যন্ত্র, শার্পেনার

¶この鉛筆は一本いくらですか。 (Kono *enpitsu* wa ippon ikura desu ka?)

¶ এই পেন্সিল এক একটির দাম কত?

¶ここは鉛筆で書いてください。 (Koko wa *enpitsu* de kaite kudasai.)

¶ এখানটায় পেন্সিল দিয়ে লিখুন।

**enryo** 遠慮〔名, ～する〕 (অন্যের কষ্ট হবে বলে) **সঙ্কোচ, কুণ্ঠা; ইতস্ততঃ**

¶どうぞ遠慮しないでください。 (Dōzo *enryo* shinaide kudasai.)

¶ নিন. সঙ্কোচ করার কিছু নেই।

¶彼はたいへん遠慮深いです。 (Kare wa taihen *enryo*bukai desu.)

¶ তিনি অন্যকে কষ্ট দিতে কুণ্ঠা বোধ করেন।

**enshi** 遠視〔名〕 (কাছে স্পষ্ট দেখতে অক্ষম): **দূরবদ্ধদৃষ্টি**

¶遠視の眼鏡を作りました。 (*Enshi* no megane o tsukurimashita.)

¶ প্লাস পাওয়ারের চশমা তৈরী করিয়ে নিয়েছি।

⇔**kinshi** 近視

**ensō** 演奏〔名, ～する〕 **যন্ত্রসঙ্গীত পরিবেশনা, বাজনা**

ギターを演奏する (gitā o *ensō* suru) ●গীটার বাজানো

ピアノ曲を演奏する (pianokyoku o *ensō* suru) ●পিয়ানোর গৎ বাজানো

¶今晩、ピアノの演奏会があります。(Konban, piano no *ensō*kai ga arimasu.)
¶আজ রাতে পিয়ানোর কনসার্ট আছে।

**entotsu** 煙突〘名〙 **চিমনি**

¶あの工場には煙突が何本も立っています。(Ano kōjō ni wa *entotsu* ga nanbon mo tatte imasu.)
¶ঐ কারখানায় অনেকগুলি চিমনি আছে।

¶煙突から煙がたくさん出ています。(*Entotsu* kara kemuri ga takusan dete imasu.)
¶চিমনি থেকে প্রচুর ধোঁয়া বের হচ্ছে।

**erabu** 選ぶ〘動 I〙 **বাছা, বাছাই করা; নির্বাচন করা; পছন্দ করা**

¶好きな飲み物を選んでください。(Suki na nomimono o *erande* kudasai.)
¶পছন্দমতো যে কোনো পানীয় বেছে নিন।

¶田中さんは社長に選ばれました。(Tanaka san wa shachō ni *erabaremashita*.)
¶তানাকা-সান কোম্পানী প্রধান হিসাবে নির্বাচিত হয়েছেন।

**erai** 偉い〘形〙 **মহান, বড়; উচ্চপদস্থ**

①[人物・能力などが優れている]
১) ব্যক্তিত্ব, দক্ষতা ইত্যাদি উচ্চমানের

¶上田博士は偉い学者です。(Ueda hakushi wa *erai* gakusha desu.)
¶ডক্টর উয়েদা একজন বড় বিদ্বান।

¶あの学生は将来偉くなるでしょう。(Ano gakusei wa shōrai *eraku* naru deshō.)
¶ঐ ছাত্র ভবিষ্যতে বড় একজন কেউ হবে আশা করা যায়।

②[地位などが上である]
২) পদমর্যাদা ইত্যাদি উচ্চ

¶会社の偉い人に会いました。(Kaisha no *erai* hito ni aimashita.)
¶কোম্পানীর উচ্চপদস্থ কর্মকর্তার সাথে দেখা করেছি।

¶彼は偉くないのに、いばっています。(Kare wa *eraku* nai noni, ibatte imasu.)
¶সে বড় নয়, অথচ বড়র ভাব দেখায়।

**erebētā** エレベーター〘名〙 **লিফট, এলিভেটর**

¶エレベーターで5階まで行きました。(*Erebētā* de gokai made ikimashita.) — ¶ লিফটে করে পাঁচতলা পর্যন্ত উঠেছি।

¶階段よりエレベーターのほうが楽です。(Kaidan yori *erebētā* no hō ga raku desu.) — ¶ সিঁড়ির চেয়ে লিফটই বেশী সুবিধাজনক।

**esukarētā** エスカレーター〘名〙 বৈদ্যুতিক সিঁড়ি, চলন্ত সিঁড়ি, এসক্যালেটর

¶1階から3階までエスカレーターで行きました。(Ikkai kara sangai made *esukarētā* de ikimashita.) — ¶ একতলা থেকে তিনতলা পর্যন্ত বৈদ্যুতিক সিঁড়ি দিয়ে উঠেছি।

# F

**firumu** フィルム〖名〗 — **ফিলম**

¶このカメラにフィルムを入れてください。(Kono kamera ni *firumu* o irete kudasai.)

¶ এই ক্যামেরায় ফিলম পুরে দিন।

¶カラーフィルムで写真を写しました。(Karā-*firumu* de shashin o utsushimashita.)

¶ রঙিন ফিলম দিয়ে ফটো তুলেছি।

**fōku** フォーク〖名〗 — **কাঁটা, কাঁটা-চামচ**

¶ナイフとフォークを買いました。(Naifu to *fōku* o kaimashita.)

¶ ছুরি আর কাঁটা কিনেছি।

¶食事のとき，はしとフォークとどちらを使いますか。(Shokuji no toki, hashi to *fōku* to dochira o tsukaimasu ka?)

¶ খাওয়ার সময় কোন্‌টা ব্যবহার করেন, চপস্টিক না কাঁটা?

**fu-** 不-〖頭〗 — অ-, অন-; দুঃ-, নিঃ-, বি-

不衛生 (*fu*eisei) 不合格 (*fu*gōkaku) 不可能 (*fu*kanō) 不完全 (*fu*kanzen) 不健康 (*fu*kenkō) 不規則 (*fu*kisoku) 不公平 (*fu*kōhei) 不満 (*fu*man) 不都合 (*fu*tsugō) 不運 (*fu*un)

- স্বাস্থ্যহানিকর
- অনুত্তীর্ণ, ফেল
- অসম্ভব
- অসম্পূর্ণ
- স্বাস্থ্যহীন
- অনিয়ম
- পক্ষপাতিত্ব
- অসন্তোষ
- অসুবিধা
- দুর্ভাগ্য

¶この村は，まだ電気も水道もなくてたいへん不便です。(Kono mura wa, mada denki mo suidō mo nakute taihen *fu*ben desu.)

¶ এই গ্রামে এখনও বিদ্যুৎ বা পানি কোনোটাই নেই, তাই খুবই অসুবিধা হয়।

¶あの人は知っているのに，教えてくれませんでした。不親切な人です。(Ano hito wa shitte iru noni, oshiete kuremasen deshita. *Fu*shinsetsu na hito desu.)

¶ তিনি ব্যাপারটা জানা সত্ত্বেও বলে দিলেন না, কী নির্দয় লোক।

＊ 多くの場合，次に来る言葉を反対

* অধিকাংশ ক্ষেত্রে পরবর্তী শব্দকে বিপরীত

の意味にする。

অর্থ প্রদান করে।

**fuan** 不安〖名，形動〗

[বি] **দুশ্চিন্তা, চিন্তা; উদ্বেগ, উৎকণ্ঠা**

¶試験に合格するかどうか不安です。(Shiken ni gōkaku suru ka dō ka *fuan* desu.)

¶পরীক্ষায় পাশ করব কি না এই ভেবে দুশ্চিন্তাগ্রস্ত আছি।

¶入試の結果がわかるまで不安な気持ちです。(Nyūshi no kekka ga wakaru made *fuan* na kimochi desu.)

¶ভর্তি পরীক্ষার ফল না পাওয়া পর্যন্ত চিন্তায় আছি।

**fuben** 不便〖名，形動〗

[বি] **অসুবিধা**. [ণ] **অসুবিধাজনক**

¶わたしの家は，駅から遠くて不便です。(Watashi no ie wa, eki kara tookute *fuben* desu.)

¶আমার বাড়ীটা স্টেশন থেকে দূরে বলে অসুবিধা হয়।

¶この辺は，店がなくて買い物に不便な所です。(Kono hen wa, mise ga nakute kaimono ni *fuben* na tokoro desu.)

¶এই এলাকায় দোকান না থাকায় কেনাকাটার অসুবিধা হয়।

⇔**benri** 便利

**fuda** 札〖名〗

**কার্ড; টোকেন; ট্যাগ; কবচ, তাবিজ, মাদুলি**

①[文字などを書いて何かにつけたり何かの印としたりする小さな紙や板など]

১) কোনো কিছু লিখিত চিরকুট বা পাতলা কাঠ যা অন্য কিছুতে লাগানো হয় বা নির্দিষ্ট চিহ্ন হিসাবে ব্যবহার করা হয়।

名札 (na*fuda*)　荷札 (ni*fuda*)

● নামের কার্ড　● ট্যাগ

¶受付で番号札を受け取ってください。(Uketsuke de bangō*fuda* o uketotte kudasai.)

¶অভ্যর্থনাকেন্দ্র থেকে টোকেন নিয়ে নিন।

②[災難などを受けないようにと神社や寺などが出してくれるもの，お守り]

২) বিপদাপদ ইত্যাদি এড়ানোর জন্য শিনতোমন্দির, বৌদ্ধমন্দির ইত্যাদি থেকে দেওয়া বস্তু, রক্ষা-কবচ, তাবিজ

¶神社で交通安全のお札をもらってきました。(Jinja de kōtsū-anzen no o*fuda* o moratte kimashita.)

¶চলাচলে নিরাপত্তার জন্য *শিনতোমন্দির* থেকে মাদুলি নিয়ে এসেছি।

**fudan** ふだん〖名〗

[ক্রি-ণ] **সাধারণতঃ; নিয়মমাফিক**. [ণ] **প্রাত্যহিক**

ふだん着 (*fudan*gi)

● প্রাত্যহিক পোশাক

¶今朝は，ふだんより1時間早く起き

¶আজ সকালে রোজকার চেয়ে এক ঘন্টা

ました。 (Kesa wa, *fudan* yori ichijikan hayaku okimashita.)
আগে উঠেছি।

¶ふだん勉強しないと，試験のときに困りますよ。(*Fudan* benkyō shinai to, shiken no toki ni komarimasu yo.)
¶ নিয়মমাফিক পড়াশোনা না করলে পরীক্ষার সময় অসুবিধা হবে কিন্তু।

**fude** 筆〘名〙
তুলি, ব্রাশ

¶筆で名前を書いてください。 (*Fude* de namae o kaite kudasai.)
¶ তুলি দিয়ে নাম লিখুন।

¶あしたは，すみと筆を持って来てください。(Ashita wa, sumi to *fude* o motte kite kudasai.)
¶ আগামীকাল *সুমি* ও *ফুদে* নিয়ে আসবেন।
† *সুমি* হচ্ছে *ফুদের* সঙ্গে ব্যবহৃত কালিবিশেষ।

**fueru** 増える〘動 II〙
বাড়া, বৃদ্ধি পাওয়া

¶体重が５キロ増えました。(Taijū ga gokiro *fuemashita.*)
¶ শরীরের ওজন পাঁচ কিলো বেড়েছে।

¶このごろ，交通事故が増えています。(Konogoro, kōtsū-jiko ga *fuete* imasu.)
¶ আজকাল সড়ক দুর্ঘটনা বেড়ে চলেছে।

⇔heru 減る ⇨zōka 増加, masu 増す

**fūfu** 夫婦〘名〙
স্বামী-স্ত্রী, দম্পতি

夫婦げんか (*fūfu*-genka)
• দাম্পত্য কলহ

新婚夫婦 (shinkon-*fūfu*)
• নব দম্পতি

¶あの二人は結婚して夫婦になりました。 (Ano futari wa kekkon shite *fūfu* ni narimashita.)
¶ তাঁরা দুজন বিয়ে করে এখন দাম্পত্যজীবন শুরু করেছেন।

¶夫婦そろって旅行しました。 (*Fūfu* sorotte ryokō shimashita.)
¶ স্বামী-স্ত্রীতে মিলে একসাথে ভ্রমণ করেছি।

**fujin** 婦人〘名〙
মহিলা, ভদ্রমহিলা, নারী

婦人服 (*fujin*fuku)
• মহিলাদের জামা কাপড়

婦人ぐつ (*fujin*gutsu)
• মহিলাদের জুতা

婦人物 (*fujin*mono)
• মহিলাদের ব্যবহারের জিনিসপত্র

婦人用 (*fujinyō*)
• মহিলাদের জন্য

¶婦人問題の研究をしています。(*Fujin*-mondai no kenkyū o shite
¶ নারী-সমস্যা নিয়ে গবেষণা করছি।

imasu.)

**fujin** 夫人〘名〙

স্ত্রী, পত্নী; শ্রীমতী, বেগম (rM), মিসেস

首相夫人 (shushō *fujin*)

● প্রধানমন্ত্রীর পত্নী

¶山田夫人と田中夫人が委員に選ばれました。(Yamada *fujin* to Tanaka *fujin* ga iin ni erabaremashita.)

¶ মিসেস ইয়ামাদা এবং মিসেস তানাকা নির্বাহী সদস্যা হিসাবে নির্বাচিত হয়েছেন।

**fukai** 深い〘形〙

গভীর; গহীন; নিবিড়; ঘন

①[表面から底までの距離が長い]

১) উপরিভাগ থেকে তলদেশ পর্যন্ত দূরত্ব বেশী

深い海 (*fukai* umi) 深い井戸 (*fukai* ido)

● গভীর সমুদ্র

● গভীর কূপ

¶日本の周りの海でいちばん深い所はどこですか。(Nihon no mawari no umi de ichiban *fukai* tokoro wa doko desu ka?)

¶ জাপানের চারদিকের সমুদ্রের কোন অংশটি সবচেয়ে বেশী গভীর?

¶深い所では泳がないでください。(*Fukai* tokoro de wa oyoganaide kudasai.)

¶ গভীর এলাকায়

↔asai 浅い

②[入り口から奥までの距離が長い]

২) প্রবেশ-মুখ থেকে ভিতর পর্যন্ত দূরত্ব বেশী

山が深い (yama ga *fukai*)

● পাহাড়ের গভীর অঞ্চল

¶一匹のしかが深い森の中に住んでいました。(Ippiki no shika ga *fukai* mori no naka ni sunde imashita.)

¶ গহীন বনে একটি হরিণ বাস করত।

③[学問や知識などがじゅうぶんにある様子]

৩) পাণ্ডিত্য, জ্ঞান ইত্যাদি যথেষ্ট পরিমাণে থাকা এমন

¶彼はこの問題について深い知識を持っています。(Kare wa kono mondai ni tsuite *fukai* chishiki o motte imasu.)

¶ সে এই বিষয় সম্বন্ধে গভীর জ্ঞান রাখে।

④[霧などが濃い]

৪) কুয়াশা ইত্যাদি গাঢ়

深い霧 (*fukai* kiri)

● ঘন কুয়াশা

⑤[程度などが大きい]

৫) মাত্রা ইত্যাদি উঁচু

注意深い (chūi*bukai*) 遠慮深い (enryo*bukai*) 用心深い (yōjin*bukai*)

● খুব সাবধানী ● খুব বিনয়ী

● খুব সতর্ক

¶御親切を深く感謝します。(Goshinsetsu o *fukaku* kansha shimasu.)

¶ আপনার অনুগ্রহের জন্য গভীরভাবে কৃতজ্ঞতা জানাচ্ছি।

**fukasa** 深さ〘名〙

গভীরতা

¶この湖の深さは200メートルあります。(Kono mizuumi no *fukasa* wa nihyakumētoru arimasu.)

¶ এই হ্রদের গভীরতা ২০০ মিটার।

⇨**-sa** -さ

**fukin** 付近〘名〙

কাছাকাছি এলাকা; আশপাশ, নিকট, কাছ

¶この付近に病院がありますか。(Kono *fukin* ni byōin ga arimasu ka?)

¶ এই কাছাকাছি এলাকায় কোনো হাসপাতাল আছে কি?

¶駅の付近には店がたくさんあります。(Eki no *fukin* ni wa mise ga takusan arimasu.)

¶ স্টেশনের কাছাকাছি এলাকায় অনেক দোকান আছে।

⇨**chikaku** 近く

**fukō** 不幸〘名, 形動〙

[বি] দুর্ভাগ্য, দুর্গতি; দুঃখ, অসুখ

不幸な一生 (*fukō* na isshō)

● অসুখী জীবন

¶彼は不幸にも交通事故に遭って, ひどいけがをしました。(Kare wa *fukō* ni mo kōtsū-jiko ni atte, hidoi kega o shimashita.)

¶ দুর্ভাগ্যবশতঃ সে সড়ক দুর্ঘটনার শিকার হয়ে ভীষণভাবে আহত হয়েছে।

⇔ **kōfuku** 幸福

**fuku** 服〘名〙

জামা, কাপড়, পোশাক

婦人服 (fujin*fuku*) 子供服 (kodomo*fuku*) 和服 (wa*fuku*) 洋服 (yō*fuku*)

● মহিলাদের জামা-কাপড় ● শিশুদের জামা-কাপড় ● জাপানী পোশাক, *কিমোনো* ● পাশ্চাত্য পোশাক

¶母が新しい服を作ってくれました。(Haha ga atarashii *fuku* o tsukutte kuremashita.)

¶ মা নতুন জামা বানিয়ে দিয়েছেন।

¶冬の服をクリーニングに出しました。(Fuyu no *fuku* o kuriiningu ni dashimashita.)

¶ শীতের কাপড়-চোপড় লন্ড্রীতে ধুতে দিয়েছি।

**fuku-** 副-〘頭〙

উপ-, সহ-, ভাইস-

副大統領 (*fuku*-daitōryō) 副社長

● উপ-রাষ্ট্রপতি ● কোম্পানী উপ-প্রধান

(*fuku*-shachō) 副読本 (*fuku*-dokuhon)
●সহায়ক পুস্তক

**fuku** 吹く〔動Ｉ〕
**বহা, বয়ে যাওয়া; ফুঁ দেওয়া; বাজানো**

①[風などが動いて通りすぎる]
১) বায়ু ইত্যাদি প্রবাহিত হওয়া

¶昨日は一日じゅう強い風が吹いていました。(Kinō wa ichinichijū tsuyoi kaze ga *fuite* imashita.)
¶ গতকাল সারাদিন যাবৎ প্রবল বাতাস বইছিল।

②[口から息を勢いよく出す]
২) মুখ দিয়ে সবেগে বাতাস বের করা

¶ろうそくの火を吹いて消しました。(Rōsoku no hi o *fuite* keshimashita.)
¶ মোমবাতির শিখা ফুঁ দিয়ে নিভিয়েছি।

③[息で楽器などを鳴らす]
৩) দম দিয়ে বাদ্যযন্ত্র ইত্যাদি ধ্বনিত করা

ハーモニカを吹く (hāmonika o *fuku*)
●হারমোনিকা বাজানো

トランペットを吹く (toranpetto o *fuku*)
●ট্রাম্পেট বাজানো

**fuku** ふく〔動Ｉ〕
**মুছা**

ハンカチで汗をふきました。(Hankachi de ase o *fukimashita*.)
¶ রুমাল দিয়ে ঘাম মুছেছি।

¶机の上が汚れているから，ふいてください。(Tsukue no ue ga yogorete iru kara, *fuite* kudasai.)
¶ টেবিলের উপরটা ময়লা হয়ে আছে, একটু মুছে দিন।

**fukumeru** 含める〔動II〕
**অন্তর্ভুক্ত করা; নেওয়া**

¶お客は子供を含めて 15 人です。(Okyaku wa kodomo o *fukumete* jūgonin desu.)
¶ অতিথি-সংখ্যা বাচ্চাদের নিয়ে পনেরো জন।

¶税金も含めて月給はいくらですか。(Zeikin mo *fukumete* gekkyū wa ikura desu ka?)
¶ কর নিয়ে মাসিক বেতন কত?

**fukumu** 含む〔動Ｉ〕
**মধ্যে থাকা; মিশ্রিত থাকা; অন্তর্ভুক্ত হওয়া**

¶海の水は塩分を含んでいます。(Umi no mizu wa enbun o *fukunde* imasu.)
¶ সমুদ্রের পানিতে লবণ মিশ্রিত আছে।

¶このソースには何が含まれていますか。(Kono sōsu ni wa nani ga
¶ এই সসের মধ্যে কি কি আছে?

*fukumarete* imasu ka?)

**fukuramu** ふくらむ〔動Ⅰ〕

**ফুলা, ফুলে উঠা; পুষ্ট হওয়া**

風船がふくらむ (fūsen ga *fukuramu*)

● বেলুন ফুলে উঠা

¶春になって，木の芽がふくらんできました。(Haru ni natte, ki no me ga *fukurande* kimashita.)

¶ বসন্ত আসায় গাছের অঙ্কুর পুষ্ট হয়ে উঠেছে।

**fukureru** ふくれる〔動Ⅱ〕

**ফুলা, ফুলে উঠা**

¶ビールをたくさん飲んだので，おなかがふくれました。(Biiru o takusan nonda node, onaka ga *fukuremashita.*)

¶ বিয়ার অনেক খেয়েছি, তাই পেট ফুলে উঠেছে।

**(-) fukuro** (-)袋〔名，尾〕

**1**〔名〕

**১ ব্যাগ, প্যাকেট, ঠোঙা, থলি**

ビニール袋 (biniiru-*bukuro*)

● পলিথিন ব্যাগ

紙袋 (kami*bukuro*)

● কাগজের ব্যাগ, ঠোঙা

¶これを袋に入れてください。(Kore o *fukuro* ni irete kudasai.)

¶ এটি ব্যাগে ঢুকিয়ে দিন।

**2**〔尾〕

২ (ব্যাগে ধৃত বস্তুর পরিমাণবাচক অন্ত্য-প্রত্যয়)

¶お菓子を一袋買いました。(Okashi o hito*fukuro* kaimashita.)

● এক প্যাকেট মিষ্টি কিনেছি।

**fukushū** 復習〔名，～する〕

**পুনরধ্যয়ন, রিভিশন**

¶予習も復習も大切です。(Yoshū mo *fukushū* mo taisetsu desu.)

¶ পড়া তৈরী আর রিভিশন দুই-ই প্রয়োজনীয়।

¶家でよく復習してください。(Ie de yoku *fukushū* shite kudasai.)

¶ বাড়ীতে ভালো করে আবার পড়বেন।

⇔yoshū 予習

**fukusū** 複数〔名〕

**বহুবচন**

¶日本語には，単数と複数の区別はあまりありません。(Nihongo ni wa, tansū to *fukusū* no kubetsu wa amari arimasen.)

¶ জাপানী ভাষায় একবচনে ও বহুবচনে খুব একটা পার্থক্য নেই।

¶あなたの国の言葉では，複数の形はどう表しますか。(Anata no kuni

¶ আপনার দেশের ভাষায় বহুবচন কিভাবে প্রকাশ করা হয়?

no kotoba de wa, *fukusū* no katachi wa dō arawashimasu ka?)
⇔**tansū 単数**

**fukuzatsu 複雑**〚形動〛
জটিল; কঠিন, দুর্বোধ্য

¶**複雑**な漢字はまだ書けません。(*Fukuzatsu* na kanji wa mada kakemasen.)
টল *কানজি* এখনও লিখতে পারি না।

¶あの人の話は**複雑**で, よくわかりません。(Ano hito no hanashi wa *fukuzatsu* de, yoku wakarimasen.)
¶ তাঁর বক্তব্য জটিল, তাই ভালভাবে বোঝা যায় না।

⇨**kantan 簡単**

**fumu 踏む**〚動 I〛
মাড়ানো, পা দেওয়া, পদদলিত করা

¶花を**踏まない**ように気をつけてください。(Hana o *fumanai* yō ni ki o tsukete kudasai.)
¶ একটু সাবধানে চলুন, ফুলগুলি মাড়াবেন না যেন।

¶電車の中で足を**踏まれました**。(Densha no naka de ashi o *fumaremashita.*)
¶ ট্রেনের মধ্যে কেউ একজন আমার পা মাড়িয়ে দিয়েছে।

**fun -分**〚尾〛
মিনিট

1分 (ip*pun*) 2分 (ni*fun*) 3分 (san*pun*) 4分 (yon*pun*) 5分 (go*fun*) 6分 (rop*pun*) 7分 (nana*fun*) 8分 (hap*pun*) 9分 (kyū*fun*) 10分 (jip*pun*)

- এক মিনিট
- দুই মিনিট
- তিন মিনিট
- চার মিনিট
- পাঁচ মিনিট
- ছয় মিনিট
- সাত মিনিট
- আট মিনিট
- নয় মিনিট
- দশ মিনিট

¶今, 1時15**分**です。(Ima, ichiji jūgo*fun* desu.)
¶ এখন একটা বেজে পনেরো মিনিট।

¶家から駅まで歩いて10**分**です。(Ie kara eki made aruite jip*pun* desu.)
¶ বাড়ী থেকে স্টেশন পর্যন্ত হেঁটে যেতে দশ মিনিট লাগে।

**funabin 船便**〚名〛
সাধারণ ডাক, সারফেস-মেইল

¶これを**船便**でお願いします。(Kore o *funabin* de onegai shimasu.)
¶ এটা সারফেস-মেইলে পাঠিয়ে দিন।

¶**船便**のほうが航空便より安いです。(*Funabin* no hō ga kōkūbin yori
¶ এয়ার-মেইলের চেয়ে সারফেস-মেইলেই বেশী সস্তা পড়ে।

yasui desu.)

⇨kōkūbin 航空便

**fune** 船〘名〙 — জলযান; জাহাজ, স্টীমার; লঞ্চ; নৌকা

船で旅行する (*fune* de ryokō suru) — ●জাহাজে ভ্রমণ করা

¶大きな船が港に着きました。 (Ookina *fune* ga minato ni tsukimashita.) — ¶বড় একটা জাহাজ বন্দরে পৌঁছেছে।

**fureru** 触れる〘動II〙 — স্পর্শ করা, ছুঁয়া; উল্লেখ করা

①[さわる] — ●স্পর্শ করা

¶この作品に手を触れないでください。 (Kono sakuhin ni te o *furenaide* kudasai.) — ¶এই শিল্পকর্মে হাত দেবেন না।

②[ついでに問題にする, 言及する] — ২) প্রসঙ্গক্রমে কোনো সমস্যা উত্থাপন করা

¶ পিপাসায় গলা শুকিয়ে গিয়েছে, এক গ্লাস পানি দিন।

**kawari** 代わり〘名〙 **বদল, বদলি, পরিবর্ত**

¶父の代わりにわたしが来ました。(Chichi no *kawari* ni watashi ga kimashita.)
¶ বাবার বদলে আমি এসেছি।

¶上田先生が病気なので，代わりに山田先生が教えてくださいました。(Ueda sensei ga byōki na node, *kawari* ni Yamada sensei ga oshiete kudasaimashita.)

¶ উয়েদা স্যার অসুস্থ বলে তাঁর পরিবর্তে ইয়ামাদা স্যার পড়িয়েছেন।

**kawari** **替わり**〘名〙

**বদল .[ণ] আরেক ; আরও**

¶あまりおいしかったので，コーヒーのお替わりをしました。(Amari oishikatta node, kōhii no o*kawari* o shimashita.)

¶ খেতে খুব মজা লেগেছিল, তাই আরেক কাপ কফি নিয়েছি।

¶御飯のお替わりはいかがですか。(Gohan no o*kawari* wa ikaga desu ka ?)

¶ ভাত আরেকটু দেব কি?

**kawaru** **代わる**〘動 I〙

**বদল হওয়া, বিকল্প হওয়া; পরিবর্তন হওয়া**

¶これからのエネルギーは，石油に代わって原子力になるでしょう。(Kore kara no enerugii wa, sekiyu ni *kawatte* genshiryoku ni naru deshō.)

¶ বোধ হয় এরপরের জ্বালানি হবে খনিজ তেলের স্থলে আণবিক শক্তি।

＊ 別の人や物が，その役割をする場合に使う。

＊ অন্য কোনো ব্যক্তি বা বস্তু বিকল্প হিসাবে আসার ক্ষেত্রে ব্যবহৃত।

**kawaru** **替わる**〘動 I〙

**বদল হওয়া, পরিবর্তন হওয়া**

¶最近，あの会社は経営者が替わりました。(Saikin, ano kaisha wa keieisha ga *kawarimashita.*)

¶ ইদানীং ঐ কোম্পানীর মালিক বদল হয়েছে।

＊ ある地位や役割を占めていた人がほかの人と交替する場合に使う。

＊ কোনো পদে বা ভূমিকায় পূর্ব-নিয়োজিত ব্যক্তি অন্য-ব্যক্তি কর্তৃক প্রতিস্থাপিত হওয়ার ক্ষেত্রে ব্যবহৃত।

**kawaru** **変わる**〘動 I〙

**বদল হওয়া, পরিবর্তন হওয়া**

¶信号が赤から青に変わりました。(Shingō ga aka kara ao ni *kawarimashita.*)

¶ সিগন্যাল বাতি লাল থেকে সবুজ হয়ে গিয়েছে।

¶このごろのお天気は変わりやすいです。(Konogoro no otenki wa *kawari-yasui* desu.)

¶ আজকাল আবহাওয়া বেশ পরিবর্তনশীল।

＊ 前の状態とは違った状態になる場合に使う。

＊ পূর্বাবস্থা থেকে ভিন্নাবস্থায় পরিণত হওয়ার ক্ষেত্রে ব্যবহৃত।

**kawase** 為替〖名〗 মানি-অর্ডার; মুদ্রা-বিনিময়

¶お金を為替にして送りました。(Okane o *kawase* ni shite okurimashita.)

¶টাকা মানি-অর্ডার করে পাঠিয়েছি।

**kayō(bi)** 火曜(日)〖名〗 মঙ্গলবার

**kayou** 通う〖動 I〗 যাওয়া-আসা করা; বুঝাবুঝি হওয়া

①[何度も同じ所を通る]

১) বারবার একই স্থান দিয়ে যাতায়াত করা

¶わたしは自転車で学校に通っています。(Watashi wa jitensha de gakkō ni *kayotte* imasu.)

¶আমি সাইকেলে করে স্কুলে যাওয়া-আসা করি।

¶わたしの生まれた所は，バスも通わないほどの田舎です。(Watashi no umareta tokoro wa, basu mo *kayowanai* hodo no inaka desu.)

¶আমার জন্মস্থান এমনই অজ পাড়াগাঁয়ে যে সেখানে বাস পর্যন্ত চলাচল করে না।

②[心が通じる]

২) ভাবের আদান-প্রদান হওয়া

¶お互いの心が通い合っていなければ，いっしょに生活できません。(Otagai no kokoro ga *kayoi*atte inakereba, issho ni seikatsu dekimasen.)

¶একে অপরের মন না বুঝলে একসাথে থাকা সম্ভব নয়।

**kayui** かゆい〖形〗 [ক্রি] চুলকানো

¶虫に刺された所がかゆいので，薬をつけました。(Mushi ni sasareta tokoro ga *kayui* node, kusuri o tsukemashita.)

¶যে জায়গায় পোকা কামড় দিয়েছে সেখানটায় চুলকাচ্ছে, তাই ওষুধ লাগিয়েছি।

¶夏は汗をかくので，体がかゆくなります。(Natsu wa ase o kaku node, karada ga *kayuku* narimasu.)

¶গরমকালে ঘাম বের হয় বলে শরীর খুব চুলকায়।

**kazan** 火山〖名〗 আগ্নেয়গিরি

¶日本には火山がたくさんあります。(Nihon ni wa *kazan* ga takusan arimasu.)

¶জাপানে অনেক আগ্নেয়গিরি আছে।

**kazari** 飾り〖名〗 অলঙ্কার, গহনা; সাজ, ভূষণ

首飾り (kubi*kazari*)
●গলার হার, নেকলেস

¶町はお祭りのための**飾り**でいっぱいです。(Machi wa omatsuri no tame no *kazari* de ippai desu.)
¶শহরটা উৎসবের সাজে পুরাপুরি সজ্জিত হয়ে আছে।

**kazaru** **飾る**〔動 I〕
**সাজানো, সজ্জিত করা, অলঙ্কৃত করা**

¶客が来るので、部屋に花を**飾りました**。(Kyaku ga kuru node, heya ni hana o *kazarimashita.*)
¶ অতিথি আসছেন, তাই ঘরে ফুল সাজিয়েছি।

¶部屋をきれいに**飾って**、ダンス・パーティーをしました。(Heya o kirei ni *kazatte,* dansu-pātii o shimashita.)
¶ বাড়ীঘর সুন্দর করে সাজিয়ে ডান্স পার্টির আয়োজন করেছিলাম।

**kaze** **風**〔名〕
**বাতাস, বায়ু, হাওয়া**

**風**が吹く (*kaze* ga fuku)
●বাতাস বয়ে যাওয়া

**風**がやむ (*kaze* ga yamu)
●বাতাস থেমে যাওয়া

¶午前中は**風**が強かったが、午後からは弱くなりました。(Gozenchū wa *kaze* ga tsuyokatta ga, gogo kara wa yowaku narimashita.)
¶ সকালবেলায় বাতাস প্রবল ছিল কিন্তু বিকাল থেকে তা কমে এসেছে।

**kaze** **風邪**〔名〕
**সর্দিজ্বর; সর্দিকাশি; সর্দি; ঠাণ্ডা**

**風邪**薬 (*kaze*gusuri)
●সর্দিকাশির ওষুধ

¶ゆうべ寒かったので、**風邪**を引いてしまいました。(Yūbe samukatta node, *kaze* o hiite shimaimashita.)
¶ গতরাতে শীত পড়েছিল তাই ঠাণ্ডা লেগে গিয়েছে।

**kazoeru** **数える**〔動 II〕
**গণনা করা, গণা**

数を**数える** (kazu o *kazoeru*)
●সংখ্যা গণনা করা

¶日本語で1から10まで**数えて**ください。(Nihongo de ichi kara jū made *kazoete* kudasai.)
¶ জাপানীতে ১ থেকে ১০ পর্যন্ত গণনা কর।

¶本は1冊，2冊と**数えます**。(Hon wa issatsu, nisatsu to *kazoemasu.*)
¶ বইয়ের ক্ষেত্রে *ইস্‌সাৎসু* (১টি), *নিসাৎসু* (২টি) —এভাবে গণনা করা হয়।

**kazoku** **家族**〔名〕
**পরিবার; বাড়ীর সদস্য**

**家族**制度 (*kazoku*-seido)
●পরিবার প্রথা

大**家族** (dai*kazoku*)
●একান্নবর্তী পরিবার, যৌথ পরিবার

核**家族** (kaku*kazoku*)
●পৃথক পরিবার, একক পরিবার

¶御家族の皆さんはお元気ですか。(Go*kazoku* no minasan wa ogenki desu ka?)
¶আপনার বাড়ীর সবাই কেমন আছেন?

¶夏休みには家族そろって旅行するつもりです。 (Natsuyasumi ni wa *kazoku* sorotte ryokō suru tsumori desu.)
¶গ্রীষ্মের ছুটিতে পরিবারের সবাই মিলে ভ্রমণে যাওয়ার ইচ্ছা আছে।

**kazu** 数〖名〗 সংখ্যা; অঙ্ক, রাশি

数を数える (*kazu* o kazoeru)
●সংখ্যা গণনা করা

¶自動車の数が年ごとに増えています。(Jidōsha no *kazu* ga toshigoto ni fuete imasu.)
¶গাড়ীর সংখ্যা প্রতিবছরই বাড়ছে।

¶数多くの人がその意見に賛成しています。(*Kazu* ooku no hito ga sono iken ni sansei shite imasu.)
¶বহুসংখ্যক লোক ঐ মতে সমর্থন দিচ্ছে।

**ke** 毛〖名〗 চুল, কেশ; পশম, লোম, রোম

①[動物の体や頭などに生える細かい糸のような物]
১) প্রাণীর অঙ্গ-প্রত্যঙ্গে, মস্তকাদিতে গজানো সূক্ষ্ম সুতার ন্যায় বস্তু

髪の毛 (kamino*ke*) 毛が生える (*ke* ga haeru) 毛が抜ける (*ke* ga nukeru) 毛深い (*ke*bukai)
●চুল ●চুল গজানো; লোম গজানো
●চুল পড়া; লোম পড়া
●ঘন লোম

¶このブラシは豚の毛でできています。(Kono burashi wa buta no *ke* de dekite imasu.)
¶এই ব্রাশ শূকরের লোম দিয়ে তৈরী।

②[織物などの原料としての羊毛，またそれで作ったもの]
২) বস্ত্রাদির মৌল উপাদান হিসাবে ব্যবহৃত মেষ প্রভৃতির রোমরাজী বা তা থেকে তৈরী বস্ত্র

毛織物 (*ke*orimono) 毛糸 (*ke*ito)
●পশমী কাপড়, উলেন কাপড় ●উল

¶毛のシャツはとても暖かいです。(*Ke* no shatsu wa totemo atatakai desu.)
¶উলের কাপড় বেশ গরম।

**kechi** けち〖形動〗 কৃপণ, কিপটে, কঞ্জুস, ব্যয়কুণ্ঠ

¶あの人はけちだから，お金を貸してくれないと思います。(Ano hito wa *kechi* da kara, okane o kashite
¶ও তো কৃপণ, তাই টাকা ধার দেবে না মনে হয়।

kurenai to omoimasu.)

¶人間は，お金がたまるとますますけちになると言われています。(Ningen wa, okane ga tamaru to masumasu *kechi* ni naru to iwarete imasu.)

¶ কথায় বলে, টাকাপয়সা হলে মানুষ আরও কৃপণ হয়ে যায়।

**kega** けが〖名，～する〗 — আঘাত, চোট, ব্যথা, জখম

けが人 (*kega*nin) •আহত লোক

大けが (oo*kega*) •গুরুতর আঘাত

¶転んで足にけがをしました。(Koronde ashi ni *kega* o shimashita.)

¶ পড়ে গিয়ে পায়ে চোট পেয়েছি।

¶彼はけがが原因で死にました。(Kare wa *kega* ga gen'in de shinimashita.)

¶ সে আঘাতজনিত কারণে মারা গিয়েছে।

**-kei** -系〖尾〗 — (বর্গ, মণ্ডল বা প্রণালী প্রকাশক অন্ত্য-প্রত্যয়)

文科系 (bunka*kei*) •মানবিক শাখা

理科系 (rika*kei*) •বিজ্ঞান শাখা

太陽系 (taiyō*kei*) •সৌরমণ্ডল

日系人 (nik*kei*-jin) •জাপানী বংশোদ্ভূত ব্যক্তি

**keiei** 経営〖名，～する〗 — মালিকানা; পরিচালনা; ব্যবস্থাপনা; প্রশাসন

経営者 (*keiei*sha) •মালিক; ব্যবস্থাপক

個人経営 (kojin-*keiei*) •ব্যক্তি-মালিকানা

多角経営 (takaku*keiei*) •বহুমুখী শিল্পোদ্যোগ

経営学 (*keiei*gaku) •ব্যবসা ব্যবস্থাপনা বিজ্ঞান

¶この町には中国人経営のレストランが3軒あります。(Kono machi ni wa Chūgokujin *keiei* no resutoran ga sangen arimasu.)

¶ এই শহরে চীনা মালিকানার তিনটা রেস্তোরাঁ আছে।

¶上田さんはホテルを経営しています。(Ueda san wa hoteru o *keiei* shite imasu.)

¶ উয়েদা-সান হোটেল চালাচ্ছেন।

**keikaku** 計画〖名，～する〗 — পরিকল্পনা, কর্মসূচী, প্ল্যান

計画経済 (*keikaku*-keizai) •পরিকল্পিত অর্থনীতি

計画者 (*keikaku*sha) •পরিকল্পনাকারী, পরিকল্পক

都市計画 (toshi-*keikaku*) •নগর পরিকল্পনা

¶政府は経済5か年計画を立てました。

¶ সরকার পঞ্চবার্ষিক অর্থনৈতিক পরিকল্পনা

(Seifu wa keizai gokanen *keikaku* o tatemashita.) — তৈরী করেছে।

¶研究は計画どおりに進んでいます。(Kenkyū wa *keikaku* doori ni susunde imasu.) — ¶ পরিকল্পনা অনুযায়ী গবেষণা এগিয়ে চলেছে।

¶この犯罪は計画的に行われたようですね。(Kono hanzai wa *keikaku*teki ni okonawareta yō desu ne.) — ¶ এই অপরাধ তো পূর্বপরিকল্পিতভাবে করা মনে হচ্ছে।

**keikan** 警官〔名〕 — **পুলিশ**

婦人警官 (fujin-*keikan*) — ● মহিলা পুলিশ

警官隊 (*keikan*tai) — ● পুলিশ বাহিনী

¶どろぼうは警官に捕まりました。(Dorobō wa *keikan* ni tsukamarimashita.) — ¶ চোর পুলিশের হাতে ধরা পড়েছে।

¶道がわからないときは警官に尋ねます。(Michi ga wakaranai toki wa *keikan* ni tazunemasu.) — ¶ রাস্তা চিনতে না পারলে পুলিশকে জিজ্ঞাসা করে থাকি।

⇨omawarisan お巡りさん

**keiken** 経験〔名，～する〕

経験がある (*keiken* ga aru) — ● অভিজ্ঞতা থাকা, অভিজ্ঞ

経験がない (*keiken* ga nai) — ● অভিজ্ঞতা না থাকা, অনভিজ্ঞ

経験が深い (*keiken* ga fukai) — ● দীর্ঘ অভিজ্ঞতা

経験を積む (*keiken* o tsumu) — ● অভিজ্ঞতা বাড়ানো

¶わたしはまだ日本で生活した経験はありません。(Watashi wa mada Nihon de seikatsu shita *keiken* wa arimasen.) — ¶ আমার এখনও জাপানে থাকার কোনো অভিজ্ঞতা হয়নি।

¶わたしは外国に行った時，言葉がわからなくてつらい経験をしました。(Watashi wa gaikoku ni itta toki, kotoba ga wakaranakute tsurai *keiken* o shimashita.) — ¶ যখন আমি বিদেশে গিয়েছিলাম, তখন ভাষা না জানার দরুন আমার তিক্ত অভিজ্ঞতা হয়েছিল।

**keikō** 傾向〔名〕 — **প্রবণতা; ঝোঁক, প্রবৃত্তি**

¶都市の人口は次第に増える傾向にあ — ¶ শহরের জনসংখ্যা ক্রমশঃ বাড়ার প্রবণতা

ります。(Toshi no jinkō wa shidai ni fueru *keikō* ni arimasu.)

দেখা যাচ্ছে।

¶あの人は何でも大げさに言う傾向があります。(Ano hito wa nan demo oogesa ni iu *keikō* ga arimasu.)

¶ তাঁর সবকিছুকেই বাড়িয়ে বলার প্রবণতা আছে।

**keikōtō** けい光燈〘名〙

টিউব লাইট

¶最近では，どの家庭でもけい光燈を使っています。(Saikin de wa, dono katei demo *keikōtō* o tsukatte imasu.)

¶ আজকাল সব বাড়ীতেই টিউব লাইট ব্যবহার করা হচ্ছে।

**keisan** 計算〘名, する

হিসাব, গণনা

計算が合う (*keisan* ga au) 計算を間違える (*keisan* o machigaeru) 計算が早い (*keisan* ga hayai)

- হিসাব মিলে যাওয়া
- হিসাবে ভুল করা
- হিসাবে চটপটে

¶山田さんはこんな易しい計算もできません。(Yamada san wa konna yasashii *keisan* mo dekimasen.)

¶ ইয়ামাদা-সান এত সহজ হিসাবও করতে পারেন না।

¶一か月の食費がどのくらいになるか計算してください。(Ikkagetsu no shokuhi ga dono kurai ni naru ka *keisan* shite kudasai.)

¶ একমাসের খাওয়া-খরচ কত টাকার মতো লাগবে তা হিসাব করুন।

**keisatsu** 警察〘名〙

পুলিশ

警察官 (*keisatsu*kan) 警察署 (*keisatsu*sho) 警察犬 (*keisatsu*ken)

- পুলিশ অফিসার থানা, পুলিশ স্টেশন
- (পুলিশীকাজে নিয়োজিত) শিকারী কুকুর

¶お金を拾ったので，警察に届けました。(Okane o hirotta node, *keisatsu* ni todokemashita.)

¶ টাকা কুড়িয়ে পাওয়ার পর পুলিশের হাতে তা পৌঁছে দিয়েছি।

**keishiki** 形式〘名〙

রূপ, অবয়ব; আকার; রীতি, প্রণালী, প্রথা

①[ものごとを行うときの一定の型]

১) কার্য-সম্পাদনে অনুসৃত নির্দিষ্ট প্রণালী

¶この小説は手紙の形式で書かれています。(Kono shōsetsu wa tegami no *keishiki* de kakarete imasu.)

¶ এই উপন্যাসটি পত্র-রীতিতে লেখা হয়েছে।

②[ものごとの内容の伴わない表面的なあり方]

২) কোনো বিষয়ের তাৎপর্যরহিত বাহ্যিক গঠন

形式的 (*keishiki*teki) ●অসার; আনুষ্ঠানিক

¶形式よりも内容が大切です。(*Keishiki* yori mo naiyō ga taisetsu desu.) ¶বাহ্যিক আকারের চেয়ে বিষয়বস্তুই বেশী তাৎপর্যপূর্ণ।

**keito** 毛糸〖名〗 উল

¶毛糸で編んだくつ下は暖かいですね。(*Keito* de anda kutsushita wa atatakai desu ne.) ¶উলে বোনা মোজা বেশ গরম, তাই না।

**keiyaku** 契約〖名, ～する〗 চুক্তি

契約書 (*keiyaku*sho) ●চুক্তিপত্র

契約を結ぶ (*keiyaku* o musubu) ●চুক্তি করা

契約を守る (*keiyaku* o mamoru) ●চুক্তি মানা

契約を破る (*keiyaku* o yaburu) ভঙ্গ করা

¶一か月二万円で家を借りる契約をしました。(Ikkagetsu niman'en de ie o kariru *keiyaku* o shimashita.) ¶মাসে বিশহাজার ইয়েনে বাড়ী ভাড়া নেওয়ার চুক্তি করেছি।

¶来年の3月で契約が切れます。(Rainen no sangatsu de *keiyaku* ga kiremasu.) ¶আগামী বছরের মার্চ মাসে চুক্তির মেয়াদ শেষ হবে।

**keizai** 経済〖名〗 অর্থনীতি

①[社会生活に必要なものを生産したり分配したり消費したりする活動] ১) সমাজ-জীবনে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের উৎপাদন, বন্টন ও ভোগ ইত্যাদির কার্যাবলী

¶第二次大戦後，日本の経済は大きく発展しました。(Dainiji-taisengo, Nihon no *keizai* wa ookiku hatten shimashita.) ¶দ্বিতীয় মহাযুদ্ধের পর জাপানের অর্থনীতি বেশ উন্নতিলাভ করেছে।

②[お金のやりくり，財政状態] ২) অর্থ-ব্যবস্থাপনা, অর্থসম্বন্ধীয় অবস্থা

¶田中さんは今仕事がないので，経済的に苦しいようです。(Tanaka san wa ima shigoto ga nai node, *keizai*teki ni kurushii yō desu.) ¶তানাকা-সানের এখন চাকরি নেই, তাই আর্থিক দিক দিয়ে বেশ কষ্টে আছেন মনে হচ্ছে।

③[お金などがあまりかからないこと] ৩) অর্থের প্রয়োজন তেমন বেশী না হওয়া

¶タクシーよりも電車のほうが経済的です。(Takushii yori mo densha ¶ট্যাক্সির চেয়ে ট্রেনেই খরচ কম।

no hō ga *keizai*teki desu.)

**kekka** 結果〔名〕 — ফল, ফলাফল, রেজাল্ট ; পরিণাম, পরিণতি

¶試験の結果はいつ発表されますか。(Shiken no *kekka* wa itsu happyō saremasu ka?)
¶ পরীক্ষার ফল কবে বের হবে ?

¶長い間努力した結果，ついに実験に成功しました。(Nagai aida doryoku shita *kekka*, tsuini jikken ni seikō shimashita.)
¶ অনেকদিনের পরিশ্রমের ফলে অবশেষে পরীক্ষা-কাজটি সফল হয়েছে।

⇔gen'in 原因

**kekkō** けっこう〔副，形動〕

1 — ১ মোটামুটি ; বেশ ; তুলনামূলকভাবে

¶このカメラは古いが，けっこうよく撮れます。(Kono kamera wa furui ga, *kekkō* yoku toremasu.)
¶ এই ক্যামেরা পুরানো হলেও ফটো মোটামুটি ভালোই তোলা যায়।

2〔形動〕 — ২ সুন্দর, উত্তম ; প্রচুর, পর্যাপ্ত

①[よい，立派だ] — ১) ভালো, চমৎকার

¶けっこうな贈り物をありがとうございました。(*Kekkō* na okurimono o arigatō gozaimashita.)
¶ সুন্দর উপহারটির জন্য অনেক ধন্যবাদ।

②[じゅうぶんだ] — ২) যথেষ্ট

¶「お茶をもう一杯いかがですか。」(Ocha o mō ippai ikaga desu ka?)「もう，けっこうです。」(Mō *kekkō* desu.)
¶ "চা আরেক কাপ হলে কেমন হয় ?" "ধন্যবাদ, অনেক খেয়েছি, আর লাগবে না।"

**kekkon** 結婚〔名，～する〕 — বিয়ে, বিবাহ, শাদী

結婚式 (*kekkon*shiki) 結婚生活 (*ke-kkon*-seikatsu) 結婚届 (*kekkon*-todoke) 国際結婚 (kokusai*kekkon*)
• বিয়ের অনুষ্ঠান • বিবাহিত জীবন • বিয়ে-রেজিস্ট্রেশন, বিয়ের দলিল • আন্তর্জাতিক বিবাহ

¶上田さんは秋子さんに結婚を申し込みました。(Ueda san wa Akiko san ni *kekkon* o mōshikomimashita.)
¶ উয়েদা-সান আকিকো-সানের কাছে বিয়ের প্রস্তাব করেছেন।

¶上田さんと秋子さんは来月結婚します。(Ueda san to Akiko san wa
¶ উয়েদা-সান আর আকিকো-সান আগামী মাসে বিয়ে করছেন।

raigetsu *kekkon* shimasu.)

¶御結婚おめでとうございます。(Go*kekkon* omedetō gozaimasu.)

¶আপনাদের বিয়েতে শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি।

**kekkyoku** 結局〖副〗 অবশেষে, শেষ পর্যন্ত, শেষে

¶いろいろ話し合いましたが，結局いい考えは出てきませんでした。(Iroiro hanashiaimashita ga, *kekkyoku* ii kangae wa dete kimasen deshita.)

¶নানা দিক দিয়ে আলোচনা করা হয়েছে কিন্তু শেষ পর্যন্ত ভালো বুদ্ধি পাওয়া গেল না।

¶このフットボールの試合は，結局Aチームが勝ちました。(Kono futtobōru no shiai wa, *kekkyoku* Ē-chiimu ga kachimashita.)

¶এই ফুটবল খেলায় শেষ পর্যন্ত ক দল জিতেছে।

**kemono** 獣〖名〗 পশু, জানোয়ার, জীবজন্তু

¶あの森にはいろいろな獣がいます。(Ano mori ni wa iroiro na *kemono* ga imasu.)

¶ঐ বনে বিভিন্ন রকম জীবজন্তু আছে।

**kemuri** 煙〖名〗 ধোঁয়া, ধূম, ধূম্র

たばこの煙 (tabako no *kemuri*) ●সিগারেটের ধোঁয়া

¶工場の煙突から煙が出ています。(Kōjō no entotsu kara *kemuri* ga dete imasu.)

¶কারখানার চিমনি থেকে ধোঁয়া বের হচ্ছে।

**ken** 券〖名〗 টিকেট; পাস; কুপন; কার্ড; পত্র

乗車券 (jōsha*ken*) ●(যানবাহনে আরোহণের) টিকেট

定期券 (teiki*ken*) ●মেয়াদী টিকেট, পাস

急行券 (kyūkō*ken*) ●এক্সপ্রেস টিকেট

入場券 (nyūjō*ken*) ●প্রবেশপত্র, পাস, টিকেট

前売り券 (maeuri*ken*) ●অগ্রিম টিকেট

診察券 (shinsatsu*ken*) ●রোগীর পরিচয়পত্র

招待券 (shōtai*ken*) ●আমন্ত্রণপত্র, পাস

割引券 (waribiki*ken*) ●ডিসকাউন্ট টিকেট

食券 (shok*ken*) ●খাওয়ার কুপন

旅券 (ryo*ken*) ●পাসপোর্ট

株券 (kabu*ken*) ●শেয়ারপত্র

¶券を買わなければ入場できません。(*Ken* o kawanakereba nyūjō dekimasen.)

¶টিকেট না কিনলে ভিতরে প্রবেশ করা যাবে না।

¶音楽会の券が2枚ありますから，いっしょに行きませんか。(Ongakkai no

¶সঙ্গীতের আসরের দু'টো টিকেট আছে, একসাথে যাবেন নাকি?

*ken* ga nimai arimasu kara, issho ni ikimasen ka?)

**ken** 県〖名〗

প্রিফেকচার, জেলা, প্রদেশ

広島県 (Hiroshima-*ken*) 県庁 (*ken*-chō) 県知事 (*ken*chiji)

● হিরোশিমা জেলা ● জেলা-প্রশাসন কার্যালয় ● জেলা-প্রশাসক

**-ken** -軒〖尾〗

(বাড়ী ইত্যাদি গণনার অন্ত্য-প্রত্যয়)

1軒 (ik*ken*) 3軒 (san*gen*) 6軒 (rok*ken*) 8軒 (hak*ken*) 何軒 (nan*gen*)

● একটা/-টি ● তিনটা/-টি/-টে ● ছয়টা/-টি ● আটটা/-টি ● কয়টা/-টি

¶川の向こうに家が二，三軒見えます。(Kawa no mukō ni ie ga ni-san*gen* miemasu.)

¶ নদীর ওপারে দু'তিনটা বাড়ী দেখা যাচ্ছে।

**kenbutsu** 見物〖名, ～する〗

(দর্শনীয় স্থানাদি) দেখা, দর্শন; উপভোগ

¶来週，わたしたちは京都見物に行きます。 (Raishū, watashitachi wa Kyōto-*kenbutsu* ni ikimasu.)

¶ আগামী সপ্তাহে আমরা *কিয়োতোর* বিভিন্ন স্থান দেখতে যাব।

¶今晩，歌舞伎を見物するつもりです。(Konban, kabuki o *kenbutsu* suru tsumori desu.)

¶ আজ রাতে *কাবুকি* নাটক দেখতে যাওয়ার ইচ্ছা আছে।

**kenchiku** 建築〖名, ～する〗

(গৃহাদি) নির্মাণ, স্থাপত্য

建築家 (*kenchiku*ka) 建築様式 (*kenchiku*-yōshiki) 建築材料 (*ken-chiku*-zairyō) 建築工事 (*kenchiku*-kōji) 建築技術 (*kenchiku*-gijutsu) 建築学 (*kenchiku*gaku) 木造建築 (mokuzō-*kenchiku*) コンクリート建築 (konkuriito-*kenchiku*)

● স্থপতি ● স্থাপত্য-রীতি ● নির্মাণ উপকরণ ● নির্মাণ কাজ ● নির্মাণ প্রযুক্তি ● স্থাপত্যবিদ্যা ● কাঠের স্থাপত্য ● কংক্রিটের স্থাপত্য

¶古い時代の日本の建築はたいへん美しいです。(Furui jidai no Nihon no *kenchiku* wa taihen utsukushii desu.)

¶ প্রাচীনকালের জাপানী স্থাপত্যশিল্প খুবই সুন্দর।

¶このお寺は百年前に建築されたそうです。(Kono otera wa hyakunen mae ni *kenchiku* sareta sō desu.)

¶ এই বৌদ্ধমন্দিরটি একশো বছর আগে নির্মিত হয়েছে বলে শুনেছি।

**kengaku** **見学**〘名, ～する〙 — (শিক্ষা উপলক্ষ্যে স্থানাদি) দেখা, পরিদর্শন

**見学**旅行 (*kengaku*-ryokō) — ●শিক্ষাসফর, এক্সকারশন

¶学校から工場**見学**に行きました。(Gakkō kara kōjō-*kengaku* ni ikimashita.) — ¶ স্কুল থেকে কারখানা পরিদর্শনে গিয়েছিলাম।

**kenka** **けんか**〘名, ～する〙 — ঝগড়া, বিবাদ, কলহ

兄弟**げんか** (kyōdai-*genka*) — ●ভাইবোনের ঝগড়া

夫婦**げんか** (fūfu-*genka*) — ●দাম্পত্য কলহ

¶子供たちが**けんか**をしています。(Kodomotachi ga *kenka* o shite imasu.) — ¶ বাচ্চারা ঝগড়া করছে।

¶わたしは上田さんと**けんか**してしまいました。(Watashi wa Ueda san to *kenka* shite shimaimashita.) — ¶ উয়েদা-সানের সাথে আমার ঝগড়া হয়ে গিয়েছে।

**kenkō** **健康**〘名, 形動〙 — [বি] স্বাস্থ্য ; শারীরিক অবস্থা

**健康**診断 (*kenkō*-shindan) — ●স্বাস্থ্য পরীক্ষা

**健康**状態 (*kenkō*-jōtai) — ●স্বাস্থ্যগত অবস্থা, শারীরিক অবস্থা

**健康**保険 (*kenkō*-hoken) — ●স্বাস্থ্য বীমা

**健康**を害する (*kenkō* o gaisuru) — ●স্বাস্থ্য খারাপ করা

¶**健康**にじゅうぶん注意してください。(*Kenkō* ni jūbun chūi shite kudasai.) — ¶ স্বাস্থ্যের প্রতি যথেষ্ট লক্ষ্য রাখবেন।

¶たばこの吸いすぎは**健康**に悪いです。(Tabako no suisugi wa *kenkō* ni warui desu.) — ¶ অতিরিক্ত সিগারেট খাওয়া স্বাস্থ্যের জন্য ক্ষতিকর।

¶父はもうすっかり**健康**を回復しました。(Chichi wa mō sukkari *kenkō* o kaifuku shimashita.) — ¶ বাবা এখন পুরাপুরিভাবে সেরে উঠেছেন।

¶**健康**な人なら, 一日 30 キロは歩けますよ。(*Kenkō* na hito nara, ichinichi sanjikkiro wa arukemasu yo.) — ¶ স্বাস্থ্যবান লোক তো দিনে ত্রিশ কিলোমিটার হাঁটতে পারে।

**kenkyū** **研究**〘名, ～する〙 — গবেষণা

**研究**室 (*kenkyū*shitsu) — ●গবেষণাকক্ষ ; অফিসরুম

**研究**所 (*kenkyū*jo) — ●ইনস্টিটিউট

**研究**会 (*kenkyū*kai) — ●আলোচনাচক্র, সেমিনার

研究費 (*kenkyū*hi) ▸ গবেষণা-খরচ

研究活動 (*kenkyū*-katsudō) ▸ গবেষণাকর্ম

¶最近，わたしたちの国でも日本研究が盛んになってきました。(Saikin, watashitachi no kuni de mo Nihon-*kenkyū* ga sakan ni natte kimashita.)

¶ আজকাল আমাদের দেশেও জাপান সম্বন্ধে গবেষণা বেশ বেড়েছে।

¶あなたは日本で何を研究するつもりですか。(Anata wa Nihon de nani o *kenkyū* suru tsumori desu ka?)

¶ আপনি জাপানে কি নিয়ে গবেষণা করার ইচ্ছা রাখেন?

**kenpō** **憲法**〖名〗 **শাসনতন্ত্র, সংবিধান; সাংবিধানিক আইন**

憲法を制定する (*kenpō* o seitei suru) ● সংবিধান তৈরী করা

憲法を改正する (*kenpō* o kaisei suru) ● সংবিধান সংশোধন করা

¶5月3日は日本の憲法記念日です。(Gogatsu mikka wa Nihon no *kenpō*-kinenbi desu.)

¶ তেসরা মে জাপানের শাসনতন্ত্র দিবস।

**kenri** **権利**〖名〗 **অধিকার**

¶第二次大戦後，女性にも男性と同じ権利が与えられました。(Dainiji-taisengo, josei ni mo dansei to onaji *kenri* ga ataeraremashita.)

¶ দ্বিতীয় মহাযুদ্ধের পর নারীকেও পুরুষের সমান অধিকার দেওয়া হয়েছে।

¶国民は教育を受ける権利と義務があります。(Kokumin wa kyōiku o ukeru *kenri* to gimu ga arimasu.)

¶ জনগণের শিক্ষালাভ করার অধিকার ও কর্তব্য আছে।

⇔**gimu 義務**

**kensa** **検査**〖名, ～する〗 **পরীক্ষা, নিরীক্ষা; তল্লাশী, চেক**

検査を受ける (*kensa* o ukeru) ● পরীক্ষা করিয়ে নেওয়া

身体検査 (shintai-*kensa*) ● স্বাস্থ্য পরীক্ষা; দেহ তল্লাশী

¶この機械は検査に合格しています。(Kono kikai wa *kensa* ni gōkaku shite imasu.)

¶ এই মেশিন পরীক্ষিত এবং অনুমোদিত।

¶わたしは空港で荷物を厳しく検査されました。(Watashi wa kūkō de

¶ বিমানবন্দরে আমার মালপত্র কড়াকড়িভাবে চেক করা হয়েছে।

nimotsu o kibishiku *kensa* saremashita.)

**kensetsu** 建設〘名, ～する〙 — নির্মাণ, স্থাপন

建設工事 (*kensetsu*-kōji) ● নির্মাণ কাজ

建設費 (*kensetsu*hi) ● নির্মাণ-খরচ

建設会社 (*kensetsu*-gaisha) ● নির্মাণ কোম্পানী, কনস্ট্রাকশন কোম্পানী

¶政府は高速道路の建設を計画しています。 (Seifu wa kōsoku-dōro no *kensetsu* o keikaku shite imasu.) — ¶ সরকার হাইওয়ে নির্মাণের পরিকল্পনা করছেন।

¶今年じゅうに10万戸の住宅を建設する予定です。(Kotoshijū ni jūman-ko no jūtaku o *kensetsu* suru yotei desu.) — ¶ এ বছরের মধ্যে একলাখ আবাসিক বাড়ী নির্মাণের পরিকল্পনা আছে।

**kenshū** 研修〘名, ～する〙 — প্রশিক্ষণ, ট্রেনিং; শিক্ষা

研修生 (*kenshū*sei) ● শিক্ষানবীস, প্রশিক্ষণার্থী

研修所 (*kenshū*jo) ● প্রশিক্ষণকেন্দ্র

研修期間 (*kenshū*-kikan)

¶あしたから技術研修が始まります。(Ashita kara gijutsu-*kenshū* ga hajimarimasu.) — ¶ আগামীকাল থেকে প্রযুক্তি-প্রশিক্ষণ আরম্ভ হবে।

¶学校を卒業して，すぐ工場で研修するつもりです。(Gakkō o sotsugyō shite, sugu kōjō de *kenshū* suru tsumori desu.) — ¶ স্কুলজীবন শেষ করার পরপরই কারখানায় ট্রেনিং নেওয়ার ইচ্ছা আছে।

**keredomo** けれども〘助〙 — কিন্তু, তবে, অথচ; যদিও...তবুও; যেমন...তেমন

①〔前件から当然予想される結果が後件において成立しないという関係を表す〕 — ১) পূর্বোক্তির স্বাভাবিক ফলস্বরূপ ঘটনা পরোক্তিতে সংঘটিত হয় না—এমন সম্পর্ককে প্রকাশ করে

¶やっと家を建てたのですけれども，また引っ越さなければならなくなりました。 (Yatto ie o tateta no desu *keredomo,* mata hikkosanakereba naranaku narimashita.) — ¶ শেষ পর্যন্ত বাড়ী তৈরী হল বটে, কিন্তু আমাকে অন্যত্র চলে যেতে হচ্ছে।

¶一生懸命勉強したけれども，試験には受かりませんでした。(Isshōken- — ¶ আপ্রাণ চেষ্টা করে পড়াশোনা করেছিলাম কিন্তু পরীক্ষায় উত্তীর্ণ হতে পারলাম না।

mei benkyō shita *keredomo*, shiken ni wa ukarimasen deshita.)

②[前件が後件に対して対比的・対立的な関係にあることを表す]

২) পূর্বোক্তি পরোক্তির বিসদৃশ বা বিপরীত—এমন সম্পর্ককে প্রকাশ করে

¶車を買いたい**けれども**、お金がないので買えません。(Kuruma o kaitai *keredomo*, okane ga nai node kaemasen.)

¶ গাড়ী কিনতে চাই কিন্তু টাকা নেই বলে কিনতে পারছি না।

¶わたしは田中さんを知っています**けれども**、田中さんはわたしを知らないでしょう。(Watashi wa Tanaka san o shitte imasu *keredomo*, Tanaka san wa watashi o shiranai deshō.)

¶ আমি তানাকা-সানকে চিনি, তবে তানাকা-সান বোধ হয় আমাকে চেনেন না।

③[前件が後件に対する前置きなどの関係にあることを表す]

৩) পূর্বোক্তি পরোক্তির মুখবন্ধ—এমন সম্পর্ককে প্রকাশ করে

¶もしもし、上田です**けれども**、田中さんはいらっしゃいますか。(Moshi moshi, Ueda desu *keredomo*, Tanaka san wa irasshaimasu ka?)

¶ হ্যালো, আমি উয়েদা বলছি, তানাকা-সান কি আছেন?

¶すみません**けれど**、上田さんのお宅はどの辺でしょうか。(Sumimasen *keredo*, Ueda san no otaku wa dono hen deshō ka?)

¶ কিছু মনে করবেন না, উয়েদা-সানের বাসাটা কোনদিকে হবে?

¶時計を買いたいのです**けれど**、どこの店で買ったらいいでしょうか。(Tokei o kaitai no desu *keredo*, doko no mise de kattara ii deshō ka?)

¶ ঘড়ি কিনতেই তো চাই, কোন দোকান থেকে কিনলে ভালো হবে?

¶バスで行こうと思いました**けれども**、あまり天気がいいので、歩いていくことにしました。(Basu de ikō to omoimashita *keredomo*, amari tenki ga ii node, aruite iku koto ni shi-

¶ বাসেই তো যাব ভাবছিলাম কিন্তু আবহাওয়া এতই সুন্দর যে হেঁটে যাব বলেই ঠিক করলাম।

mashita.)

④[前件のことがらが後件のことがらに対して共存的な関係にあることを表す]

৪) পূর্বোক্তি এবং পরোক্তির সহাবস্থান—এমন সম্পর্ককে প্রকাশ করে

¶わたしはテレビも欲しいけれど,ラジオもやはり欲しいです。(Watashi wa terebi mo hoshii *keredo,* rajio mo yahari hoshii desu.)

¶ আমি টেলিভিশনও যেমন চাই, আবার তেমনি রেডিও-ও চাই।

¶北海道へも行きたいけれど, 沖縄へも行ってみたいです。(Hokkaidō e mo ikitai *keredo,* Okinawa e mo itte mitai desu.)

¶ *হোক্কাইদোতেও* যেমন যেতে চাই, আবার তেমনি *ওকিনাওয়াতেও* যেতে চাই।

＊「けれど (keredo)」「けども (kedomo)」「けど (kedo)」とも言う。

＊'keredo', 'kedomo অথবা 'kedo' ও বলা হয়।

⇨ga が

**keredomo けれども**〘助〙

**কিন্তু**

①[ものごとをはっきり断定的に言うのを避けて柔らかく言い相手の反応を待つ気持ちを表す]

১) কোনো বিষয় সম্পর্কে সুস্পষ্টভাবে না বলে মৃদুভাবে বলে অপরপক্ষের প্রতিক্রিয়ার জন্য অপেক্ষা করা—এমন মনোভাবকে প্রকাশ করে

¶あなたがどういう意味でおっしゃっているのかわからないんです**けれども**。(Anata ga dōiu imi de osshatte iru no ka wakaranai n desu *keredomo.*)

¶ আপনি কোন অর্থে বলছেন তা কিন্তু ঠিক বুঝতে পারলাম না।

¶あの方のお名前が思い出せないんで**すけれども**。(Ano kata no onamae ga omoidasenai n desu *keredomo.*)

¶ ঐ ভদ্রলোকের নামটা কিন্তু ঠিক মনে পড়ছে না।

②[望ましいことがらの成立を願う気持ちや実現しなかったことがらを回想してそれが成立していればどんなによかったかというような気持ちを表す]

২) আকাঙ্ক্ষিত ঘটনা বাস্তবরূপ লাভ করার জন্য প্রার্থনার মনোভাব প্রকাশ করে। বাস্তবে সংঘটিত হয়নি এমন ঘটনার অনুস্মৃতি করে উক্ত ঘটনা সংঘটিত হলে কত ভালোই না হত—এমন মনোভাবকেও প্রকাশ করে

¶父が生きていたら, 大学へも行けたんで**すけれども**。(Chichi ga ikite itara, daigaku e mo iketa n desu *keredomo.*)

¶ বাবা বেঁচে থাকলে তো ইউনিভার্সিটিতেও পড়তে পারতাম।

¶試験に合格していればいいのですけ**れども**。(Shiken ni gōkaku shite ireba ii no desu *keredomo.*)

¶ পরীক্ষায় পাশ করলে তো ভালোই হত।

＊「けれど (keredo)」「けども (kedomo)」「けど (kedo)」とも言う。

＊ 'keredo', 'kedomo' অথবা 'kedo' ও বলা হয়।

⇨**ga が**

**keredomo けれども**〔接〕

**তবে, অথচ**

¶わたしは田中さんを知っています。**けれども**，田中さんはわたしを知らないでしょう。(Watashi wa Tanaka san o shitte imasu. *Keredomo,* Tanaka san wa watashi o shiranai deshō.)

¶ আমি তানাকা-সানকে চিনি। তবে তানাকা-সান বোধ হয় আমাকে চেনেন না।

¶わたしは大学へ行きたいんです。**けれども**，お金がないんです。(Watashi wa daigaku e ikitai n desu. *Keredomo,* okane ga nai n desu.)

¶ আমি ইউনিভার্সিটিতে পড়তে চাই। কিন্তু টাকা যে নেই।

＊ 前のことがらを受けて，それから予想される結果に合わないことや対比的・対立的なことなどをあとに言うときに使う。「けれど (keredo)」「けども (kedomo)」「けど (kedo)」とも言

＊ পূর্বোক্তির প্রত্যাশিত ফলাফলের সঙ্গে অসঙ্গত, বিসদৃশ বা বিপরীত ঘটনাকে পরোক্তিতে বলার ক্ষেত্রে ব্যবহৃত। 'keredo' 'kedomo' অথবা 'kedo'ও বলা হয়।

⇨**shikashi しかし**

**keru ける**〔動Ｉ〕

**লাথি দেওয়া, লাথি মারা, পদাঘাত করা**

¶ボールを**けって**遊びましょう。(Bōru o *kette* asobimashō.)

¶ বল নিয়ে খেলা যাক।

¶上田さんは馬に**けられて**，けがをしました。(Ueda san wa uma ni *kerarete,* kega o shimashita.)

¶ ঘোড়ার লাথি লেগে উয়েদা-সান আঘাত পেয়েছেন।

**kesa 今朝**〔名〕

**আজ সকাল**

¶わたしは**今朝**6時に起きました。(Watashi wa *kesa* rokuji ni okimashita.)

¶ আমি আজ সকাল ছয়টায় উঠেছি।

**keshigomu** 消しゴム〖名〗 — রবার, ইরেজার

¶間違えた字を消しゴムで消しました。(Machigaeta ji o *keshigomu* de keshimashita.)

¶ অশুদ্ধ অক্ষর রবার দিয়ে মুছে ফেলেছি।

**keshiki** 景色〖名〗 — দৃশ্য

¶北海道には景色のいい所がたくさんあります。(Hokkaidō ni wa *keshiki* no ii tokoro ga takusan arimasu.)

¶ *হোক্কাইদোতে* অনেক সুদৃশ্য স্থান আছে।

¶ここから見る富士山の景色は本当にすばらしいです。(Koko kara miru Fujisan no *keshiki* wa hontō ni subarashii desu.)

¶ এখান থেকে দেখা *ফুজি* পর্বতের দৃশ্য সত্যিই অপূর্ব।

**keshō** 化粧〖名, ～する〗 — প্রসাধন; সাজগোজ, সাজসজ্জা

化粧品 (*keshō*hin) — ● প্রসাধন-সামগ্রী

¶姉は今お化粧をしています。(Ane wa ima o*keshō* o shite imasu.)

¶ আমার বড়বোন এখন সাজগোজ করছেন।

¶あの人は化粧しなくてもきれいです。(Ano hito wa *keshō* shinakute mo kirei desu.)

¶ সাজসজ্জা না করলেও তিনি সুন্দরী।

**kesseki** 欠席〖名, ～する〗 — অনুপস্থিতি, গরহাজিরী, না-থাকা

欠席者 (*kesseki*sha) — ● অনুপস্থিত ব্যক্তি

欠席届 (*kesseki*-todoke) — ● অনুপস্থিতির দরখাস্ত; ছুটির দরখাস্ত

¶試験が終わると、急に欠席者が多くなります。(Shiken ga owaru to, kyū ni *kesseki*sha ga ooku narimasu.)

¶ পরীক্ষা শেষ হলেই হঠাৎ করে অনুপস্থিতদের সংখ্যা বেড়ে যায়।

¶上田さんは病気で今日は欠席です。(Ueda san wa byōki de kyō wa *kesseki* desu.)

¶ অসুস্থতার দরুন উয়েদা-সান আজ অনুপস্থিত আছেন।

¶急用ができましたので、今日の会議は欠席します。(Kyūyō ga dekimashita node, kyō no kaigi wa *kesseki* shimasu.)

¶ জরুরী কাজ পড়ে যাওয়ায় আজকের সভায় অনুপস্থিত থাকব।

⇔**shusseki** 出席

**kesshin** 決心〘名, ～する〙 — মনস্থ, মনস্থির; সঙ্কল্প; সিদ্ধান্ত

¶わたしは今日からたばこをやめる決心をしました。 (Watashi wa kyō kara tabako o yameru *kesshin* o shimashita.)
¶ আমি আজ থেকে সিগারেট ছেড়ে দেব বলে মনস্থির করেছি।

¶行こうかどうしようか、まだ決心がつきません。 (Ikō ka dō shiyō ka, mada *kesshin* ga tsukimasen.)
¶ যাব কি যাব না এখনও ঠিক করতে পারিনি।

**kesshite** 決して〘副〙 — কখনই; কিছুতেই, কোনোমতেই, কোনোক্রমেই

¶御親切は決して忘れません。 (Goshinsetsu wa *kesshite* wasuremasen.)
¶ আপনাদের অনুগ্রহের কথা কখনই ভুলব না।

¶その問題の解決は決して簡単ではありません。 (Sono mondai no kaiketsu wa *kesshite* kantan de wa arimasen.)
¶ ঐ সমস্যার সমাধান কিছুতেই সহজ নয়।

* あとに打ち消しの言葉が来る。
* পরে না-সূচক শব্দ বসে।

**kesu** 消す〘動 I〙 — নিভানো; মুছা; বন্ধ করা; নিশ্চিহ্ন করা

①[明かりや火などをなくす]
১) আলোক, অগ্নি ইত্যাদি নির্বাপণ করা

火を消す (hi o *kesu*)
● আগুন নেভানো

¶ゆうべは電気を消さないで寝てしまいました。 (Yūbe wa denki o *kesanaide* nete shimaimashita.)
¶ গতরাতে বাতি না নিভিয়েই ঘুমিয়ে পড়েছিলাম।

②[スイッチを切って音などをなくす]
২) সুইচ অফ করে আওয়াজ ইত্যাদি বিলোপ করা

ラジオを消す (rajio o *kesu*)
● রেডিও বন্ধ করা

¶見ないときは、テレビを消しなさい。 (Minai toki wa, terebi o *keshinasai.*)
¶ যখন দেখছই না তখন টেলিভিশনটা বন্ধ করে দাও।

③[物の形などを見えなくする]
৩) কোনো বস্তুর আকৃতি ইত্যাদি অদৃশ্য করা

¶黒板の字を消してください。 (Kokuban no ji o *keshite* kudasai.)
¶ ব্ল্যাকবোর্ডের লেখা মুছে ফেলুন।

¶間違ったところを消しゴムで消して書き直しました。 (Machigatta tokoro o keshigomu de *keshite* kakinaoshimashita.)
¶ অশুদ্ধ অংশটা রবার দিয়ে মুছে আবার লিখেছি।

④[姿などが見られなくなる]
¶この動物は昔はたくさんいたんですが，最近はすっかり姿を消してしまいました。(Kono dōbutsu wa mukashi wa takusan ita n desu ga, saikin wa sukkari sugata o *keshite* shimaimashita.)

৪) অস্তিত্ব ইত্যাদি বিলীন হওয়া
¶ প্রাচীনকালে এই প্রাণী অনেক ছিল কিন্তু বর্তমানে তার অস্তিত্ব সম্পূর্ণভাবে নিশ্চিহ্ন হয়ে গিয়েছে।

**ketsuron** **結論**〖名〗
উপসংহার; সিদ্ধান্ত; পরিশেষ

¶何回も話し合いましたが，なかなか結論が出ませんでした。(Nankai mo hanashiaimashita ga, nakanaka *ketsuron* ga demasen deshita.)
¶ অনেকবারই আলোচনা করা হয়েছিল কিন্তু সহজে কোনো সিদ্ধান্তে পৌছা যায়নি।

¶この工事を今年じゅうに完成するのは無理だという結論に達しました。(Kono kōji o kotoshijū ni kansei suru no wa muri da to iu *ketsuron* ni tasshimashita.)
¶ এ সিদ্ধান্তে পৌছানো গিয়েছে যে নির্মাণ কাজটি এ বছরের মধ্যে শেষ করা সম্ভব হবে না।

**kettei** **決定**〖名，～する〗
সিদ্ধান্ত; নির্ধারণ

¶わたしは皆さんの決定に従います。(Watashi wa minasan no *kettei* ni shitagaimasu.)
¶ আমি সকলের সিদ্ধান্তই গ্রহণ করছি।

¶出発の日はもう決定しましたか。(Shuppatsu no hi wa mō *kettei* shimashita ka?)
¶ রওয়ানার তারিখ কি ঠিক করে ফেলেছেন?

**ketten** **欠点**〖名〗
দোষ, ত্রুটি, খুঁত; মন্দ দিক; অসুবিধা

¶上田さんの欠点は約束を守らないことです。(Ueda san no *ketten* wa yakusoku o mamoranai koto desu.)
¶ উয়েদা-সানের দোষ হল উনি কথা দিয়ে কথা রাখেন না।

¶このレストランは，料理はおいしいのですが，いつもこんでいるのが欠点です。(Kono resutoran wa, ryōri wa oishii no desu ga, itsu mo konde iru no ga *ketten* desu.)
¶ এই রেস্তোরাঁর রান্না খুব ভালো কিন্তু হরদম যে ভীড় লেগে থাকে সেটাই অসুবিধা।

⇨**tansho** **短所**

**kezuru** 削る〔動 I〕 — কাটা; ছাঁটা; চাঁচা; বাদ দেওয়া

①[物の表面を薄くそぎとる] — ১) বস্তুর উপরিভাগকে পাতলা করে কেটে ফেলা

¶ナイフで鉛筆を削ります。(Naifu de enpitsu o *kezurimasu*.) — ¶ ছুরি দিয়ে পেন্সিল কাটি।

②[必要でない部分を取り除く] — ২) অনাবশ্যক অংশ কেটে ফেলা

¶余分なところを削って，文章を短くしました。(Yobun na tokoro o *kezutte*, bunshō o mijikaku shimashita.) — ¶ বাড়তি অংশটুকু বাদ দিয়ে রচনাটি ছোট করেছি।

**ki** 木〔名〕 — গাছ, বৃক্ষ; কাঠ

¶庭に桜の木を植えました。(Niwa ni sakura no *ki* o uemashita.) — ¶ বাগানে ারর গাছ লাগিয়েছি।

¶都会には木が少ないです。(Tokai ni wa *ki* ga sukunai desu.) — ¶ শহরে গাছপালা কম।

¶日本には木でできた家が多いです。(Nihon ni wa *ki* de dekita ie ga ooi desu.) — ¶ জাপানে কাঠের তৈরী ঘরবাড়ীই বেশী।

**ki** 気〔名〕 — মন; চিন্তা; ইচ্ছা; খেয়াল; মেজাজ; অনুভূতি

①[注意する] — ১) সতর্ক হওয়া

¶病気にならないように気をつけてください。(Byōki ni naranai yō ni *ki* o tsukete kudasai.) — ¶ সাবধানে থাকবেন যাতে অসুস্থ হয়ে না পড়েন।

¶気をつけないと，自動車にひかれますよ。(*Ki* o tsukenai to, jidōsha ni hikaremasu yo.) — ¶ সাবধান যদি না হন, গাড়ীর নীচে চাপা পড়বেন কিন্তু।

* いつも「気をつける (ki o tsukeru)」「気をつけない (ki o tsukenai)」の形で使う。 — * সবসময় 'ki o tsukeru', 'ki o tsukenai' এই রূপে ব্যবহৃত।

②[あることがらを意識するようになる] — ২) কোনো বিষয় সম্বন্ধে সচেতন হওয়া

¶電車を降りてから，かばんがないのに気がつきました。(Densha o orite kara, kaban ga nai no ni *ki* ga tsukimashita.) — ¶ ট্রেন থেকে নামার পর খেয়াল হল যে সাথে ব্যাগটি নেই।

¶わたしがあいさつをしたのに，上田さんは気がつきませんでした。
(Watashi ga aisatsu o shita noni, Ueda san wa *ki* ga tsukimasen deshita.)

¶ আমি অভিবাদন জানালাম অথচ উয়েদা-সান তা খেয়াল করলেন না।

* いつも「気がつく (ki ga tsuku)」「気がつかない (ki ga tsukanai)」の形で使う。

* সবসময় 'ki ga tsuku', 'ki ga tsukanai' এই রূপে ব্যবহৃত।

→**kizuku** 気づく

③[ものごとに対してある感じを持つ]

৩) কোনো বিষয় সম্বন্ধে এক ধরনের বোধ হওয়া

¶日本に来てまだ2週間しかたっていませんが，もう2か月もたったような気がします。(Nihon ni kite mada nishūkan shika tatte imasen ga, mō nikagetsu mo tatta yō na *ki* ga shimasu.)

¶ জাপানে এসেছি মাত্র দু'সপ্তাহ, অথচ মনে হচ্ছে যেন দু'মাসই হয়ে গিয়েছে।

¶そのうち大きな地震が来そうな気がします。(Sonouchi ookina jishin ga kisō na *ki* ga shimasu.)

¶ কিছুদিনের মধ্যে বড় ধরনের ভূমিকম্প হবে বলে মনে হচ্ছে।

¶ここにいると，外国にいるような気がしません。(Koko ni iru to, gaikoku ni iru yō na *ki* ga shimasen.)

¶ এখানে থাকলে বিদেশে যে আছি সেটা মনেই হয় না।

* いつも「気がする (ki ga suru)」「気がしない (ki ga shinai)」の形で使う。

* সবসময় 'ki ga suru', 'ki ga shinai' এই রূপে ব্যবহৃত।

④[あることをいつも考えて心配したり心を煩わしたりする]

৪) কোনো বিষয় নিয়ে সবসময় দুশ্চিন্তা বা দুর্ভাবনা হওয়া

¶中村さんは試験の点ばかり気にしています。(Nakamura san wa shiken no ten bakari *ki* ni shite imasu.)

¶ নাকামুরা-সান পরীক্ষার নম্বরের কথাই শুধু চিন্তা করেন।

¶お金のことは気にしないで勉強だけしなさい。(Okane no koto wa *ki* ni shinaide benkyō dake shinasai.)

¶ টাকাপয়সার কথা চিন্তা না করে শুধু পড়াশোনা করতে থাক।

*いつも「気にする (ki ni suru)」「気

* সবসময় 'ki ni suru', 'ki ni shinai' এই

にしない (ki ni shinai)」の形で使う。 — রূপে ব্যবহৃত।

⑤[あることが頭から離れないで落ち着かない] — ৫) কোনো কিছুতে গ্রস্ত হয়ে অস্থির থাকা

¶試験のことが気になって，眠れませんでした (Shiken no koto ga *ki* ni natte, nemuremasen deshita.) — ¶ পরীক্ষার চিন্তায় ঘুমাতে পারিনি।

¶隣の部屋の音が気になって勉強できません。 (Tonari no heya no oto ga *ki* ni natte benkyō dekimasen.) — ¶ পাশের কামরা থেকে আসা শব্দে বিরক্ত লাগছে, তাই পড়াশোনা করা যাচ্ছে না।

¶わたしは周りがうるさくても気になりません。(Watashi wa mawari ga urusakute mo *ki* ni narimasen.) — ¶ চারিদিকে খুব হৈচৈ হলেও আমার কোনো অসুবিধা হয় না।

¶隣に座った美人が気になって，落ち着いて本が読めませんでした。 (Tonari ni suwatta bijin ga *ki* ni natte, ochitsuite hon ga yomemasen deshita.) — ¶ পাশে বসা সুন্দরীর কথা মনে আসায় বইয়ে আর মন বসাতে পারলাম না।

* いつも「気になる (ki ni naru)」「気にならない (ki ni naranai)」の形で使う。 — * সবসময় 'ki ni naru', 'ki ni naranai' এই রূপে ব্যবহৃত।

⑥[安全や健康などが心配になる] — ৬) নিরাপত্তা, স্বাস্থ্য ইত্যাদি নিয়ে দুশ্চিন্তা হওয়া

¶病気で寝ている母のことがいつも気にかかっています。 (Byōki de nete iru haha no koto ga itsu mo *ki* ni kakatte imasu.) — ¶ অসুখে শয্যাশায়ী মায়ের জন্য আমার সারাক্ষণই চিন্তা হচ্ছে।

¶飛行機が予定の時間を過ぎても到着しないので，気にかかります。 (Hikōki ga yotei no jikan o sugite mo tōchaku shinai node, *ki* ni kakarimasu.) — ¶ আসার সময় পার হয়ে গেল অথচ বিমানটা এখনও এল না, তাই বেশ চিন্তা লাগছে।

*いつも「気にかかる (ki ni kakaru)」の形で使う。 — * সবসময় 'ki ni kakaru' এই রূপে ব্যবহৃত।

⑦[満足する，好きになる] — ৭) সন্তুষ্ট হওয়া, মনঃপূত হওয়া

¶この部屋が気に入ったので，借りる — ¶ এই ঘরটা পছন্দ হয়েছে, তাই ভাড়া নেব

ことにしました。(Kono heya ga *ki* ni itta node, kariru koto ni shimashita.)

ঠিক করেছি।

¶壁の色が気に入らないので、塗り替えることにしました。(Kabe no iro ga *ki* ni iranai node, nurikaeru koto ni shimashita.)

¶ দেওয়ালের রঙটা মনে ধরছে না, তাই আবার রঙ করব বলে ঠিক করেছি।

「気に入る (
に入らない (ki ni iranai)」の形で使う。

* সবসময় 'ki ni iru', 'ki ni iranai' এই রূপে ব্যবহৃত।

⑧[何かをしようと思う]

৮) কোনো কার্য-সম্পাদনের কথা ভাবা

¶この会社で働く気があるなら, 社長に紹介してあげましょう。(Kono kaisha de hataraku *ki* ga aru nara, shachō ni shōkai shite agemashō.)

¶ এই কোম্পানীতে আপনার চাকরি করার ইচ্ছা থাকে তো বড়সাহেবের সাথে পরিচয় করিয়ে দেব।

¶勉強する気がないのに, 大学へ行ってもむだです。(Benkyō suru *ki* ga nai noni, daigaku e itte mo muda desu.)

¶ পড়াশোনা করার ইচ্ছা না থাকলে ইউনিভার্সিটিতে যাওয়া বৃথা।

¶あまり暑いので, 仕事をする気がしません。(Amari atsui node, shigoto o suru *ki* ga shimasen.)

¶ এত গরম যে কাজ করার কোনো ইচ্ছাই হয় না।

¶日本に一度行ってみたい気がします。(Nihon ni ichido itte mitai *ki* ga shimasu.)

¶ ইচ্ছা হয়, যদি একবার জাপানে যেতে পারতাম।

* いつも「〜する気がある (〜suru ki ga aru)」「〜する気がない (〜suru ki ga nai)」「〜する気がする (〜suru ki ga suru)」「〜する気がしない (〜suru ki ga shinai)」の形で使う。

* সবসময় '...suru ki ga aru', '...suru ki ga nai' এবং '...suru ki ga suru', '...suru ki ga shinai এই রূপে ব্যবহৃত।

**ki -器**[尾]

(যন্ত্র ইত্যাদি প্রকাশক অন্ত্য-প্রত্যয়)

①[器具]

১) যন্ত্রাদি

食器 (shok*ki*)　洗面器 (senmen*ki*)　電熱器 (dennetsu*ki*)　消火器 (shō-

● ভোজনে ব্যবহৃত পাত্র ● হাতমুখ ধোয়ার গামলা ● বৈদ্যুতিক চুলা　● অগ্নিনির্বাপক যন্ত্র

kaki 受話器 (juwaki) 楽器 (gakki)
● টেলিফোন রিসিভার ● বাদ্যযন্ত্র

②[器官]
২) অঙ্গ-প্রত্যঙ্গ

消化器 (shōkaki) 呼吸器 (kokyūki)
● পরিপাক যন্ত্র ● শ্বাসযন্ত্র

**-ki -機**〘尾〙
(যন্ত্রাদি বা তার সংখ্যা প্রকাশক অন্ত্য-প্রত্যয়)

①[機械]
১) কল

写真機 (shashinki) 印刷機 (insatsuki) 扇風機 (senpūki) 洗たく機 (sentakuki)
● ক্যামেরা ● ছাপার যন্ত্র
● বৈদ্যুতিক পাখা, ফ্যান
● ওয়াশিং মেশিন

②[飛行機]
২) উড়োজাহাজ

ジェット機 (jettoki) 旅客機 (ryokakki)
● জেট প্লেন ● যাত্রীবাহী প্লেন

③[飛行機などの数を表す]
৩) উড়োজাহাজ ইত্যাদির সংখ্যাকে প্রকাশ করে

1機 (ikki) 2機 (niki) 3機 (sanki) 6機 (rokki) 何機 (nanki)
● একটা/-টি ● দু'টা/-টি/-টো
● তিনটা/-টি/-টে ● ছয়টা/-টি ● কয়টা/-টি

**kibishii 厳しい**〘形〙
**কড়া, কঠোর, কঠিন; সাংঘাতিক, ভীষণ**

①[厳格な]
১) কঠোর প্রকৃতির

¶あの先生はとても厳しいです。(Ano sensei wa totemo *kibishii* desu.)
¶ ঐ স্যার খুবই কড়া।

¶わたしは子供を厳しく育てました。(Watashi wa kodomo o *kibishiku* sodatemashita.)
¶ আমি বাচ্চাকে কড়াকড়িভাবে মানুষ করেছি।

②[激しい, 程度がはなはだしい]
২) তীব্র, অত্যন্ত উচ্চমাত্রার

¶二月になってから, 寒さが厳しくなりました。(Nigatsu ni natte kara, samusa ga *kibishiku* narimashita.)
¶ ফেব্রুয়ারী মাস আসার পর ঠাণ্ডা ভীষণভাবে বেড়ে গিয়েছে।

**kibō 希望**〘名, ～する〙
**আশা, প্রত্যাশা, আকাঙ্ক্ষা; ইচ্ছা, অভিপ্রায়**

¶わたしの希望は, 将来医者になることです。(Watashi no *kibō* wa, shōrai isha ni naru koto desu.)
¶ আমার ইচ্ছা ভবিষ্যতে ডাক্তার হওয়া।

¶あの人は日本留学を希望しています。(Ano hito wa Nihon-ryūgaku o *kibō* shite imasu.)
¶ তিনি জাপানে পড়াশোনা করার আশা পোষণ করেন।

**kibun 気分**〘名〙
**মনোভাব, ভাব, অনুভূতি; মেজাজ**

①[心の状態, ●気持ち]
১) মানসিক অবস্থা, অনুভূতি

¶元気がありませんね。気分が悪いのではありませんか。(Genki ga arimasen ne. *Kibun* ga warui no de wa arimasen ka?)

¶আপনাকে কেমন যেন মনমরা লাগছে। মন খারাপ নয় তো?

¶シャワーを浴びたあとはとてもいい気分です。(Shawā o abita ato wa totemo ii *kibun* desu.)

¶শাওয়ারে গোসল করার পর মনটা ভালোই লাগে।

②[ふんいき]

২) পরিবেশ

¶町はお祭りで楽しい気分にあふれています。(Machi wa omatsuri de tanoshii *kibun* ni afurete imasu.)

¶উৎসবের দরুন শহরে আনন্দের ভাব উপচে পড়ছে।

**kichinto きちんと**〘副〙

**ঠিকঠাক, ঠিকমতো. [ণ]পরিপাটী**

①[正確な様子]

১) সঠিক অবস্থা

¶上田さんは，約束どおりきちんと3時に来ました。(Ueda san wa, yakusoku doori *kichinto* sanji ni kimashita.)

¶উয়েদা-সান কথামতো ঠিক তিনটায় এসেছেন।

②[整っている様子]

২) সুবিন্যস্ত অবস্থা

¶部屋の中をきちんと整理してください。(Heya no naka o *kichinto* seiri shite kudasai.)

¶ঘরের ভিতরটা ঠিকমতো গুছিয়ে রাখুন।

¶田中さんはいつもきちんとしたかっこうをしています。(Tanaka san wa itsu mo *kichinto* shita kakkō o shite imasu.)

¶তানাকা-সান সবসময় পরিপাটী থাকেন।

⇨**chanto ちゃんと**

**kieru 消える**〘動II〙

**নিভে যাওয়া; মুছে যাওয়া; অদৃশ্য হওয়া**

①[明かりや火などがなくなる]

১) আলোক বা অগ্নি নির্বাপিত হওয়া

¶風でろうそくの火が消えました。(Kaze de rōsoku no hi ga *kiemashita.*)

¶বাতাসে মোমবাতির শিখা নিভে গিয়েছে।

¶電気が突然消えました。(Denki ga totsuzen *kiemashita.*)

¶বাতি হঠাৎ নিভে গেল।

②[ものの形や姿などが見えなくなる]

২) কোনো বস্তুর আকৃতি বা অস্তিত্ব বিলীন হওয়া

¶飛行機が夜空に消えていきました。
(Hikōki ga yozora ni *kiete* ikimashita.)

¶প্লেনটা রাতের আকাশে অদৃশ্য হয়ে গিয়েছিল।

**kigen**　মেয়াদ, সময়-সীমা; নির্দিষ্ট সময়

¶このキップは期限が切れていますよ。
(Kono kippu wa *kigen* ga kirete imasu yo.)

¶এই টিকেটের মেয়াদ শেষ হয়ে গিয়েছে কিন্তু।

¶借りた本は期限内に返してください。
(Karita hon wa *kigen*nai ni kaeshite kudasai.)

¶ধার-নেওয়া বই নির্দিষ্ট সময়ের মধ্যে ফেরত দেবেন।

¶2年の期限つきで家を借りました。
(Ninen no *kigen*tsuki de ie o karimashita.)

¶দু' বছর মেয়াদের শর্তে বাড়ী ভাড়া নিয়েছি।

**kigen**　きげん〔名〕　মন, ভাব; মেজাজ

①[快・不快などの心の状態]

১) আনন্দ-নিরানন্দ ইত্যাদি মানসিক অবস্থা

¶山田さんは試験で100点を取ったので，とてもきげんがいいです。
(Yamada san wa shiken de hyakuten o totta node, totemo *kigen* ga ii desu.)

¶ইয়ামাদা-সান পরীক্ষায় একশো নম্বর পেয়েছেন, তাই খুব ভালো মেজাজে আছেন।

¶わたしが遅れてきたので，田中さんはきげんが悪いです。 (Watashi ga okurete kita node, Tanaka san wa *kigen* ga warui desu.)

¶আমি দেরীতে এসেছি বলে তানাকা-সানের মেজাজ খুব খারাপ হয়ে আছে।

¶上田さんは，わたしにきげんよく会ってくれました。 (Ueda san wa, watashi ni *kigen* yoku atte kuremashita.)

¶উয়েদা-সান খোশমেজাজে আমাকে দেখা দিয়েছেন।

②[他人の健康・気分の状態]

২) অন্যের দৈহিক বা মানসিক অবস্থা

¶ごきげんいかがですか。 (Go*kigen* ikaga desu ka?)

¶আপনি কেমন আছেন?

* あいさつの言葉として「ごきげん(gokigen)」の形で使う。

* অভিবাদনের শব্দ হিসাবে 'gokigen' এই রূপে ব্যবহৃত।

**kigyō**　企業〔名〕　উদ্যোগ; শিল্প-প্রতিষ্ঠান; কোম্পানী

中小企業 (chūshō-*kigyō*)
●মাঝারি ও ক্ষুদ্র শিল্প-প্রতিষ্ঠান

¶大企業で働いている人は労働条件がいいです。 (Dai*kigyō* de hataraite iru hito wa rōdō-jōken ga ii desu.)
¶বৃহৎ শিল্প-প্রতিষ্ঠানে যাঁরা কাজ করেন তাদের শ্রম-শর্তাবলী খুব ভালো।

¶個人企業の経営はなかなかたいへんです。 (Kojin-*kigyō* no keiei wa nakanaka taihen desu.)
¶ব্যক্তি-মালিকানাধীন শিল্প-প্রতিষ্ঠান পরিচালনা খুবই কঠিন।

**kihon** 基本〖名〗 মূল, ভিত্তি, বুনিয়াদ

基本的人権 (*kihon*teki-jinken)
●মানুষের মৌলিক অধিকার

¶何をするのにも基本が大事です。 (Nani o suru no ni mo *kihon* ga daiji desu.)
¶যাই করুন না কেন, ভিত্তিটাই গুরুত্বপূর্ণ।

¶何をするのにも基本を学ばなければなりません。 (Nani o suru no ni mo *kihon* o manabanakereba narimasen.)
¶যাই করুন না কেন, মূলটা জানা অপরিহার্য।

¶首相は外交についての基本的な考えを述べました。 (Shushō wa gaikō ni tsuite no *kihon*teki na kangae o nobemashita.)
¶প্রধানমন্ত্রী পররাষ্ট্রনীতি সম্বন্ধে তাঁর মূল বক্তব্য ব্যাখ্যা করেছেন।

**kiiro** 黄色〖名〗 হলদে রঙ

¶田中さんは黄色のシャツを着ています。 (Tanaka san wa *kiiro* no shatsu o kite imasu.)
¶তানাকা-সান হলদে রঙের শার্ট পরে আছেন।

**kiiroi** 黄色い〖形〗 হলদে, পীত

¶秋になると，木の葉が黄色くなります。 (Aki ni naru to, ko no ha ga *kiiroku* narimasu.)
¶শরৎকাল এলে গাছের পাতা হলদে হয়ে যায়।

**kiji** 記事〖名〗 প্রতিবেদন, রিপোর্ট; সংবাদ, খবর; নিবন্ধ

新聞記事 (shinbun-*kiji*)
●সংবাদপত্রের প্রতিবেদন

¶今朝の新聞におもしろい記事が出ていました。 (Kesa no shinbun ni omoshiroi *kiji* ga dete imashita.)
¶আজ সকালের খবরের কাগজে বেশ আকর্ষণীয় একটা প্রতিবেদন বের হয়েছে।

**kiji** 生地〖名〗 কাপড়

¶このワイシャツの生地は木綿です。(Kono waishatsu no *kiji* wa momen desu.)

¶ এই শার্টটার কাপড় সুতির।

**kikaeru** 着替える〖動Ⅱ〗 (পোশাকাদি) বদলানো, পালটানো

¶雨にぬれたので、洋服を着替えました。(Ame ni nureta node, yōfuku o *kikaemashita.*)

¶ বৃষ্টিতে ভিজে যাওয়ায় কাপড় বদলে নিয়েছি।

＊「着替える (kigaeru)」とも言う。

＊ 'kigaeru' ও বলা হয়।

**kikai** সুযোগ, সুযোগ-সুবিধা ; মওকা

¶わたしの国には日本人がほとんどいないので、日本語を話す機会がありません。 (Watashi no kuni ni wa Nihonjin ga hotondo inai node, Nihongo o hanasu *kikai* ga arimasen.)

¶ আমাদের দেশে কোনো জাপানী নেই বললেই চলে, তাই জাপানী ভাষায় কথা বলার সুযোগ হয় না।

¶わたしは機会があれば、日本へ行きたいと思います。(Watashi wa *kikai* ga areba, Nihon e ikitai to omoimasu.)

¶ সুযোগ হলে আমি জাপানে যেতে চাই।

**kikai** যন্ত্র, কল, মেশিন

¶この機械は日本製です。(Kono *kikai* wa Nihonsei desu.)

¶ এই মেশিন জাপানে তৈরী।

¶わたしはこの機械の動かし方がわかりません。(Watashi wa kono *kikai* no ugokashikata ga wakarimasen.)

¶ আমি এই মেশিন চালানোর কায়দা-কানুন জানি না।

**kikan** 機関〖名〗 যন্ত্র, কল, এঞ্জিন ; প্রতিষ্ঠান ; ব্যবস্থা

①[エンジン] ১) এঞ্জিন

蒸気機関車 (jōki-*kikan*sha) ● বাষ্পচালিত রেলগাড়ী

電気機関車 (denki-*kikan*sha) ● বৈদ্যুতিক রেলগাড়ী

②[ある目的を持った組織] ২) কোনো বিশেষ উদ্দেশ্যে গঠিত সংগঠন

教育機関 (kyōiku-*kikan*) ● শিক্ষা-প্রতিষ্ঠান

¶都市は交通機関が発達しています。(Toshi wa kōtsū-*kikan* ga hattatsu shite imasu.)

¶ শহরে যাতায়াত ব্যবস্থা বেশ উন্নত।

**kikan** 期間〔名〕 — **মেয়াদ, সময়কাল**

¶あなたが外国にいた期間はどのくらいですか。(Anata ga gaikoku ni ita *kikan* wa dono kurai desu ka?)
¶ আপনি বিদেশে কত দিনের মতো ছিলেন ?

¶東京での滞在期間は1週間の予定です。(Tōkyō de no taizai-*kikan* wa isshūkan no yotei desu.)
¶ *তোকিয়োতে* একসপ্তাহ কাল থাকার পরিকল্পনা আছে।

**kiken** 危険〔名, 形動〕 — [বি] **বিপদ ; ঝুঁকি.** [ণ] **বিপজ্জনক ; ঝুঁকিপূর্ণ**

¶危険だから, 触らないでください。(*Kiken* da kara, sawaranaide kudasai.)
¶ এটা বিপজ্জনক, এতে হাত দেবেন না।

¶危険な所へ行ってはいけません。(*Kiken* na tokoro e itte wa ikemasen.)
¶ বিপজ্জনক স্থানে যাওয়া উচিত নয়।

¶大水のために, この辺は危険になってきました。(Oomizu no tame ni, kono hen wa *kiken* ni natte kimashita.)
¶ বন্যার কারণে এই এলাকাটা বিপজ্জনক হয়ে পড়েছে।

⇔anzen 安全

**kikō** 気候〔名〕 — **জলবায়ু ; আবহাওয়া**

¶わたしの国は, 一年じゅうあまり気候の変化がありません。(Watashi no kuni wa, ichinenjū amari *kikō* no henka ga arimasen.)
¶ আমাদের দেশে সারা বছর ধরে আবহাওয়ার খুব একটা পরিবর্তন হয় না।

**kikoeru** 聞こえる〔動II〕 — **শুনা যাওয়া, শুনানো ; শুনতে পারা**

①〔音や声が耳に入る〕
১) শব্দ বা কণ্ঠস্বর কানে আসা

¶聞こえませんから, もっと大きい声で話してください。(*Kikoemasen* kara, motto ookii koe de hanashite kudasai.)
¶ শোনা যাচ্ছে না, আরও জোরে বলুন।

②〔そのように思える, そのように理解される〕
২) সেই রকম মনে হওয়া, সেই রকম বোধ হওয়া

¶上田さんの話は本当らしく聞こえますが, ほとんどうそです。(Ueda
¶ উয়েদা-সানের কথা সত্যের মতো শোনালেও বেশীর ভাগই মিথ্যা।

san no hanashi wa, hontō rashiku *kikoemasu* ga, hotondo uso desu.)

**kikoku** 帰国〖名, -する〗 — স্বদেশ প্রত্যাবর্তন, দেশে ফিরে-যাওয়া

¶だんだん帰国の日が近づいてきましたね。 (Dandan *kikoku* no hi ga chikazuite kimashita ne.)
¶ দেশে ফেরার দিন তো ধীরে ধীরে ঘনিয়ে আসছে।

¶1年間の留学が終わって，間もなく |します。 (Ichinenkan no ryūgaku ga owatte, mamonaku *kikoku* shimasu.)
¶ এক বছরকাল বিদেশে পড়াশোনা করে এই কিছুদিনের মধ্যেই দেশে ফিরে যাচ্ছি।

**kiku** 菊〖名〗 — চন্দ্রমল্লিকা, ক্রিসেনথিমাম

¶日本では，秋になると菊の花が咲きます。 (Nihon de wa, aki ni naru to *kiku* no hana ga sakimasu.)
¶ জাপানে শরৎকাল এলে চন্দ্রমল্লিকা ফোটে।

**kiku** 効く〖動 I〗 — কার্যকর হওয়া, কাজ হওয়া, কাজ করা, ধরা

¶この薬は風邪にとてもよく**効きます**。 (Kono kusuri wa kaze ni totemo yoku *kikimasu*.)
¶ ঠাণ্ডা লাগলে এই ওষুধে বেশ কাজ হয়।

**kiku** 利く〖動 I〗 — কার্যকর হওয়া, কাজ হওয়া, কাজ করা, ধরা

¶この車はブレーキが**利きません**。 (Kono kuruma wa burēki ga *kikimasen*.)
¶ এই গাড়ীর ব্রেক খুব একটা কাজ করে না।

**kiku** 聞く〖動 I〗 — শুনা, শ্রবণ করা; মানা

①[音や声を耳に入れて理解する]
১) শব্দ বা কণ্ঠস্বর কর্ণগোচর হওয়া

話を**聞く** (hanashi o *kiku*)
• কথা শোনা

¶山田さんは今部屋で音楽を**聞いています**。 (Yamada san wa ima heya de ongaku o *kiite* imasu.)
¶ ইয়ামাদা-সান এখন ঘরে সঙ্গীত শুনছেন।

¶あなたは上田さんが病気だということをだれから**聞きましたか**。 (Anata wa Ueda san ga byōki da to iu koto o dare kara *kikimashita* ka?)
¶ উয়েদা-সান যে অসুস্থ তা আপনি কার কাছ থেকে শুনেছেন?

②[要求・注意などを受け入れる]
২) দাবী, উপদেশাদি মান্য করা

¶あの子は両親の言うことをよく**聞き**
¶ ঐ বাচ্চাটি মা-বাবার কথা বেশ শোনে।

ます。 (Ano ko wa ryōshin no iu koto o yoku *kikimasu.*)

**kiku** きく〘動 I〙 — প্রশ্ন করা, জিজ্ঞাসা করা; অনুসন্ধান করা

¶交番で駅へ行く道をききました。(Kōban de eki e iku michi o *kikimashita.*) — ¶ স্টেশনে যাওয়ার রাস্তার কথা পুলিশ-বক্সে জিজ্ঞাসা করেছি।

¶わからないことは何でも先生にききなさい。(Wakaranai koto wa nan demo sensei ni *kikinasai.*) — ¶ যে কোনো ব্যাপারই হোক না কেন, না বুঝতে পারলে স্যারকে জিজ্ঞাসা করবে।

**kimari** 決まり〘名〙 — নিয়ম; সিদ্ধান্ত; মীমাংসা, সুরাহা

①[決められていることがら, 規則] — ১) নির্ধারিত বিষয়, বিধি-বিধান

¶学校の決まりは守らなければなりません。(Gakkō no *kimari* wa mamoranakereba narimasen.) — ¶ স্কুলের নিয়ম মেনে চলা উচিত।

②[ものごとのしめくくり] — ২) কোনো বিষয়ের চূড়ান্ত

¶わたしはこの仕事に決まりをつけてから帰ります。(Watashi wa kono shigoto ni *kimari* o tsukete kara kaerimasu.) — ¶ আমি এই কাজটার সুরাহা করে তারপর ফিরব।

* 「決まりがつく (kimari ga tsuku)」「決まりをつける (kimari o tsukeru)」の形で使う。 — * 'kimari ga tsuku', 'kimari o tsukeru' এই রূপে ব্যবহৃত।

**kimaru** 決まる〘動 I〙 — সিদ্ধান্ত হওয়া, ঠিক হওয়া, নির্ধারিত হওয়া

¶会は来週開かれることに決まりました。(Kai wa raishū hirakareru koto ni *kimarimashita.*) — ¶ সভা আগামী সপ্তাহে অনুষ্ঠিত হবে বলে ঠিক হয়েছে।

¶出発の日が決まったら, 知らせてください。(Shuppatsu no hi ga *kimattara,* shirasete kudasai.) — ¶ রওয়ানার তারিখ ঠিক হলে জানাবেন।

¶田中さんには決まった仕事がありません。(Tanakə san ni wa *kimatta* shigoto ga arimasen.) — ¶ তানাকা-সানের নির্দিষ্ট কোনো চাকরি নেই।

**kimeru** 決める〘動 II〙 — সিদ্ধান্ত নেওয়া, ঠিক করা, নির্ধারণ করা

¶今度の大会に参加することに決めま — ¶ এবারকার সম্মেলনে অংশগ্রহণ করব বলে

した。(Kondo no taikai ni sanka suru koto ni *kimemashita.*)

ঠিক করেছি।

¶飛行機の手荷物は20キロ以下と決められています。(Hikōki no tenimotsu wa nijikkiro ika to *kimerarete* imasu.)

¶ প্লেনে নেওয়ার ব্যাগেজের ওজন বিশ কিলোগ্রামের চেয়ে কম নির্ধারিত আছে।

**kimi** 君〔代〕 তুমি; তুই

¶君はぼくの本がどこにあるか知らない。(*Kimi* wa boku no hon ga doko ni aru ka shiranai?)

¶ আমার বইটি কোথায় আছে তা কি তুমি জান?

¶君, いっしょに映画を見に行こう。(*Kimi,* issho ni eiga o mi ni ikō.)

¶ চল, একসাথে সিনেমা দেখতে যাই।

＊ 普通, 親しい男どうしの間で使う。

＊ সাধারণতঃ পুরুষেরা তাদের ঘনিষ্ঠদের সঙ্গে ব্যবহার করে।

**kimochi** 気持ち〔名〕 মনোভাব, মনোবৃত্তি, অনুভূতি

①[心の感じ方]

১) মানসিক অনুভূতি

¶この部屋は明るくて, 気持ちがいいですね。(Kono heya wa akarukute, *kimochi* ga ii desu ne.)

¶ এই ঘরটা আলোকিত হওয়ায় খুব ভালো লাগে।

¶あなたは子供を亡くしたお母さんの気持ちがわかりますか。(Anata wa kodomo o nakushita okāsan no *kimochi* ga wakarimasu ka?)

¶ আপনি কি সন্তানহারা মায়ের মনের অবস্থা বুঝতে পারবেন?

②[体のぐあいによって感じる気分]

২) শারীরিক অবস্থা থেকে উদ্ভূত অনুভূতি

¶田中さんは気持ちが悪くなったので, 家に帰りました。(Tanaka san wa *kimochi* ga waruku natta node, ie ni kaerimashita.)

¶ শরীর খারাপ লাগায় তানাকা-সান বাড়ী ফিরে গিয়েছেন।

**kimono** 着物〔名〕 (ঐতিহ্যবাহী জাপানী পোশাক; পরিধেয় বস্ত্র)

¶あのきれいな着物を着ている女の人はだれですか。(Ano kirei na *kimono* o kite iru onna no hito wa dare desu ka?)

¶ সুন্দর *কিমোনো* পরা ঐ ভদ্রমহিলা কে?

**kin** 金〔名〕 সোনা, স্বর্ণ

金ペン (*kin*pen) ● সোনার নিব

金時計 (*kin*dokei) ● সোনার ঘড়ি

金貨 (*kin*ka) 金色 (*kin*'iro) 金髪 (*kin*patsu)
• স্বর্ণমুদ্রা • সোনালী রঙ
• সোনালী চুল

¶秋子さんは金の指輪をはめています。(Akiko san wa *kin* no yubiwa o hamete imasu.)
¶ আকিকো-সান সোনার আংটি পরে আছেন।

¶父は金縁の眼鏡をかけています。(Chichi wa *kin*buchi no megane o kakete imasu.)
¶ বাবা সোনালী ফ্রেমের চশমা পরেন।

**kindai** 近代〘名〙
**আধুনিক কাল, মধ্যযুগোত্তর কাল**

近代化 (*kindai*ka) 近代史 (*kindai*-shi) 近代思想 (*kindai*-shisō)
• আধুনিকীকরণ, আধুনিকায়ন
• আধুনিক ইতিহাস • আধুনিক চিন্তাধারা

¶近代的な建物が次々と建築されています。(*Kindai*teki na tatemono ga tsugitsugi to kenchiku sarete imasu.)
¶ আধুনিক বিল্ডিং একের পর এক তৈরী হচ্ছে।

**kin'en** 禁煙〘名, ～する〙
**ধূমপান নিষেধ; সিগারেট না খাওয়া**

¶上映中は禁煙です。(Jōeichū wa *kin'en* desu.)
¶ সিনেমা চলাকালীন সময়ে ধূমপান নিষেধ।

¶体の調子が悪いので, 禁煙しています。(Karada no chōshi ga warui node, *kin'en* shite imasu.)
¶ শরীরের অবস্থা ভালো নয় বলে সিগারেট খাচ্ছি না।

**kinen** 記念〘名, ～する〙
**স্মৃতি, স্মরণ. [ণ] স্মরণীয়; স্মারক**

記念日 (*kinen*bi) 記念品 (*kinen*hin) 記念写真 (*kinen*-shashin)
• বার্ষিকী, স্মারক দিবস • স্মারক চিহ্ন, সুভেনির
• স্মারক হিসাবে তোলা ফটো, স্মারক ছবি

¶わたしたちは卒業を記念して, 木を植えました。(Watashitachi wa sotsugyō o *kinen* shite, ki o uemashita.)
¶ সমাবর্তনকে স্মরণীয় করে রাখার জন্য আমরা বৃক্ষ রোপণ করেছি।

**kinjo** 近所〘名〙
**কাছাকাছি এলাকা, আশেপাশের এলাকা**

¶この近所に交番はありませんか。(Kono *kinjo* ni kōban wa arimasen ka?)
¶ এই কাছাকাছি এলাকায় কি পুলিশ-বক্স আছে?

¶上田さんは学校の近所に住んでいます。(Ueda san wa gakkō no *kinjo* ni sunde imasu.)
¶ উয়েদা-সান স্কুলের কাছাকাছি এলাকায় থাকেন।

⇨chikaku 近く

**kinō** 昨日〖名〗 — গতকাল, কাল, কালকে

¶昨日は何曜日でしたか。(*Kinō* wa naniyōbi deshita ka?) — ¶গতকাল কি বার ছিল?

¶これは昨日の新聞です。(Kore wa *kinō* no shinbun desu.) — ¶এটা গতকালকের খবরের কাগজ।

**kinodoku** 気の毒〖形動〗 — বেচারা, দুঃখী; দুঃখিত

①[他人の不幸などに同情する様子] — ১) অন্যের দুঃখ ইত্যাদিতে সমব্যথী হওয়া এমন

¶あの人は火事で家が焼けて気の毒ですね。(Ano hito wa kaji de ie ga yakete *kinodoku* desu ne.) — ¶আগুনে তার বাড়ীঘর পুড়ে যাওয়ায় তার জন্য খুব দুঃখ হচ্ছে।

②[迷惑をかけてすまないと思う様子] — ২) কারও কষ্টের কারণ হওয়ায় দুঃখিত হওয়া এমন

¶昨日山田さんがわざわざ来てくれたのに，留守で気の毒なことをしました。(Kinō Yamada san ga wazawaza kite kureta noni, rusu de *kinodoku* na koto o shimashita.) — ¶গতকাল ইয়ামাদা-সান অত কষ্ট করে এলেন অথচ আমি বাসায় ছিলাম না, কী দুঃখের ব্যাপার হল।

**kinshi** 禁止〖名，～する〗 — নিষেধ, বারণ, মানা. [ণ] নিষিদ্ধ

通行禁止 (tsūkō-*kinshi*) — •চলাচল নিষেধ

駐車禁止 (chūsha-*kinshi*) — •পার্কিং নিষেধ

立ち入り禁止 (tachiiri-*kinshi*) — •প্রবেশ নিষেধ

¶夜は外出禁止です。(Yoru wa gaishutsu-*kinshi* desu.) — ¶রাতে বাইরে যাওয়া নিষেধ।

¶政府は米の輸出を禁止しました。(Seifu wa kome no yushutsu o *kinshi* shimashita.) — ¶সরকার চাল রপ্তানি নিষিদ্ধ করে দিয়েছে।

**kinshi** 近視〖名〗 — (দূরে স্পষ্ট দেখতে অক্ষম): অদূরবদ্ধদৃষ্টি

¶上田さんは近視なので，眼鏡をかけています。(Ueda san wa *kinshi* na node, megane o kakete imasu.) — ¶উয়েদা-সান দূরের জিনিস ভালো দেখতে পান না, তাই চশমা পরেন।

＊「近眼 (kingan)」とも言う。 — ＊'kingan'ও বলা হয়।

⇔enshi 遠視

**kinu** 絹〖名〗 — রেশম, সিল্ক

絹のネクタイ (*kinu* no nekutai) — •সিল্কের টাই

**kin'yō(bi)** 金曜(日) — শুক্রবার

**kinzoku** 金属〘名〙 — ধাতব পদার্থ, ধাতু

¶木の机より金属製の机のほうが丈夫です。(Ki no tsukue yori *kinzoku*-sei no tsukue no hō ga jōbu desu.)

¶কাঠের টেবিলের চেয়ে স্টীলের টেবিলই বেশী মজবুত।

**kioku** 記憶〘名, ～する〙 — স্মরণ, স্মৃতি

記憶力 (*kioku*ryoku) — ●স্মরণশক্তি ; স্মৃতিশক্তি

¶わたしは一度あの人に会った記憶があります。(Watashi wa ichido ano hito ni atta *kioku* ga arimasu.)

¶স্মরণ হচ্ছে তাঁকে একবার আমি দেখেছি।

¶小さい時のことはほとんど記憶していません。(Chiisai toki no koto wa hotondo *kioku* shite imasen.)

¶ছোটবেলার কথা প্রায় মনেই নেই।

**kion** 気温〘名〙 — (বায়ুমণ্ডলের) তাপমাত্রা

気温が上がる (*kion* ga agaru) — ●তাপমাত্রা বেড়ে যাওয়া

気温が下がる (*kion* ga sagaru) — ●তাপমাত্রা কমে যাওয়া

¶一日のうちで気温がいちばん高くなるのは午後の2時ごろです。(Ichinichi no uchi de *kion* ga ichiban takaku naru no wa gogo no niji goro desu.)

¶সারাদিনের মধ্যে তাপমাত্রা সবচেয়ে বেশী হয় দুপুর দু'টোর দিকে।

**kippu** 切符〘名〙 — টিকেট

¶東京までの切符を買いました。(Tōkyō made no *kippu* o kaimashita.)

¶*তোকিয়ো* পর্যন্ত টিকেট কিনেছি।

¶音楽会の切符はもう売り切れました。(Ongakkai no *kippu* wa mō urikire-mashita.)

¶সঙ্গীতের আসরের টিকেট সব বিক্রি হয়ে গিয়েছে।

**kirai** きらい〘形動〙 — অপছন্দ, অপ্রিয়, ঘৃণ্য

¶食べ物できらいな物はありません。(Tabemono de *kirai* na mono wa arimasen.)

¶খাবারের মধ্যে কোনো খাবারই অপছন্দ নয়।

¶わたしはうそをつく人が大きらいです。(Watashi wa uso o tsuku hito

¶আমি মিথ্যাবাদীকে ঘৃণা করি।

ga dai*kirai* desu.)

⇔suki 好き

**kirau** きらう〔動 I〕 — অপছন্দ করা, পছন্দ না করা, ঘৃণা করা

¶労働条件について会社と**交渉**した結果，少しよくなりました。(Rōdōjōken ni tsuite kaisha to *kōshō* shita kekka, sukoshi yoku narimashita.)

¶কোম্পানীর সাথে আলাপ-আলোচনার ফলে শ্রম-শর্তাবলী একটু ভালো হয়েছে।

**kotae** **答え**〖名〗

উত্তর, জবাব; সাড়া

①[返事]

১) প্রত্যুত্তর

¶部屋の外からいくら呼んでも答えがありませんでした。 (Heya no soto kara ikura yonde mo *kotae* ga arimasen deshita.)

¶ ঘরের বাইরে থেকে অনেকবার ডাকা সত্ত্বেও কোনো সাড়া পাওয়া গেল না।

②[解答]

২) প্রশ্নোত্তর

¶その答えは間違っています。 (Sono *kotae* wa machigatte imasu.)

¶ ঐ উত্তরটা ভুল।

**kotaeru** 答える〖動Ⅱ〗

উত্তর দেওয়া, জবাব দেওয়া; সাড়া দেওয়া

①[返事する]

১) প্রত্যুত্তর দেওয়া

¶わたしが名前を呼んだら,「はい。」と答えてください。(Watashi ga namae o yondara, "Hai." to *kotaete* kudasai.)

¶ আমি নাম ডাকলে 'হাঁই' বলে উত্তর দিন।

②[解答する]

২) প্রশ্নোত্তর দেওয়া

¶次の質問に答えなさい (Tsugi no shitsumon ni *kotaenasai*.)

¶ পরবর্তী প্রশ্নের জবাব দাও।

**kotai** 固体〖名〗

কঠিন পদার্থ

¶氷は水が固体になったものです。(Koori wa mizu ga *kotai* ni natta mono desu.)

¶ বরফ হচ্ছে পানির পরিবর্তিত কঠিন রূপ।

⇨ekitai 液体 kitai 気体

**kōtai** 交替〖名, ～する〗

বদল, পরিবর্তন; বিকল্প; পালা

¶あのスーパーマ ケットの店員は8時間ずつ交替で働いています。 (Ano sūpāmāketto no ten'in wa hachijikan zutsu *kōtai* de hataraite imasu.)

¶ এই সুপারমার্কেটের কর্মচারীরা আট ঘন্টা পালা করে কাজ করে।

¶フットボールの試合で山田さんがけがをしたので, 田中さんと交替しました。(Futtobōru no shiai de Yamada san ga kega o shita node, Tanaka san to *kōtai* shimashita.)

¶ ফুটবল খেলায় ইয়ামাদা-সান আঘাত পাওয়ায় তার বদলে তানাকা-সান খেলেছিলেন।

**kōtei** 肯定〖名, ～する〗

ইতিবাচকতা, হাঁ-সূচকতা; স্বীকার, স্বীকৃতি

¶山田さんはその質問に対して否定も肯定もしませんでした。 (Yamada

¶ ইয়ামাদা-সান ঐ প্রশ্নের জবাবে হাঁ-ও করেননি, না-ও করেননি।

san wa sono shitsumon ni taishite hitei mo *kōtei* mo shimasen deshita.)

⇔hitei 否定

**koto** こと〘名〘 কথা; ব্যাপার, বিষয়; ঘটনা

①[ことがら, 事実, 問題] ১) বিষয়, প্রকৃত ঘটনা, সমস্যা

¶わたしのことは心配しないでください。 (Watashi no *koto* wa shinpai shinaide kudasai.)
¶ আমার কথা চিন্তা করবেন না।

¶日本のことが新聞に出ています。 (Nihon no *koto* ga shinbun ni dete imasu.)
¶ জাপানের কথা খবরের কাগজে উঠেছে।

¶そんなことは知りませんでした。 (Sonna *koto* wa shirimasen deshita.)
¶ ও রকম কোনো কথা জানতাম না।

②[可能を表す] ২) সামর্থ্য প্রকাশ করে

¶あなたは日本語を話すことができますか。 (Anata wa Nihongo o hanasu *koto* ga dekimasu ka?)
¶ আপনি কি জাপানীতে কথা বলতে পারেন?

¶お金がないので買うことができません。 (Okane ga nai node kau *koto* ga dekimasen.)
¶ টাকা নেই বলে কিনতে পারা যাচ্ছে না।

* 「動詞 (連体の形)+ことができる (koto ga dekiru)」の形で使う。
* 'ক্রিয়া (বিশেষণাত্মক-রূপ) + koto ga dekiru' এই রূপে ব্যবহৃত।

③[場合を表す] ৩) পরিস্থিতি প্রকাশ করে

¶わたしは朝御飯を食べないで学校へ行くことがあります。 (Watashi wa asagohan o tabenaide gakkō e iku *koto* ga arimasu.)
¶ কখনও কখনও এমনটাও ঘটে যে সকালের নাস্তা না খেয়েই স্কুলে যাই।

* 「動詞 (連体の形)+ことがある (koto ga aru)」の形で使う。
* 'ক্রিয়া (বিশেষণাত্মক-রূপ) + koto ga aru' এই রূপে ব্যবহৃত।

④[経験を表す] ৪) অভিজ্ঞতা প্রকাশ করে

¶あなたは京都へ行ったことがありますか。 (Anata wa Kyōto e itta *koto* ga arimasu ka?)
¶ আপনি কি কখনও *কিয়োতো* গিয়েছেন?

*「動詞（たの形）＋ことがある（koto ga aru)」の形で使う。

*'ক্রিয়া (ta-রূপ) + koto ga aru' এই রূপে ব্যবহৃত।

⑤［決定を表す］

¶わたしは今日からたばこを吸わないことにしました。(Watashi wa kyō kara tabako o suwanai *koto* ni shimashita.)

৫) সিদ্ধান্ত-গ্রহণকে প্রকাশ করে

¶ আমি আজ থেকে সিগারেট আর খাব না বলে ঠিক করেছি।

*「動詞（連体の形）＋ことにする (koto ni suru)」の形で使う。

*'ক্রিয়া (বিশেষণাত্মক-রূপ) + koto ni suru' এই রূপে ব্যবহৃত।

⑥［習慣を表す］

¶わたしは毎晩10時に寝ることにしています。(Watashi wa maiban jūji ni neru *koto* ni shite imasu.)

৬) নিয়ম বা অভ্যাস প্রকাশ করে

¶ আমি রোজ রাত দশটার সময় ঘুমাই।

*「動詞（連体の形）＋ことにしている (koto ni shite iru)」の形で使う。

*'ক্রিয়া (বিশেষণাত্মক-রূপ) + koto ni shite iru' এই রূপে ব্যবহৃত।

⑦［結果を表す］

¶わたしは来年，日本へ行くことになりました。(Watashi wa rainen, Nihon e iku *koto* ni narimashita.)

৭) রূপলাভ করাকে প্রকাশ করে

¶ আগামী বছর আমার জাপান যাওয়ার কথা ঠিক হয়েছে।

*「動詞（連体の形）＋ことになる (koto ni naru)」の形で使う。

*'ক্রিয়া (বিশেষণাত্মক-রূপ) + koto ni naru' এই রূপে ব্যবহৃত।

⑧［必要を表す］

¶そんなに急ぐことはないですよ。(Sonna ni isogu *koto* wa nai desu yo.)

৮) প্রয়োজনীয়তা প্রকাশ করে

¶ অত তাড়াহুড়া করার কিছু নেই।

*「動詞（連体の形）＋ことはない (koto wa nai)」の形で使う。

*'ক্রিয়া (বিশেষণাত্মক-রূপ) + koto wa nai' এই রূপে ব্যবহৃত।

⑨［命令を表す］

¶図書館の本は1週間以内に返すこと。(Toshokan no hon wa isshūkan inai ni kaesu *koto*.)

৯) অনুজ্ঞা প্রকাশ করে

¶ লাইব্রেরীর বই এক সপ্তাহের মধ্যে ফেরত দিতে হয়।

*「動詞（連体の形）＋こと (koto)」の形で文末に使う。

*'ক্রিয়া (বিশেষণাত্মক-রূপ) + koto' এই রূপে বাক্যের শেষে ব্যবহৃত।

**kotoba** 言葉〘名〙

শব্দ; ভাষা; কথা; বাণী

¶あなたの国の言葉で本は何と言いますか。(Anata no kuni no *kotoba* de hon wa nan to iimasu ka?)
¶আপনার দেশের ভাষায় বইকে কি বলা হয়?

¶今日は，あいさつの言葉を勉強しましょう。(Kyō wa, aisatsu no *kotoba* o benkyō shimashō.)
¶আজকে অভিবাদনের শব্দগুলো পড়া যাক।

**kōtōgakkō** 高等学校〖名〗
**উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, হাই স্কুল; কলেজ**

¶日本の高等学校は3年です。(Nihon no *kōtōgakkō* wa sannen desu.)
¶জাপানের উচ্চ মাধ্যমিক স্কুল তিন বছরের।

＊略して「高校 (kōkō)」とも言う。
* সংক্ষেপে 'kōkō'ও বলা হয়।

**kotoshi** 今年
**এ বছর, এ সন; চলতি বছর**

¶今年は雨が多いですね。(*Kotoshi* wa ame ga ooi desu ne.)
¶এ বছর বেশ বৃষ্টি হচ্ছে, তাই না।

¶わたしは今年じゅうにこの仕事を終わらせるつもりです。(Watashi wa *kotoshi*jū ni kono shigoto o owaraseru tsumori desu.)
¶এ বছরের মধ্যে এ কাজটা শেষ করে ফেলার ইচ্ছা আমার আছে।

¶わたしは今年大学を卒業します。(Watashi wa *kotoshi* daigaku o sotsugyō shimasu.)
¶আমি এ বছর ইউনিভার্সিটি থেকে পাশ করে বের হব।

**kotowaru** 断る〖動I〗
**অস্বীকার করা, না করা; জানানো; বলা**

①[相手の願いを受け付けない]
১) অপরপক্ষের অনুরোধ প্রত্যাখ্যান করা

¶仕事を頼まれましたが，忙しいので断りました。(Shigoto o tanomaremashita ga, isogashii node *kotowarimashita*.)
¶কাজটার জন্য অনুরোধ করা হয়েছিল, কিন্তু ব্যস্ততার দরুন তা আমি না করে দিয়েছি।

②[前もって了解を求める]
২) পূর্বানুমতি নিয়ে রাখা

¶用事があったので，課長に断って会社を休みました。(Yōji ga atta node, kachō ni *kotowatte* kaisha o yasumimashita.)
¶কাজ ছিল, তাই বিভাগীয় প্রধানকে বলে অফিস থেকে ছুটি নিয়েছি।

**kōtsū** 交通〖名〗
**যাতায়াত; যানবাহন-চলাচল, পরিবহণ, ট্রাফিক**

交通事故 (*kōtsū*-jiko) ●সড়ক দুর্ঘটনা
交通信号 (*kōtsū*-shingō) ●ট্রাফিক-সিগন্যাল
交通費 (*kōtsū*hi) ●যাতায়াত-খরচ

¶この道は交通が激しいから注意してください。 (Kono michi wa *kōtsū* ga hageshii kara chūi shite kudasai.)

¶ এই রাস্তায় যানবাহন-চলাচল খুব দ্রুত, সতর্ক থাকবেন।

¶この辺は交通の便がいいですね。 (Kono hen wa *kotsū* no ben ga ii desu ne.)

¶ এই এলাকার যাতায়াত ব্যবস্থাটা খুব ভালো, তাই না।

**kowai 怖い〚形〛** **কড়া, কঠিন; ভয়ঙ্কর, ভয়ানক**

①[厳しい] ১) কঠোর

¶山田先生はとても怖い先生です。 (Yamada sensei wa totemo *kowai* sensei desu.)

¶ ইয়ামাদা স্যার খুবই কড়া শিক্ষক।

¶父が怖い顔でしかりました。(Chichi ga *kowai* kao de shikarimashita.)

¶ বাবা ভয়ঙ্কর চেহারা করে বকা দিয়েছেন।

②[恐ろしい] ২) ভয়াবহ

¶ゆうべ近所で火事があり，とても怖かったです。 (Yūbe kinjo de kaji ga ari, totemo *kowakatta* desu.)

¶ গতরাতে কাছাকাছি এলাকায় আগুন লেগেছিল বলে খুবই ভয় পেয়েছিলাম।

¶この辺は昔からお化けが出るといわれているので，夜は怖くて通れません。 (Kono hen wa mukashi kara obake ga deru to iwarete iru node, yoru wa *kowakute* tooremasen.)

¶ আদ্যিকাল থেকে বলা হয়ে আসছে যে, এই এলাকায় ভূত বের হয়, সেই ভয়ে রাতের বেলায় এই এলাকা দিয়ে চলাচল করতে পারি না।

**kowareru 壊れる〚動 II〛** **ভেঙ্গে যাওয়া; বিকল হওয়া, খারাপ হওয়া**

①[もとの形がなくなる] ১) মূল আকৃতি নষ্ট হয়ে যাওয়া

¶地震で家がたくさん壊れました。 (Jishin de ie ga takusan *kowaremashita.*)

¶ ভূমিকম্পে অনেক বাড়ীঘর ভেঙ্গে গিয়েছে।

②[機械などが働かなくなる] ২) যন্ত্র ইত্যাদি অচল হয়ে যাওয়া

¶このラジオは壊れています。 (Kono rajio wa *kowarete* imasu.)

¶ এই রেডিওটা খারাপ হয়ে আছে।

**kowasu 壊す〚動 I〛** **ভাঙ্গা, ভেঙ্গে ফেলা; খারাপ করা**

①[破壊する] ১) বিনষ্ট করা

¶この箱を壊したのはだれですか。

¶ এই বাক্সটা ভাঙ্গল কে?

(Kono hako o *kowashita* no wa dare desu ka?)

②[体を悪くする] — ২) স্বাস্থ্যহানি করা

¶わたしはおなかをこわしているので、何も食べられません。(Watashi wa onaka o *kowashite* iru nòde, nani mo taberaremasen.) — ¶ পেট খারাপ করেছে বলে আমি কিছুই খেতে পারছি না।

¶上田さんは働きすぎて、体をこわしてしまいました。(Ueda san wa hatarakisugite, karada o *kowashite* shimaimashita.) — ¶ উয়েদা-সান অতিরিক্ত কাজ করে শরীর খারাপ করে ফেলেছেন।

**koyomi** 暦〘名〙

☞**karendā** **カレンダー**

**kōzō** 構造〘名〙 — **গঠন, কাঠামো; সংগঠন**

¶この機械は構造が簡単です。(Kono kikai wa *kōzō* ga kantan desu.) — ¶ এই মেশিনের যান্ত্রিক গঠন সহজ।

¶日本の社会構造は複雑です。(Nihon no shakai-*kōzō* wa fukuzatsu desu.) — ¶ জাপানের সামাজিক কাঠামো বেশ জটিল

**kozukai** 小遣い〘名〙 — **হাতখরচ**

¶あなたの小遣いは一か月いくらですか。(Anata no *kozukai* wa ikkagetsu ikura desu ka?) — ¶ আপনার হাতখরচ মাসে কত?

**kozutsumi** 小包〘名〙 — **পার্সেল**

¶これは小包にして送りましょう。(Kore wa *kozutsumi* ni shite okurimashō.) — ¶ এটাকে পার্সেল করে পাঠানো যাক।

**ku** 九〘名〙 — **নয়, ন, নব; ৯ সংখ্যা**

九人 (***ku***nin) 九時 (***ku***ji) — ●নয় জন ●নয়টা বাজে

⇨**kyū** 九

**kubaru** 配る〘動 I〙 — **বিলি করা, বিতরণ করা; সরবরাহ করা**

新聞を配る (shinbun o *kubaru*) — ●খবরের কাগজ বিলি করা

¶そのパンフレットを皆さんに配ってください。(Sono panfuretto o minasan ni *kubatte* kudasai.) — ¶ ঐ পুস্তিকাগুলো সবার মধ্যে বিতরণ করে দিন।

**kubetsu** 区別〖名, ～する〗 — পার্থক্য, প্রভেদ; তফাৎ; ভিন্নতা

¶子供にはよいことと悪いことの区別をはっきり教えなければなりません。(Kodomo ni wa yoi koto to warui koto no *kubetsu* o hakkiri oshienakereba narimasen.) — ¶ভালো ও মন্দের পার্থক্য শিশুদের পরিষ্কার-ভাবে বুঝিয়ে দেওয়া উচিত।

¶あの兄弟は区別できないほどよく似ています。(Ano kyōdai wa *kubetsu* dekinai hodo yoku nite imasu.) — ¶ঐ ভাইয়ে-ভাইয়ে এতটা হুবহু মিল যে পার্থক্য করা যায় না।

**kubi** 首〖名〗 — গলদেশ, গলা, গ্রীবা, ঘাড়; মাথা

**kuchi** 口〖名〗 — মুখ

**kuchibiru** くちびる〖名〗 — ঠোঁট, ওষ্ঠাধর; ওষ্ঠ; অধর

**kudamono** 果物〖名〗 — ফল, ফলমূল

¶あなたはどんな果物が好きですか。(Anata wa donna *kudamono* ga suki desu ka?) — ¶আপনি কোন ধরনের ফল পছন্দ করেন?

¶果物屋でみかんとりんごを買いました。(*Kudamono*ya de mikan to ringo o kaimashita.) — ¶ফলের দোকান থেকে কমলা আর আপেল কিনেছি।

**kudari** 下り〖名〗 — অবরোহণ, নামা. [ণ] ডাউন

①[上から下に移ること, 下り坂] — ১) উপর থেকে নীচে স্থানান্তর, ঢালু রাস্তা

上り下りの船 (nobori *kudari* no fune) — ● উজানের বা ভাটির নৌকা

¶山道の上りはたいへんですが, 下りは楽です。(Yamamichi no nobori wa taihen desu ga, *kudari* wa raku desu.) — ¶পাহাড়ী রাস্তায় উঠা বেশ কষ্টকর, কিন্তু নামা সহজ।

¶あそこからは坂が下りになりますから楽です。(Asoko kara wa saka ga *kudari* ni narimasu kara raku desu.) — ¶ওখান থেকে রাস্তাটা ঢালু হয়ে যাওয়ায় বেশ আরাম।

②[中心からその他の所へ行く汽車・電車] — ২) কেন্দ্র থেকে বহির্মুখী যাওয়া ট্রেন ইত্যাদি

¶上りの電車はこんでいましたが, 下 — ¶আপ ট্রেনে ভীড় ছিল, কিন্তু ডাউন ট্রেনে

りの電車はすいていました。(Nobori no densha wa konde imashita ga, *kudari* no densha wa suite imashita.)
তেমন ভীড় ছিল না।

⇔**nobori** 上り

**kudaru** 下る〘動 I〙
নামা, অবরোহণ করা

¶雨になったので，わたしたちは急いで山を下りました。(Ame ni natta node, watashitachi wa isoide yama o *kudarimashita.*)
¶ বৃষ্টি এসে যাওয়ায় আমরা তাড়াতাড়ি পাহাড় থেকে নেমে পড়েছি।

¶この坂を下った所に本屋があります。(Kono saka o *kudatta* tokoro ni hon'ya ga arimasu.)
¶ এই ঢালু রাস্তা দিয়ে নেমে গেলেই বইয়ের দোকান।

⇔**noboru** 上る

**kudasai** ください〘動 I〙
দেবেন, দিন

¶うちに着いたら，すぐ電話をください。(Uchi ni tsuitara, sugu denwa o *kudasai.*)
¶ বাড়ী পৌঁছার সাথে সাথে টেলিফোন করে দেবেন।

¶何か飲み物をくださいませんか。(Nani ka nomimono o *kudasaimasen* ka?)
¶ পানি-টানি কিছু একটা দেবেন?
† 'kudasaru (দেওয়া)' এর অনুজ্ঞা-রূপ।

**(go～) kudasai** (御～) ください
(অনুরোধ ইত্যাদির ভদ্র অভিব্যক্তি)

¶その問題は山田先生に御相談ください。(Sono mondai wa Yamada sensei ni gosōdan *kudasai.*)
¶ সে ব্যাপারে ইয়ামাদা স্যারের সাথে পরামর্শ করে নিন।

＊ 普通「御 (go)」のあとには「研究 (kenkyū)」「紹介 (shōkai)」などの漢語が来る。
＊'go' (সম্মান বা বিনয়সূচক আদ্য-প্রত্যয়) এর পর 'kenkyū (গবেষণা)', 'shōkai (পরিচয়)' ইত্যাদি ধরনের চীনা উদ্ভূত শব্দ বসে।

**(o～) kudasai** (お～) ください
(অনুরোধ ইত্যাদির ভদ্র অভিব্যক্তি)

¶もっとゆっくりお話しください。(Motto yukkuri ohanashi *kudasai.*)
¶ আর একটু আস্তে আস্তে কথা বলুন।

**(～te) kudasai** (～て) ください
(অনুরোধ ইত্যাদির ভদ্র অভিব্যক্তি)

¶もっとゆっくり話してください。
(Motto yukkuri hanashite *kudasai.*)
¶আর একটু আস্তে আস্তে কথা বলুন।

¶第3課をみんなで読んでください。
(Daisanka o minna de yonde *kudasai.*)
¶তৃতীয় অধ্যায়টি সবাই মিলে পড়ুন।

¶寒いから，窓を開けないでください。
(Samui kara, mado o akenaide *kudasai.*)
¶শীত লাগছে, জানালা খুলবেন না।

**kudasaru** **くださる**〖動Ⅰ〗 **দেওয়া**

¶先生はわたしに本をくださいました。
(Sensei wa watashi ni hon o *kudasaimashita.*)
¶স্যার আমাকে বই দিয়েছেন।

¶これは田中先生がくださったペンです。 (Kore wa Tanaka sensei ga *kudasatta* pen desu.)
¶এটা তানাকা স্যারের দেওয়া কলম।

＊「くれる (kureru)」「与える (ataeru)」の尊敬語。「ますの形」は「くださいます (kudasaimasu)」となる。ある人が話し手や話し手側の者にある物を与えるという意味を表す。その物を受け取る人の側に立って言うときに使う。一般に，与える人が受け取る人より目上の人であるときに使う。同等か目下の人である場合には「くれる (kureru)」を使う。

＊ 'kureru (দেওয়া)' বা 'ataeru (দেওয়া)' এর সম্মানসূচক শব্দ। 'masu-রূপ'এর ক্ষেত্রে 'kudasaimasu' হয়ে যায়। কোনো ব্যক্তি বক্তাকে বা বক্তার পক্ষের কাউকে কিছু দেওয়ার অর্থ প্রকাশ করে। গ্রহীতার পক্ষ থেকে বলার ক্ষেত্রে ব্যবহৃত। সাধারণতঃ, দাতা যদি গ্রহীতার চেয়ে বয়োজ্যেষ্ঠ/উর্ধ্বতন ব্যক্তি হন সেক্ষেত্রে ব্যবহৃত। সমবয়সী/সমকক্ষ বা বয়োকনিষ্ঠ/অধস্তন ব্যক্তির ক্ষেত্রে 'kureru' ব্যবহৃত হয়।

→**kureru** **くれる**

**(～te) kudasaru** **（～て）くださる** **করে দেওয়া**

¶上田先生がわたしたちに日本語を教えてくださいました。 (Ueda sensei ga watashitachi ni Nihongo o oshiete *kudasaimashita.*)
¶উয়েদা স্যার আমাদের জাপানী ভাষা শিখিয়ে দিয়েছেন।

¶病気で寝ていたら，先生がお見舞い
¶অসুস্থ হয়ে যখন শয্যাশায়ী ছিলাম তখন

に来てくださいました。(Byōki de nete itara, sensei ga omimai ni kite *kudasaimashita.*)

স্যার আমাকে দেখতে এসেছিলেন।

＊「ますの形」は「(〜て)くださいます([〜te] kudasaimasu)」となる。ある人が話し手や話し手側の者のためにある動作をするという意味を表す。話し手の側に立って言うときに使う。一般に，動作をする人が話し手などよりも目上の人であるときに使う。同等か目下の人である場合には「(〜て)くれる([〜te] kureru)」を使う。

⇨(〜te) kureru (〜て) くれる

＊ 'masu-রূপ' এর ক্ষেত্রে '...te kudasai-masu' হয়ে যায়। কোনো ব্যক্তি বক্তার বা বক্তার পক্ষের কারও জন্য কোনো কার্য করে দেওয়ার অর্থ প্রকাশ করে। বক্তার পক্ষ থেকে বলার ক্ষেত্রে ব্যবহৃত। সাধারণতঃ, যিনি কার্য করে দেন তিনি যদি বক্তার চেয়ে উর্ধ্বতন/বয়োজ্যেষ্ঠ ব্যক্তি হন সেক্ষেত্রে ব্যবহৃত। আবার সমকক্ষ/সমবয়সী বা অধস্তন/বয়োকনিষ্ঠ ব্যক্তির ক্ষেত্রে '....te kureru' ব্যবহৃত হয়।

**kufū** 工夫【名, 〜する】 **কৌশল, কায়দা, উপায়; বুদ্ধিশুদ্ধি**

¶工夫に工夫を重ねて，ついに新製品を完成しました。(*Kufū* ni *kufū* o kasanete, tsuini shinseihin o kansei shimashita.)

¶একের পর এক বিভিন্ন উপায় অবলম্বনের পর অবশেষে নতুন পণ্যটির নির্মাণ সম্পূর্ণ হয়েছে।

¶いろいろ工夫しながらお菓子を作るのは楽しいです。(Iroiro *kufū* shinagara okashi o tsukuru no wa tanoshii desu.)

¶হরেক রকম বুদ্ধিশুদ্ধি করে মিষ্টি তৈরী করাটা আনন্দদায়ক।

**kugatsu** 九月【名】 **সেপ্টেম্বর মাস, সেপ্টেম্বর**

**kugi** くぎ【名】 **পেরেক, তারকাঁটা**

くぎを打つ (*kugi* o utsu) • পেরেক ঠোকা, পেরেক লাগানো

くぎを抜く (*kugi* o nuku) • পেরেক উঠানো

**kūki** 空気【名】 **বায়ু, বাতাস, হাওয়া**

¶都会は空気が汚れています。(Tokai wa *kūki* ga yogorete imasu.)

¶শহরে বাতাস দূষিত হয়ে আছে।

¶タイヤの空気が抜けていますよ。(Taiya no *kūki* ga nukete imasu yo.)

¶চাকার হাওয়া বের হয়ে গিয়েছে কিন্তু।

**kūkō** 空港【名】 **বিমানবন্দর, এয়ারপোর্ট**

¶空港から飛行機が次々に飛び立って

¶বিমানবন্দর থেকে প্লেন একের পর এক

いきます。 (*Kūkō* kara hikōki ga tsugitsugi ni tobitatte ikimasu.)

ছেড়ে যাচ্ছে।

⇨hikōjō 飛行場

**(-) kumi** (-) 組〖名, 尾〗

1 〖名〗

১ দল, শাখা, গ্রুপ

¶わたしたちの組は全部で 15 名です。 (Watashitachi no *kumi* wa zenbu de jūgomei desu.)

¶ আমাদের 'দলে সব মিলিয়ে পনেরোজন আছেন।

2 〖尾〗

২ দল, শাখা, গ্রুপ

¶3 年生はA組からE組まであります。 (Sannensei wa Ē-*gumi* kara Ii-*gumi* made arimasu.)

¶ তৃতীয় শ্রেণীতে ক শাখা থেকে ঙ শাখা পর্যন্ত আছে।

**kumiai** 組合〖名〗

সংঘ, সমিতি, ইউনিয়ন

労働組合 (rōdō-*kumiai*)

● শ্রমিক সংঘ, ট্রেড ইউনিয়ন

協同組合 (kyōdō-*kumiai*)

● সমবায় সমিতি

¶この会社には組合があります。 (Kono kaisha ni wa *kumiai* ga arimasu.)

¶ এই কোম্পানীতে ইউনিয়ন আছে।

¶この売店は組合員だけが利用できます。 (Kono baiten wa *kumiai*in dake ga riyō dekimasu.)

¶ এই বিক্রয়কেন্দ্রটি শুধু সমিতির সদস্যরাই ব্যবহার করতে পারেন।

**kumitateru** 組み立てる〖動 II〗

জোড়া লাগানো; সংযোজন করা

¶このラジオは自分で組み立てました。 (Kono rajio wa jibun de *kumitatemashita.*)

¶ বিভিন্ন অংশ জোড়া লাগিয়ে এই রেডিওটা আমি নিজেই তৈরী করেছি।

¶材料を組み立てて, 本だなを作りました。 (Zairyō o *kumitatete,* hondana o tsukurimashita.)

¶ উপকরণগুলো জোড়া লাগিয়ে বইয়ের শেলফ তৈরী করেছি।

**kumo** 雲〖名〗

মেঘ

¶今日は雲一つない, いい天気です。 (Kyō wa *kumo* hitotsu nai, ii tenki desu.)

¶ আজ একটুও মেঘ নেই, খুব ভালো আবহাওয়া।

**kumori** 曇り〖名〗

[ণ] মেঘলা, মেঘাচ্ছন্ন, মেঘাবৃত

¶あしたは曇りで, 風も強いそうです。

¶ আগামীকাল আকাশ মেঘাচ্ছন্ন থাকবে, আর

(Ashita wa *kumori* de, kaze mo tsuyoi sō desu.) — বাতাসও প্রবল বেগে বয়ে যাবে বলে শুনেছি।

⇨hare 晴れ

**kumoru** 曇る〘動 I〙 — **মেঘ করা, মেঘলা হওয়া; ধোঁয়াটে হওয়া**

¶今日は朝から曇っています。 (Kyō wa asa kara *kumotte* imasu.) — ¶ আজ সকাল থেকে মেঘ করে আছে।

⇨hareru 晴れる

**kumu** 組む〘動 I〙 — **পেঁচানো, জড়ানো, পাকানো; দলবদ্ধ হওয়া**

①[からみ合わせる] — ১) পেঁচিয়ে জট পাকানো

¶田中さんは腕を組んで考え込んでいます。(Tanaka san wa ude o *kunde* kangaekonde imasu.) — ¶ তানাকা-সান হাত দু'টো বক্ষাবদ্ধ করে চিন্তায় ডুবে আছেন।

②[あることをするために仲間になる] — ২) কোনো কাজের জন্য জোটবদ্ধ হওয়া

¶わたしは田中さんと組んでテニスの試合に勝ちました。 (Watashi wa Tanaka san to *kunde* tenisu no shiai ni kachimashita.) — ¶ আমি তানাকা-সানের সাথে যুগ্মভাবে টেনিস খেলায় জিতেছি।

**kumu** くむ〘動 I〙 — **(তরল পদার্থ ইত্যাদি) ভরা; তুলা**

¶バケツに水をくんで持って来てください。 (Baketsu ni mizu o *kunde* motte kite kudasai.) — ¶ বালতিতে পানি ভরে নিয়ে আসুন।

¶川から水をくんできて，畑にまきます。(Kawa kara mizu o *kunde* kite, hatake ni makimasu.) — ¶ নদী থেকে পানি তুলে এনে ক্ষেতে দেওয়া হয়।

**-kun** -君〘尾〙 — **(ব্যক্তিকে সম্বোধনের বা বর্ণনার অন্ত্য-প্রত্যয়)**

田中君 (Tanaka *kun*) — ● তানাকা-কুন

＊ 普通，男の人が男の友達や目下の男の人を呼ぶときに名前のあとにつけて使う。 — ＊ব্যক্তির নামের পরে যুক্ত হয়। সাধারণতঃ বন্ধু বা অধস্তন/বয়োকনিষ্ঠদের সম্বোধনের বা বর্ণনার ক্ষেত্রে পুরুষদের মধ্যেই ব্যবহৃত।

**kuni** 国〘名〙 — **দেশ; স্বগ্রাম**

①[国家] — ১) রাষ্ট্র

¶わたしのクラスの学生は，いろいろな国から来ています。 (Watashi no kurasu no gakusei wa, iroiro na — ¶ আমাদের ক্লাসের ছাত্রছাত্রীরা বিভিন্ন দেশ থেকে এসেছে।

*kuni* kara kite imasu.)

②〔自分の生まれた所〕

২) নিজের জন্মস্থান

¶わたしはお正月には国へ帰ります。(Watashi wa oshōgatsu ni wa *kuni* e kaerimasu.)

¶ আমি নববর্ষের সময় দেশে যাই।

**kūrā** クーラー〔名〕

**শীতাতপ-নিয়ন্ত্রণ যন্ত্র, এয়ার কুলার**

¶暑いときにはクーラーがあるといいですね。(Atsui toki ni wa *kūrā* ga aru to ii desu ne.)

¶ গরমের সময় এয়ার কুলার থাকলে ভালো হয়, তাই না।

**kuraberu** 比べる〔動 II〕

**তুলনা করা, পার্থক্য নিরূপণ করা**

¶この紙とその紙を比べると，この紙のほうが質がいいです。(Kono kami to sono kami o *kuraberu* to, kono kami no hō ga shitsu ga ii desu.)

¶ এই কাগজের সাথে ঐ কাগজ তুলনা করলে দেখা যায় যে এই কাগজই উচ্চমানের।

¶今年は去年に比べて雨が少ないです。(Kotoshi wa kyonen ni *kurabete* ame ga sukunai desu.)

¶ এ বছর গত বছরের তুলনায় বৃষ্টি কম।

⇨**hikaku** 比較

**kurai** 暗い〔形〕

**অন্ধকার, আঁধার**

¶この部屋は昼間でも暗いです。(Kono heya wa hiruma demo *kurai* desu.)

¶ এই ঘরটা দিনের বেলায়ও অন্ধকার।

¶暗くなったから，家へ帰りましょう。(*Kuraku* natta kara, ie e kaerimashō.)

¶ অন্ধকার হয়ে এসেছে, বাড়ী ফেরা যাক।

⇔**akarui** 明るい

**kurai** くらい〔助〕

**মতো, প্রায়**

①〔だいたいの数量や程度などを表す〕

১) সংখ্যা, পরিমাণাদির আসন্নমান প্রকাশ করে

¶「ここからあなたの家まで歩いてどのくらいかかりますか。」(Koko kara anata no ie made aruite dono *kurai* kakarimasu ka?) 「15分ぐらいです。」(Jūgofun *gurai* desu.)

¶ "এখান থেকে আপনার বাড়ী পর্যন্ত হেঁটে যেতে কতক্ষণের মতো লাগে?" "পনেরো মিনিটের মতো লাগে।"

¶「あなたのうちは駅からどのくらいあ

¶ "আপনার বাড়ী স্টেশন থেকে কত দূর

りますか。」(Anata no uchi wa eki kara dono *kurai* arimasu ka?)「10キロぐらいあります。」(Jikkiro *gurai* arimasu )

হতে পারে?"
"দশ কিলোমিটারের মতো।"

¶「本代は一か月いくらぐらいかかりますか。」(Hondai wa ikkagetsu ikura *gurai* kakarimasu ka?)「三千円ぐらいかかります。」(Sanzen'en *gurai* kakarimasu.)

¶ "বই কেনার খরচ বাবদ মাসে কত টাকার মতো লাগে?"
"তিনহাজার ইয়েনের মতো লাগে।"

②[ある例を挙げてそれとだいたい同じ程度であることを表す]

২) কোনো উদাহরণের মাত্রা এবং আলোচ্য বিষয়ের মাত্রা সমান— এমন অর্থ প্রকাশ করে

¶上田さんの部屋は，ちょうどこれくらいの広さです。(Ueda san no heya wa, chōdo kore *kurai* no hirosa desu.)

¶ উয়েদা-সানের ঘরটা ঠিক এ রকম প্রশস্ত।

¶山田さんぐらい英語が上手に話せればいいのですが…。(Yamada san *kurai* Eigo ga jōzu ni hanasereba ii no desu ga...)

¶ ইয়ামাদা-সানের মতো ভালভাবে ইংরেজীতে কথা বলতে পারলে তো ভালোই হত।

¶もう一歩も歩けないくらい疲れてしまいました。(Mō ippo mo arukenai *kurai* tsukarete shimaimashita.)

¶ এত ক্লান্ত হয়ে পড়েছি যে আর এক পা'ও হাঁটতে পারছি না।

③[あるものごとを簡単なもの・やさしいもの・程度の低いものなどの例として示す]

৩) কোনো বিষয়কে সহজ, সরল বা ন্যূন মাত্রার ধরে উদাহরণ হিসাবে উত্থাপন করা

¶子供でもこのくらいのことは知っていますよ。(Kodomo demo kono *kurai* no koto wa shitte imasu yo.)

¶ এ রকম একটা ব্যাপার তো এমনকি বাচ্চারাও জানে।

¶こんな易しい漢字くらいだれだって書けますよ。(Konna yasashii kanji *kurai* dare datte kakemasu yo.)

¶ এত সহজ *কানজি* তো সবাই লিখতে পারে।

¶日本語を半年も勉強しているのですから，もう平仮名ぐらいは書けるでしょう。(Nihongo o hantoshi mo

¶ জাপানী ভাষা শিখছেন ছয় মাস তো হয়ে গেল, এতদিনে তো কমপক্ষে হিরাগানা লিখতে পারার কথা।

benkyō shite iru no desu kara, mō hiragana *gurai* kakeru deshō.)

¶お金がないといっても，百円くらいは持っているでしょう。(Okane ga nai to itte mo, hyakuen *kurai* wa motte iru deshō.)
¶ টাকাকড়ি নেই বললেও একশো ইয়েনের মতো তো সাথে আছে।

④[ほかに同じ程度のものがなくそれがいちばんであるということを表す]
৪) সমান মাত্রার আর কিছুই নেই এবং যা আছে সেটাই সবচেয়ে ভালো— এমন অর্থ প্রকাশ করে

¶あの人くらい親切な人はいません。(Ano hito *kurai* shinsetsu na hito wa imasen.)
¶ তাঁর মতো অত দয়ালু লোক আর হয় না।

¶山に登ったとき飲む水くらいおいしいものはありません。(Yama ni nobotta toki nomu mizu *kurai* oishii mono wa arimasen.)
¶ পাহাড়ে ওঠার সময় খাওয়ার পানির মতো অত সুপেয় জিনিস আর নেই।

*「～くらい～はない (～kurai ～ wa nai)」の形で使う。
* '...kurai ... wa nai' এই রূপে ব্যবহৃত।

*「ぐらい (gurai)」とも言う。
* 'gurai'ও বলা হয়।

**kurasu** 暮らす〘動Ｉ〙
**জীবনযাপন করা ; বাস করা, থাকা**

¶1か月5万円で暮らすのは無理です。(Ikkagetsu goman'en de *kurasu* no wa muri desu.)
¶ মাসে পঞ্চাশহাজার ইয়েন দিয়ে জীবনযাপন করা অসম্ভব।

¶家族は皆元気に暮らしていますから，御安心ください。(Kazoku wa mina genki ni *kurashite* imasu kara, goanshin kudasai.)
¶ বাড়ীর সবাই ভালো আছেন, কোনো চিন্তা করবেন না।

**kurasu** クラス〘名〙
**ক্লাস, শ্রেণী**

¶わたしのクラスでは，上田さんがいちばん背が高いです。(Watashi no *kurasu* de wa, Ueda san ga ichiban sei ga takai desu.)
¶ আমাদের ক্লাসের মধ্যে উয়েদা-সানই সবচেয়ে লম্বা।

**kureru** 暮れる〘動II〙
**অন্ধকার হওয়া ; সন্ধ্যা হওয়া ; বছর শেষ হওয়া**

①[日が沈んで暗くなる]
১) সূর্য ডুবে গিয়ে দিবাবসান হওয়া

¶日が暮れる前に仕事を終えましょう。
¶ সন্ধ্যা হওয়ার আগেই কাজটা শেষ করে

(Hi ga *kureru* mae ni shigoto o oemashō.)

ফেলা যাক।

②[時が経過して年や季節などが終わりになる]

২) সময় অতিবাহিত হয়ে বছর, ঋতু ইত্যাদির অবসান হওয়া

¶あと数日で今年も暮れますね。(Ato sūjitsu de kotoshi mo *kuremasu* ne.)

¶আর কয়েকদিনের মধ্যেই এ বছরটাও তো শেষ হতে যাচ্ছে।

**kureru くれる〖動II〗** **দেওয়া**

¶父がわたしにお金をくれました。(Chichi ga watashi ni okane o *kuremashita.*)

¶বাবা আমাকে টাকা দিয়েছেন।

¶上田さんが弟に誕生日のお祝いをくれました。(Ueda san ga otōto ni tanjōbi no oiwai o *kuremashita.*)

¶উয়েদা-সান আমার ছোটভাইকে জন্মদিনের উপহার দিয়েছেন।

* 普通, ある人が話し手や話し手側の者にある物を与えるという意味を表す。その物を受け取る人の側に立って言うときに使う。一般に, 与える人が受け取る人と同等か目下の人または身内の人であるときに使う。目上の人である場合には「くださる (kudasaru)」を使う。「先生がこの本をくださいました。(Sensei ga kono hon o kudasaimashita.)」

* সাধারণতঃ কোনো ব্যক্তি, বক্তা বা বক্তার পক্ষের কাউকে কোনো কিছু প্রদানের অর্থ প্রকাশ করে। গ্রহীতার পক্ষ থেকে বলার ক্ষেত্রে ব্যবহৃত। সাধারণতঃ দাতা যদি গ্রহীতার সমকক্ষ/সমবয়সী বা তার চেয়ে অধস্তন/বয়োকনিষ্ঠ ব্যক্তি অথবা আত্মীয় হন সেক্ষেত্রে ব্যবহৃত। আবার উর্ধ্বতন বয়োজ্যেষ্ঠ ব্যক্তির ক্ষেত্রে 'kudasaru' ব্যবহৃত। যেমন, 'Sensei ga kono hon o kudasaimashita. (স্যার আমাকে এ বইটি দিয়েছেন।)'।

⇨**kudasaru くださる**

**(~te) kureru (~て) くれる〖連〗** **করে দেওয়া**

¶母がわたしにシャツを買ってくれました。(Haha ga watashi ni shatsu o katte *kuremashita.*)

¶মা আমাকে শার্ট কিনে দিয়েছেন।

¶このことについては上田さんにきけば, 詳しく教えてくれると思います。(Kono koto ni tsuite wa Ueda san ni kikeba kuwashiku oshiete *kureru* to omoimasu.)

¶এ ব্যাপারে উয়েদা-সানকে জিজ্ঞাসা করা হলে তিনি বিস্তারিতভাবে বুঝিয়ে দেবেন বলে মনে করছি।

* ある人が話し手のためにある動作

* কোনো ব্যক্তি বক্তা বা বক্তার পক্ষের

をするという意味を表す。話し手の側に立って言うときに使う。一般に，動作をする人が，話し手などと同等か目下の人であるときに使う。動作をする人が話し手などより目上である場合には，「(〜て) くださる ([〜te] kudasaru)」を使う。「先生に伺えば，詳しく教えてくださると思います。(Sensei ni ukagaeba, kuwashiku oshiete kudasaru to omoimasu.)」
⇨(〜te) **kudasaru** (〜て) **くださる**

কাউকে কোনো কার্য করে দেওয়ার অর্থ প্রকাশ করে। বক্তার পক্ষ থেকে বলার ক্ষেত্রে ব্যবহৃত। সাধারণতঃ যিনি কার্য করে দেন তিনি যদি বক্তার সমকক্ষ/সমবয়সী বা তার চেয়ে অধস্তন/বয়োকনিষ্ঠ হন সেক্ষেত্রে ব্যবহৃত। আবার উর্ধ্বতন/বয়োজ্যেষ্ঠ ব্যক্তির ক্ষেত্রে 'te kudasaru' ব্যবহৃত। যেমন, 'Sensei ni ukagae ba kuwashiku oshiete kudasaru to omoimasu. (স্যারকে জিজ্ঞাসা করলে বিস্তারিত বুঝিয়ে দেবেন বলে মনে করছি।)'।

**kuriiningu　クリーニング〖名〗** লন্ড্রি

洋服を**クリーニング**に出す (yōfuku o *kuriiningu* ni dasu.)
• জামা-কাপড় লন্ড্রিতে দেওয়া

¶ワイシャツが汚れたので，**クリーニング屋**へ持っていきました。(Waishatsu ga yogoreta node, *kuriininguya* e motte ikimashita.)
¶ শার্টটা ময়লা হয়েছিল বলে লন্ড্রিতে দিতে গিয়েছিলাম।

**kurikaesu　繰り返す〖動 I〗** বারবার করা, পুনঃ পুনঃ করা; পুনরাবৃত্তি করা

¶教科書を**繰り返して**読みましたが，わかりませんでした。(Kyōkasho o *kurikaeshite* yomimashita ga, wakarimasen deshita.)
¶ পাঠ্যবইটা বারবার পড়লাম কিন্তু বুঝতে পারলাম না।

¶その発音を何度も**繰り返して**練習しましたが，うまく言えませんでした。(Sono hatsuon o nando mo *kurikaeshite* renshū shimashita ga, umaku iemasen deshita.)
¶ ঐ উচ্চারণটা বারবার পুনরাবৃত্তির মাধ্যমে অনুশীলন করলাম কিন্তু ঠিকমতো উচ্চারণ করতে পারলাম না।

**kurisumasu　クリスマス〖名〗** বড়দিন, খ্রীসমাস

¶12月24日の夜に**クリスマス**パーティーを開きました。(Jūnigatsu nijūyokka no yoru ni *kurisumasu* pātii o hirakimashita.)
¶ চব্বিশে ডিসেম্বর রাতে খ্রীসমাস পার্টির আয়োজন করেছিলাম।

**kuro　黒〖名〗** কালো রঙ, কৃষ্ণবর্ণ

黒インク (*kuro*inku) 白黒フィルム (shiro*kuro*-firumu) 黒髪 (*kuro*kami) 黒砂糖 (*kuro*zatō) 黒ビール (*kuro*biiru)

●কালো কালি ●সাদা-কালো ফিলম ●কালো চুল ●গুড় ●ব্ল্যাক বিয়ার

**kurō** 苦労〖名, ～する〗 **কষ্ট; পরিশ্রম; অসুবিধা**

¶御苦労さまでした。 (Go*kurō*sama deshita.)

¶ ধন্যবাদ, আপনি অনেক কষ্ট-স্বীকার করলেন।

¶よい辞書がないので, 勉強するのに苦労しました。 (Yoi jisho ga nai node, benkyō suru no ni *kurō* shimashita.)

¶ ভালো অভিধান না থাকায় পড়াশোনা করতে অসুবিধা হয়েছে।

¶父が早く死んだので, 母は苦労してわたしたちを育てました。(Chichi ga hayaku shinda node, haha wa *kurō* shite watashitachi o sodatemashita.)

¶ বাবা বেশ আগে মারা যাওয়ায় মা অনেক কষ্ট করে আমাদের মানুষ করেছেন।

＊「御苦労さま。 (Gokurōsama.)」「御苦労さまでした。(Gokurōsama deshita.)」というあいさつの言葉は目上の者が目下の者に対して使う。

＊ gokurōsama' বা 'gokurōsama-deshita' এই ধরনের অভিবাদনের অভিব্যক্তি উর্ধ্বতন/বয়োজ্যেষ্ঠ ব্যক্তির পক্ষ থেকে অধস্তন/বয়োকনিষ্ঠ ব্যক্তির প্রতি বলার ক্ষেত্রে ব্যবহৃত।

**kuroi** 黒い〖形〗 **কালো, কৃষ্ণ**

¶田中さんは黒いくつをはいています。(Tanaka san wa *kuroi* kutsu o haite imasu.)

¶ তানাকা-সান কালো রঙের জুতা পরে আছেন।

¶日に焼けて顔が黒くなりました。(Hi ni yakete kao ga *kuroku* narimashita.)

¶ রোদে পুড়ে মুখটা কালো হয়ে গিয়েছে।

**kuru** 来る〖動Ⅲ〗 **আসা, আগমন করা**

¶もうすぐ春が来ます。 (Mō sugu haru ga *kimasu.*)

¶ খুব শীগ্‌গিরই বসন্ত এসে পড়ছে।

¶山田さんはまだ来ませんか。(Yamada san wa mada *kimasen* ka?)

¶ ইয়ামাদা-সান কি এখনও আসেননি?

¶今度日本へ来るときには, 奥さんも連れてきてください。(Kondo Nihon e

¶ পরের বার জাপানে আসার সময় আপনার স্ত্রীকেও সাথে নিয়ে আসবেন।

*kuru* toki ni wa, okusan mo tsurete kite kudasai.)
⇔iku 行く

**~te) kuru (～て) くる〔連〕** করে আসা

①[こちらへ近づく，あることをしてからこちらにもどる] ১) বক্তার নিকটবর্তী হওয়া, কার্যসমাপনান্তে পুনরাগমন করা

¶向こうから大きなトラックが走ってきました。(Mukō kara ookina torakku ga hashitte *kimashita.*) ¶ ওদিক থেকে বড় একটা ট্রাক ছুটে এসেছিল।

¶すみません。今日は宿題をしてきませんでした。(Sumimasen. Kyō wa shukudai o shite *kimasen deshita.*) ¶ খুব দুঃখিত। আজ আমি হোম-ওয়ার্ক নিয়ে আসিনি।

¶その問題について，昨日図書館へ行って調べてきました。(Sono mondai ni tsuite, kinō toshokan e itte shirabete *kimashita.*) ¶ গতকাল লাইব্রেরীতে গিয়ে সে ব্যাপারে খোঁজখবর নিয়ে এসেছি।

↔(~te) iku (～て) いく

②[動作・作用が継続してある時点に至る] ২) কার্য বা প্রক্রিয়া ধারাবাহিকভাবে কোনো নির্দিষ্ট মুহূর্ত পর্যন্ত চলতে থাকা

¶この1年間毎日日本語を勉強してきました。(Kono ichinenkan mainichi Nihongo o benkyō shite *kimashita.*) ¶ এই একবছর ধরে রোজ জাপানী ভাষা পড়ে আসছি।

¶今までこの会社に20年間勤めてきました。(Ima made kono kaisha ni nijūnenkan tsutomete *kimashita.*) ¶ এই কোম্পানীতে গত বিশবছর যাবৎ চাকরি করে এসেছি।

↔(~te) iku (～て) いく

③[動作・作用が始まる] ৩) কার্য বা প্রক্রিয়া আরম্ভ হওয়া

¶あっ，雨が降ってきた。(A'! Ame ga futte *kita.*) ¶ আঃ। বৃষ্টি নেমে পড়েছে।

¶急におなかが痛くなってきました。(Kyū ni onaka ga itaku natte *kimashita.*) ¶ হঠাৎ পেট ব্যথা করে উঠল।

④[だんだんにある状態に変わる] ৪) ক্রমে ক্রমে কোনো অবস্থায় পরিবর্তিত হওয়া

¶大雨が降って，川の水が増えてきま ¶ প্রবল বৃষ্টিতে নদীর পানি বেড়ে গিয়েছে।

した。(Ooame ga futte, kawa no mizu ga fuete *kimashita.*)

¶最近，物価が高くなってきて，人々は困っています。(Saikin, bukka ga takaku natte *kite,* hitobito wa komatte imasu.)
¶ইদানীং দ্রব্যমূল্য বেড়ে যাওয়ায় লোকজনের বেশ কষ্ট হচ্ছে।

¶霧がはれて，星がはっきり見えてきました。(Kiri ga harete, hoshi ga hakkiri miete *kimashita.*)
¶কুয়াশা কেটে গিয়ে তারাগুলো পরিষ্কার দেখা যেতে লাগল।

↔(~te) iku (~て) いく

⑤[ものごとが出現する] ৫) কোনো বিষয়ের আবির্ভাব হওয়া

¶いい考えが頭に浮かんできました。(Ii kangae ga atama ni ukande *kimashita.*)
¶ভালো বুদ্ধি মাথায় এসেছে।

¶うちからの手紙を読んでいたら，妹の顔が浮かんできました。(Uchi kara no tegami o yonde itara, imōto no kao ga ukande *kimashita.*)
¶বাড়ী থেকে আসা চিঠি পড়তে পড়তে আমার ছোটবোনের মুখটি মনে পড়ে গেল।

**kuruma** 車〔名〕 চাকা; গাড়ী, চক্রযান

①[車輪] ১) চক্র

¶この旅行かばんには車がついています。(Kono ryokō-kaban ni wa *kuruma* ga tsuite imasu)
¶এই ভ্রমণ-ব্যাগে চাকা লাগানো আছে।

¶馬車の車が壊れてしまったから，直してください。(Basha no *kuruma* ga kowarete shimatta kara, naoshite kudasai.)
¶ঘোড়ার গাড়ীর চাকাটা ভেঙ্গে গেল, একটু ঠিক করে দিন।

②[乗り物，自動車] ২) যানবাহন, মোটরগাড়ী

車に乗る (*kuruma* ni noru) •গাড়ীতে চড়া

車を降りる (*kuruma* o oriru) •গাড়ী থেকে নামা

¶ここから駅まで車で10分です。(Koko kara eki made *kuruma* de jippun desu.)
¶এখান থেকে স্টেশন পর্যন্ত গাড়ীতে দশ মিনিট লাগে।

**kurushii** 苦しい〔形〕 কষ্টকর; বেদনাদায়ক; দুঃখজনক

①[体のぐあいが悪くて我慢できない様子]
১) শারীরিক অসুস্থতায় অসহ্যবোধ হওয়া এমন

¶病人はとても苦しそうです。(Byōnin wa totemo *kurushisō* desu.)
¶ রোগীর খুবই কষ্ট হচ্ছে মনে হয়।

②[お金や物などがなくて困っている様子]
২) অর্থের বা জিনিসপত্রের অভাবে অসুবিধা হওয়া এমন

¶月給が安いから生活が苦しいです。(Gekkyū ga yasui kara seikatsu ga *kurushii* desu.)
¶ বেতন কম বলে জীবনযাপন কষ্টকর হচ্ছে।

**kurushimu** 苦しむ〘動 I〙
**কষ্ট পাওয়া; ভোগা, দুঃখভোগ করা**

①[体のぐあいが悪くて我慢できない]
১) শারীরিক অসুস্থতায় অসহ্যবোধ হওয়া

¶田中さんは長い間病気で苦しんでいます。(Tanaka san wa nagai aida byōki de *kurushinde* imasu.)
¶ তানাকা-সান অনেকদিন ধরে অসুখে ভুগছেন।

②[お金や物などがなくて困る]
২) অর্থের বা জিনিসপত্রের অভাবে অসুবিধা হওয়া

¶世界には食べ物がなくて苦しんでいる人がおおぜいいます。(Sekai ni wa tabemono ga nakute *kurushinde* iru hito ga oozei imasu.)
¶ পৃথিবীতে এমন অনেক লোক আছে যারা খাদ্যের অভাবে কষ্ট পাচ্ছে।

¶都会の人たちは住宅の不足に苦しんでいます。(Tokai no hitotachi wa jūtaku no fusoku ni *kurushinde* imasu.)
¶ শহরের লোকজন আবাসিক বাড়ীর অভাবে কষ্টে আছে।

**kusa** 草〘名〙
**ঘাস, তৃণ; আগাছা**

草を刈る (*kusa* o karu) ● ঘাস কাটা
枯草 (kare*kusa*) ● শুকনা ঘাস
草原 (*kusa*hara) ● তৃণাঞ্চল
草花 (*kusa*bana) ● ঘাস ও ফুল

¶庭に草が生えたので，草取りをしました。(Niwa ni *kusa* ga haeta node, *kusa*tori o shimashita.)
¶ বাগানে আগাছা গজিয়েছিল বলে কেটে সাফ করেছি।

**kusai** 臭い〘形〙
**গন্ধময়, দুর্গন্ধময়, পূতিগন্ধময়**

汗臭い (ase*kusai*) ● ঘামের গন্ধ হওয়া
酒臭い (sake*kusai*) ● মদের গন্ধ হওয়া

¶この川はみんながごみを捨てるので，
¶ সবাই ময়লা ফেলে বলে এই নদী থেকে

とても臭いです。(Kono kawa wa minna ga gomi o suteru node, totemo *kusai* desu.) ভীষণ দুর্গন্ধ আসে।

**kusaru** 腐る〔動 I〕 পচে যাওয়া; নষ্ট হওয়া, খারাপ হওয়া

①〔腐敗する〕 ১) পচন ধরা

¶腐った魚を食べて, おなかをこわしました。(*Kusatta* sakana o tabete, onaka o kowashimashita.) ¶ পচা মাছ খেয়ে পেট খারাপ করে ফেলেছি।

¶夏は食べ物が腐りやすいです。(Natsu wa tabemono ga *kusari-yasui* desu.) ¶ গ্রীষ্মকালে খাবার জিনিস সহজেই পচে যায়।

¶腐らないようにこれを冷蔵庫に入れておきましょう。(*Kusaranai* yō ni kore o reizōko ni irete okimashō.) ¶ এটাকে ফ্রিজে রেখে দেওয়া যাক যাতে নষ্ট না হয়ে যায়।

②〔木などが悪くなって役に立たなくなる〕 ২) কাঠ ইত্যাদি অকেজো হয়ে পড়া

¶この家はたいへん古くて, 柱が腐っています。(Kono ie wa taihen furukute, hashira ga *kusatte* imasu.) ¶ এই বাড়ীটা এত পুরানো যে এর খুঁটিগুলো পর্যন্ত পচে গিয়েছে।

**kuse** 癖〔名〕 অভ্যাস; বদভ্যাস

¶あの人はうそをつく癖があります。(Ano hito wa uso o tsuku *kuse* ga arimasu.) ¶ তার মিথ্যা বলার বদভ্যাস আছে।

¶寝る前に本を読むのが癖になってしまいました。(Neru mae ni hon o yomu no ga *kuse* ni natte shimai-mashita.) ¶ ঘুমানোর আগে বই পড়াটা অভ্যাস হয়ে দাঁড়িয়েছে।

**kushami** くしゃみ〔名〕 হাঁচি

くしゃみをする (*kushami* o suru) • হাঁচি দেওয়া

¶風邪を引いているので, くしゃみが出て困ります。(Kaze o hiite iru node, *kushami* ga dete komarimasu.) ¶ ঠাণ্ডা লাগায় হাঁচি আসছে, তাই বেশ অসুবিধা হচ্ছে।

**kushi** くし〔名〕 চিরুনি

¶わたしは毎朝くしで髪の毛をとかし ¶ আমি রোজ সকালে চিরুনি দিয়ে চুল

ます。 (Watashi wa maiasa *kushi* de kaminoke o tokashimasu.)
আঁচড়াই।

**kushin** 苦心〖名, ～する〗
কঠোর পরিশ্রম, মেহনত; কষ্ট

¶苦心の末, ようやく論文を書き終えました。 (*Kushin* no sue, yōyaku ronbun o kakioemashita.)
¶অনেক পরিশ্রমের পর অবশেষে থিসিস লেখা শেষ করলাম।

¶彼はたいへん苦心して, その詩を書きました。(Kare wa taihen *kushin* shite, sono shi o kakimashita.)
¶সে অনেক মেহনত করে কবিতাটি লিখেছে।

**kusuri** 薬〖名〗
ওষুধ, ঔষধ

薬屋 (*kusuri*ya)
●ওষুধের দোকান, ঔষধালয়

風邪薬 (kaze-*gusuri*)
●সর্দিকাশির ওষুধ

薬代 (*kusuri*dai)
●ওষুধের খরচ

薬びん (*kusuri*bin)
●ওষুধের শিশি

¶今夜は薬を飲んで早く寝たほうがいいですよ。 (Kon'ya wa *kusuri* o nonde hayaku neta hō ga ii desu yo.)
¶আজ রাতে ওষুধ খেয়ে তাড়াতাড়ি শুয়ে পড়াটাই উচিত হবে কিন্তু।

¶この薬はあまり効きませんね。 (Kono *kusuri* wa amari kikimasen ne.)
¶এই ওষুধটায় তো তেমন একটা কাজ হচ্ছে না।

**kutsu** くつ〖名〗
জুতা

くつ屋 (*kutsu*ya)
●জুতার দোকান

長ぐつ (naga-*gutsu*)
●বুট জুতা

運動ぐつ (undō*gutsu*)
●ব্যায়ামের জুতা, খেলার জুতা

くつみがき (*kutsu*migaki)
●জুতা পালিশ

くつをはく (*kutsu* o haku)
●জুতা পরা

くつを脱ぐ (*kutsu* o nugu)
●জুতা খোলা

**kutsushita** くつ下〖名〗
মোজা

ナイロンのくつ下 (nairon no *kutsu-shita*)
●নাইলনের মোজা

毛のくつ下 (ke no *kutsu-shita*)
●উলের মোজা

¶このくつ下は婦人用です。 (Kono *kutsushita* wa fujin'yō desu.)
¶এই মোজা মহিলাদের জন্য।

**kuu** 食う〖動 I〗
খাওয়া; কামড় দেওয়া; খরচ হওয়া

①[食べる]
১) আহার করা

えさを食う (esa o *kuu*) ●আধার খাওয়া

¶木の葉がこんなに虫に食われています。(Ki no ha ga konna ni mushi ni *kuwarete* imasu.) ¶গাছের পাতাগুলো পোকায় এতটা খেয়ে ফেলেছে।

*「食べる (taberu)」に比べて，あまり丁寧な言葉ではない。 * 'taberu (খাওয়া)' এর তুলনায় ততটা ভদ্র শব্দ নয়।

②[虫などがかんだり刺したりする] ২) পোকামাকড়ের দংশন করা

¶蚊に食われて，手がかゆくてたまりません。(Ka ni *kuwarete*, te ga kayukute tamarimasen.) ¶মশার কামড়ে হাত এত চুলকাচ্ছে যে আর সহ্য করা যাচ্ছে না।

③[消費する] ৩) ব্যয় হওয়া

¶この車はずいぶんガソリンを食いますね。 (Kono kuruma wa zuibun gasorin o *kuimasu* ne.) ¶এই গাড়ীটা তো বেশ তেল খায়।

**kuwaeru** 加える〔動Ⅱ〕 যোগ করা; বাড়ানো; নেওয়া; লাগানো

①[数量を増やす，足す] ১) সংখ্যা-পরিমাণ বৃদ্ধি করা

¶2に3を加えると，5になります。(Ni ni san o *kuwaeru* to, go ni narimasu.) ¶২ এর সাথে ৩ যোগ করলে ৫ হয়।

¶この料理にはもう少し塩を加えてください。 (Kono ryōri ni wa mō sukoshi shio o *kuwaete* kudasai.) ¶এই রান্নাটায় আর একটু লবণ দিন।

②[程度を大きくする] ২) মাত্রা উঁচু করা

¶汽車はだんだんスピードを加えていき，とうとう見えなくなってしまいました。(Kisha wa dandan supiido o *kuwaete* iki, tōtō mienaku natte shimaimashita.) ¶ক্রমে ক্রমে গতি বাড়িয়ে ট্রেনটা অবশেষে অদৃশ্য হয়ে গেল।

③[仲間に入れる] ৩) দলে অন্তর্ভুক্ত করা

仲間に加える (nakama ni *kuwaeru*) ●দলে নেওয়া

¶その研究会にわたしも加えてください。(Sono kenkyūkai ni watashi mo *kuwaete* kudasai.) ¶ঐ গবেষণা সমিতিতে আমাকেও নিয়ে নিন।

④[ある動作・作用を与える] ৪) কোনো কার্য বা প্রক্রিয়া নিয়োগ করা

力を加える (chikara o *kuwaeru*) ●শক্তি নিয়োজিত করা

¶ナイロンに熱を加えると，解けてしまいます。(Nairon ni netsu o *kuwaeru* to, tokete shimaimasu.)
¶নাইলনে তাপ লাগালে গলে যায়।

**kuwashii** 詳しい〖形〗 পুঙ্খানুপুঙ্খ, সূক্ষ্মাতিসূক্ষ্ম; বিস্তৃত; বিশদ

①[詳細な] ১) খুঁটিনাটি

¶もっと詳しく話してください。(Motto *kuwashiku* hanashite kudasai.)
¶আরও বিস্তারিতভাবে বলুন।

¶その辞書よりもこの辞書の説明のほうが詳しいです。(Sono jisho yori mo kono jisho no setsumei no hō ga *kuwashii* desu.)
¶ঐ অভিধানের চেয়ে এই অভিধানের ব্যাখ্যা আরও বিস্তৃত।

②[よく知っている] ২) ভালভাবে জানা

¶あの人は日本の歴史に詳しいですね。(Ano hito wa Nihon no rekishi ni *kuwashii* desu ne.)
¶উনি তো জাপানের ইতিহাস বিশদভাবে জানেন।

¶彼はこの辺の地理に詳しいです。(Kare wa kono hen no chiri ni *kuwashii* desu.)
¶সে এলাকাটা বেশ ভালভাবে চেনে।

* 普通「〜に詳しい (〜ni kuwashii)」の形で使う。
* সাধারণতঃ '...ni kuwashii' এই রূপে ব্যবহৃত।

**kuzu** くず〖名〗 আবর্জনা, জঞ্জাল, ময়লা

紙くず (kami*kuzu*) ●বাজে কাগজ

くずかご (*ku*-*zu*kago) ●ময়লার ঝুড়ি

¶くずを散らかさないようにしてください。(*Kuzu* o chirakasanai yō ni shite kudasai.)
¶ময়লাগুলি এদিক ওদিক ছিটে না যেন।

**kuzureru** 崩れる〖動 II〗 ভাঙা; ধসা; অবনতি ঘটা

①[形のある物が壊れて下に落ちる] ১) সাকার বস্তু ভগ্ন হয়ে নিম্নে পতিত হওয়া

¶大雨で山が崩れました。(Ooame de yama ga *kuzuremashita*.)
¶প্রবল বৃষ্টিপাতে পাহাড় ধসে পড়েছে।

②[整っているもの・安定しているものなどが乱れる] ২) সুবিন্যস্ত বা স্থিতিশীল কোনো বিষয় অবিন্যস্ত হওয়া

¶この帽子は形がくずれていますね。(Kono bōshi wa katachi ga *kuzurete* imasu ne.)
¶এই টুপীটা তো দুমড়ে গিয়েছে।

¶今晩から天気がくずれそうです。(Konban kara tenki ga *kuzuresō* desu.)
¶আজ রাত থেকে আবহাওয়ার অবনতি ঘটবে মনে হয়।

③[小銭に替えることができる]
৩) খুচরা করতে পারা

¶一万円札がくずれますか。(Ichiman'ensatsu ga *kuzuremasu* ka?)
¶দশহাজার ইয়েন ভাঙ্গানো যাবে কি?

**kuzusu** 崩す〖動 I〗
ভাঙ্গা, ভাঙ্গানো; অবনতি ঘটানো

①[形あるものを壊す]
১) সাকার কোনো বস্তুকে ভগ্ন করা

¶山を崩して道路を作っています。(Yama o *kuzushite* dōro o tsukutte imasu.)
¶পাহাড় কেটে রাস্তা তৈরী করা হচ্ছে।

②[字画などを省いたり続けたりして書く]
২) অক্ষর ইত্যাদি সংক্ষেপিত বা বিজড়িত করে লেখা

¶くずした字は読みにくいです。(*Kuzushita* ji wa yominikui desu.)
¶টানা অক্ষর পড়তে অসুবিধা হয়।

③[小銭にする]
৩) খুচরা করা

¶千円札を百円玉にくずしてください。(Sen'ensatsu o hyakuendama ni *kuzushite* kudasai.)
¶এক হাজার ইয়েনের নোটটা একশো ইয়েনের মুদ্রায় ভাঙ্গিয়ে দিন।

**kyakkanteki** 客観的〖形動〗
নৈর্ব্যক্তিক, বস্তুনিষ্ঠ, বিষয়গত; নিরপেক্ষ

¶ものごとは客観的に見なければいけません。(Monogoto wa *kyakkanteki* ni minakereba ikemasen.)
¶প্রতিটি বিষয়কে বস্তুনিষ্ঠভাবে দেখা উচিত।

⇔**shukanteki** 主観的

**kyaku** 客〖名〗
অতিথি, মেহমান; ক্রেতা, খরিদ্দার, গ্রাহক

①[招かれて来る人, 訪ねて来る人]
১) আমন্ত্রিত ব্যক্তি, অভ্যাগত ব্যক্তি

観光客 (kankō*kyaku*)
• পর্যটক

お客を呼ぶ (o*kyaku* o yobu)
• অতিথি নিমন্ত্রণ করা

¶あしたはお客さんが3人来ます。(Ashita wa o*kyaku*san ga sannin kimasu.)
¶আগামীকাল তিনজন মেহমান আসবেন।

¶部屋が汚れているのに，お客が突然訪ねてきてあわてました。(Heya ga yogorete iru noni, o*kyaku* ga totsuzen tazunete kite awatemashita.)

¶ঘরটা অগোছালো থাকা অবস্থায় হঠাৎ মেহমান এসে পড়ায় বিব্রত হয়ে পড়েছিলাম।

②[物を買ったり食べたりしてお金を払う人]

২) অর্থের বিনিময়ে সওদা করে কিংবা ভোজন করে এমন ব্যক্তি

¶あの店はいつも客が多いです。(Ano mise wa itsu mo *kyaku* ga ooi desu.)

¶ঐ দোকানে সবসময়ই ক্রেতাদের ভীড় লেগে থাকে।

¶デパートの店員は，客に対してたいへん丁寧な言葉を使います。(Depāto no ten'in wa, *kyaku* ni taishite taihen teinei na kotoba o tsukaimasu.)

¶ডিপার্টমেন্ট স্টোরের কর্মচারীরা ক্রেতাদের সাথে খুব কেতাদুরস্ত ভাষা ব্যবহার করেন।

**kyō** 今日〖名〗 **আজ, আজকে, অদ্য**

¶今日は何曜日ですか。(*Kyō* wa naniyōbi desu ka?)

¶আজ কি বার?

¶今日から夏休みです。(*Kyō* kara natsuyasumi desu.)

¶আজ থেকে গ্রীষ্মের ছুটি।

¶今日，銀行へ行くつもりです。(*Kyō*, ginkō e iku tsumori desu.)

¶আজকে ব্যাংকে যাওয়ার ইচ্ছা আছে।

**kyōdai** 兄弟〖名〗 **ভাই, ভ্রাতা; ভাইবোন; সহোদর**

¶あなたは兄弟が何人ありますか。(Anata wa *kyōdai* ga nannin arimasu ka?)

¶আপনারা কয় ভাইবোন?

¶兄弟は五人です。兄が二人，姉が二人，わたしはいちばん下です。(*Kyōdai* wa gonin desu. Ani ga futari, ane ga futari, watashi wa ichiban shita desu.)

¶আমরা পাঁচ ভাইবোন। দুজন বড়ভাই, দুজন বড়বোন, আমি সবচেয়ে ছোট।

⇨**shimai 姉妹**

**kyōdō** 共同〖名〗 **[ণ] যৌথ, মিলিত; সাধারণ, পাবলিক**

共同生活 (*kyōdō*-seikatsu) 共同便

● যৌথ জীবনযাপন ● গণ-শৌচাগার, পাবলিক

所 (*kyōdō*-benjo) 共同経営 (*kyōdō*-keiei) 共同墓地 (*kyōdō*-bochi)
¶わたしたちはこの部屋を共同で使っています。(Watashitachi wa kono heya o *kyōdō* de tsukatte imasu.)

● যৌথ ব্যবস্থাপনা
● গোরস্থান
¶ আমরা এই ঘরটা যৌথভাবে ব্যবহার করছি।

**kyōgi** 競技〘名〙

প্রতিযোগিতা ; খেলা ; স্পোর্টস

競技会 (*kyōgi*kai) 競技場 (*kyōgi*-jō)
¶水泳競技が間もなく始まります。(Suiei-*kyōgi* ga mamonaku hajimarimasu.)

● ক্রীড়া-প্রতিযোগিতা
● স্টেডিয়াম
¶ কিছুক্ষণের মধ্যে সাঁতার প্রতিযোগিতা আরম্ভ হতে যাচ্ছে।

**kyōiku** 教育〘名, ～する〙

শিক্ষা ; প্রশিক্ষণ ; পড়াশোনা, লেখাপড়া

義務教育 (gimu-*kyōiku*) 職業教育 (shokugyō-*kyōiku*) 家庭教育 (katei-*kyōiku*) 教育費 (*kyōiku*hi) 教育映画 (*kyōiku*-eiga) 教育者 (*kyōiku*sha)
¶この国の教育程度はかなり高いです。(Kono kuni no *kyōiku*-teido wa kanari takai desu.)
¶国の発展のためには教育が最も大切です。(Kuni no hatten no tame ni wa *kyōiku* ga mottomo taisetsu desu.)

● বাধ্যতামূলক শিক্ষা ● বৃত্তিমূলক শিক্ষা
● পারিবারিক শিক্ষা
● পড়াশোনার খরচ ; শিক্ষা-খরচ
● শিক্ষামূলক চলচ্চিত্র
● শিক্ষাবিদ
¶ এই দেশের শিক্ষার মান বেশ উঁচু।
¶ দেশের উন্নতির জন্য শিক্ষা সবচেয়ে বেশী প্রয়োজনীয়।

**kyōju** 教授〘名, ～する〙

শিক্ষকতা, অধ্যাপনা ; অধ্যাপক

①[教えること]
¶あの人はピアノの個人教授をしています。(Ano hito wa piano no kojin-*kyōju* o shite imasu.)

১) শিক্ষাদান
¶ উনি ব্যক্তিগতভাবে পিয়ানো শেখান।

②[大学の先生]
¶あの方は東京大学の教授です。(Ano kata wa Tōkyō-daigaku no *kyōju* desu.)

২) বিশ্ববিদ্যালয়ের শিক্ষক
¶ ঐ ভদ্রলোক *তোকিয়ো* ইউনিভার্সিটির অধ্যাপক।

**kyoka** 許可〘名, ～する〙

অনুমতি ; অনুমোদন

入学許可 (nyūgaku-*kyoka*)
●(শিক্ষাপ্রতিষ্ঠানে) ভর্তির অনুমতি

¶出国許可がもらえないので，まだ出発できません。(Shukkoku-*kyoka* ga moraenai node, mada shuppatsu dekimasen.)
¶ দেশের বাইরে যাওয়ার অনুমতি পাইনি বলে এখনও রওয়ানা হতে পারছি না।

¶社長は山田さんの外国旅行を許可しました。(Shachō wa Yamada san no gaikoku-ryokō o *kyoka* shimashita.)
¶ কোম্পানীর বড়সাহেব ইয়ামাদা-সানের বিদেশ-ভ্রমণ অনুমোদন করেছেন।

**kyōkai** 教会〖名〗
গির্জা

¶日曜日の朝は教会へ行くことにしています。(Nichiyōbi no asa wa *kyōkai* e iku koto ni shite imasu.)
¶ রোববার সকালে গির্জায় যাই।

**kyōkasho** 教科書〖名〗
পাঠ্যপুস্তক, পাঠ্যবই, পড়ার বই

¶教科書の10ページを開いてください。(*Kyōkasho* no jippēji o hiraite kudasai.)
¶ পাঠ্যবইয়ের দশের পৃষ্ঠা খুলুন।

¶あなたの学校では，どんな日本語の教科書を使っていますか。(Anata no gakkō de wa, donna Nihongo no *kyōkasho* o tsukatte imasu ka?)
¶ আপনার স্কুলে জাপানী ভাষার কোন ধরনের পাঠ্যবই ব্যবহার করা হয়?

**(-)kyoku** (-)曲〖名，尾〗

1〖名〗
১ সুর; গান; গীত

¶わたしはこの曲が大好きです。(Watashi wa kono *kyoku* ga daisuki desu.)
¶ এই সুরটা আমার খুব ভালো লাগে।

¶この曲は上田さんが作りました。(Kono *kyoku* wa Ueda san ga tsukurimashita.)
¶ এই সুরটা উয়েদা-সানই দিয়েছেন।

২ (সুরের বর্গ বা সংখ্যা প্রকাশক অন্ত্য-প্রত্যয়)

¶あなたの国の歌を一曲歌ってください。(Anata no kuni no uta o ik*kyoku* utatte kudasai.)
¶ আপনার দেশের একটা গান করুন।

**-kyoku** -局〖尾〗
(প্রতিষ্ঠানের উপ-কাঠামোবিশেষ)

郵便局 (yūbin*kyoku*) 電話局 (den-wa*kyoku*) 放送局 (hōsō*kyoku*)

● ডাকঘর, পোস্ট-অফিস ● টেলিফোন বিভাগ ● সম্প্রচার কর্তৃপক্ষ

**kyokusen** 曲線〖名〗

বক্র রেখা

⇔**chokusen** 直線

**kyōmi** 興味〖名〗

আগ্রহ; শখ; কৌতূহল; ইচ্ছা

¶日本の茶道に興味を持っている外国人が多いです。 (Nihon no sadō ni *kyōmi* o motte iru gaikokujin ga ooi desu.)

¶ জাপানের *সাদো*তে আগ্রহী এমন অনেক বিদেশী আছেন।

† *সাদো* হচ্ছে সাধনামূলক ঐতিহ্যবাহী চা-অনুষ্ঠান।

¶わたしは日本文学に興味があります。 (Watashi wa Nihon-bungaku ni *kyōmi* ga arimasu.)

¶ জাপানী সাহিত্যে আমার আগ্রহ আছে।

**kyonen** 去年〖名〗

গত বছর, গেল বছর

¶わたしは去年の 10 月に日本へ行ってきました。 (Watashi wa *kyonen* no jūgatsu ni Nihon e itte kimashita.)

¶ আমি গত বছরের অক্টোবরে জাপান গিয়েছিলাম।

¶わたしは去年大学を卒業しました。 (Watashi wa *kyonen* daigaku o sotsugyō shimashita.)

¶ আমি গত বছর ইউনিভার্সিটি থেকে পাশ করেছি।

**kyori** 距離〖名〗

দূরত্ব; ব্যবধান

¶わたしの家から駅までの距離は約 3 キロです。 (Watashi no ie kara eki made no *kyori* wa yaku sankiro desu.)

¶ আমার বাড়ী থেকে স্টেশন পর্যন্ত দূরত্ব হচ্ছে প্রায় তিন কিলোমিটার।

¶タクシーの料金は距離によって計算されます。 (Takushii no ryōkin wa *kyori* ni yotte keisan saremasu.)

¶ দূরত্ব অনুযায়ী ট্যাক্সিভাড়া হিসাব করা হয়।

**kyōryoku** 協力〖名, 〜する〗

সহযোগ, সহযোগিতা; সমবায়

¶多くの人の協力によってダムは完成しました。 (Ooku no hito no *kyōryoku* ni yotte damu wa kansei shimashita.)

¶ অনেক লোকের সহযোগিতায় বাঁধের নির্মাণ সম্পূর্ণ হয়েছে।

¶兄と協力して事業を始めました。 (Ani to *kyōryoku* shite jigyō o

¶ বড়ভাইয়ের সাথে মিলে আমি কাজটি আরম্ভ করেছি।

hajimemashita.)

**kyōsanshugi** **共産主義**〔名〕

**সাম্যবাদ, কমিউনিজম**

**kyōshi** **教師**〔名〕

**শিক্ষক, শিক্ষয়িত্রী(f), শিক্ষিকা(f)**

¶兄は数学の**教師**をしています。(Ani wa sūgaku no *kyōshi* o shite imasu.)

¶ আমার বড়ভাই গণিতের শিক্ষক।

⇨sensei 先生

**kyōshitsu** **教室**〔名〕

**শ্রেণীকক্ষ, ক্লাসরুম**

¶**教室**の中では静かにしてください。(*Kyōshitsu* no naka de wa shizuka ni shite kudasai.)

¶ ক্লাসরুমের ভিতর চুপচাপ থাকবেন।

**kyōsō** **競争**〔名, ～する〕

**প্রতিযোগিতা, প্রতিদ্বন্দ্বিতা ; পাল্লা**

**競争**に勝つ (*kyōsō* ni katsu)

●প্রতিযোগিতায় জয়লাভ করা

**競争**に負ける (*kyōsō* ni makeru)

●প্রতিযোগিতায় পরাজিত হওয়া

¶田中さんと山田さんはいつも**競争**で勉強しています。(Tanaka san to Yamada san wa itsu mo *kyōsō* de benkyō shite imasu.)

¶ তানাকা-সান আর ইয়ামাদা-সান সবসময় প্রতিযোগিতার মনোভাব নিয়ে পড়াশোনা করেন।

¶この辺は店が多いので, どの店も**競争**して安く売っています。(Kono hen wa mise ga ooi node, dono mise mo *kyōsō* shite yasuku utte imasu.)

¶ এই এলাকায় দোকানপাট বেশী, তাই প্রতিটি দোকানই পাল্লা দিয়ে সস্তায় বিক্রি করছে।

**kyōtsū** **共通**〔名, ～する〕

**মিল, সাদৃশ্য. [ণ] সাধারণ ; সমান, সম**

**共通点** (*kyōtsū*ten)

●সাদৃশ্যের দিক

留学生にとって**共通**の問題 (ryūgakusei ni totte *kyōtsū* no mondai)

●বিদেশী ছাত্রছাত্রীদের সাধারণ সমস্যা

¶中国語と日本語は, 漢字を使うという点で**共通**しています。(Chūgokugo to Nihongo wa, kanji o tsukau to iu ten de *kyōtsū* shite imasu.)

¶ *কানজির* ব্যবহারের দিক থেকে চীনা আর জাপানী ভাষার মধ্যে মিল আছে।

**kyū** **九**〔名〕

**নয়, ন, নব ; ৯ সংখ্যা**

十**九**世紀 (ju*kyū*seiki)

●উনবিংশ শতাব্দী

**九**階 (*kyū*-kai)

●নয়তলা

⇨ku 九

**kyū** 急〘名, 形動〙 — [ণ] **জরুরী; হঠাৎ; খাড়া; তীব্র**

①[緊急な様子] — ১) ত্বরান্বিত অবস্থা

救急車 (kyū*kyū*sha) — ●অ্যামবুলেন্স

¶急な用事ができたので, すぐ帰らなければなりません。(*Kyū* na yōji ga dekita node, sugu kaeranakereba narimasen.) — ¶জরুরী কাজ পড়ে গিয়েছে, তাই এখনই ফিরে যেতে হচ্ছে।

②[ものごとが突然に起こる様子] — ২) আকস্মিকভাবে ঘটনাদি ঘটে যাওয়ার অবস্থা

¶電車が急に止まりました。(Densha ga *kyū* ni tomarimashita.) — ¶ট্রেনটা হঠাৎ থেমে গেল।

③[傾斜が大きい様子] — ৩) অত্যধিক খাড়া বা ঢালু

¶この階段はずいぶん急ですね。(Kono kaidan wa zuibun *kyū* desu ne.) — ¶এই সিড়িটা বেশ খাড়া, তাই না?

④[ものごとの速い様子] — ৪) বেগের ক্ষিপ্র অবস্থা

急行列車 (*kyū*kō-ressha) — ●দ্রুতগামী ট্রেন, এক্সপ্রেস ট্রেন

¶この川の流れは急です。(Kono kawa no nagare wa *kyu* desu.) — ¶এই নদীর স্রোত বেশ তীব্র।

**kyū-** 旧-〘頭〙 — **পুরানো, প্রাচীন, আদি; বিগত**

旧暦 (*kyū*reki) — ●প্রাচীন পঞ্জিকা, চান্দ্রবর্ষ পঞ্জিকা
旧正月 (*kyu*shō-gatsu) — ●প্রাচীন পঞ্জিকার নববর্ষ
旧市内 (*kyū*shinai) — ●শহরের পুরানো কেন্দ্র
旧漢字 (*kyū*kanji) — ●পুরানো পদ্ধতিতে লেখা *কানজি*
旧式 (*kyū*shiki) — ●পুরানো কায়দা

⇨shin- 新-

**kyūbyō** 急病〘名〙 — **আকস্মিক অসুস্থতা, আকস্মিক রোগ**

急病人 (*kyūbyō*nin) — ●অকস্মাৎ রোগাক্রান্ত ব্যক্তি

¶上田さんは急病で来られなくなりました。(Ueda san wa *kyūbyo* de korarenaku narimashita.) — ¶উয়েদা-সান হঠাৎ অসুস্থ হয়ে পড়ায় আসতে পারেননি।

**kyūgyō** 休業〘名, ～する〙 — **ছুটি, বন্ধ; কর্মবিরতি**

臨時休業 (rinji-*kyūgyō*) — ●সাময়িক ছুটি
夏期休業 (kaki-*kyūgyo*) — ●গ্রীষ্মকালীন ছুটি

¶このデパートは毎週木曜日が休業日です。(Kono depāto wa maishū — ¶এই ডিপার্টমেন্ট স্টোরটা প্রতি বৃহস্পতিবার বন্ধ থাকে।

mokuyōbi ga *kyūgyōbi* desu.)
¶あの床屋には「本日休業」の札が出ています。(Ano tokoya ni wa "honjitsu *kyūgyō*" no fuda ga dete imasu.)
¶ঐ সেলুনে 'অদ্য দোকান বন্ধ' বিজ্ঞপ্তি দেওয়া আছে।

**kyūjitsu** 休日〘名〙 ছুটির দিন, বন্ধের দিন
¶今度の休日には家族で旅行します。(Kondo no *kyūjitsu* ni wa kazoku de ryokō shimasu.)
¶সামনের ছুটির দিনে বাড়ীর সবাই মিলে বেড়াতে যাব।

**kyūka** 休暇〘名〙
¶休暇をとって旅行に出ます。(*Kyūka* o totte ryokō ni demasu.)
¶ছুটি নিয়ে ভ্রমণে বের হব।
¶休暇中は仕事のことはあまり考えません。(*Kyūka*chū wa shigoto no koto wa amari kangaemasen.)
¶ছুটিতে থাকাকালে কাজের কথা তেমন একটা ভাবি না।

**kyūkei** 休憩〘名, ～する〙 বিশ্রাম; বিরতি, বিরাম
¶10分間の休憩をしてから, また始めましょう。(Jippunkan no *kyūkei* o shite kara, mata hajimemashō.)
¶দশ মিনিট বিশ্রাম নেওয়ার পর আবার আরম্ভ করা যাক।
¶会議は休憩しないで続けられました。(Kaigi wa *kyūkei* shinaide tsuzukeraremashita.)
¶সভাটা বিরতিহীনভাবে চলেছিল।

**kyūkō** 急行〘名〙 এক্সপ্রেস.[ণ]দ্রুতগামী
急行列車 (*kyūkō*-ressha) •দ্রুতগামী ট্রেন, এক্সপ্রেস ট্রেন
急行券 (*kyūkō*ken) •এক্সপ্রেস টিকেট
¶午後7時に京都行特別急行が発車します。(Gogo shichiji ni Kyōto yuki tokubetsu-*kyūkō* ga hassha shimasu.)
¶সন্ধ্যা সাতটায় *কিয়োতো*গামী বিশেষ এক্সপ্রেস ট্রেনটা রওয়ানা হবে।

**kyūryō** 給料〘名〙 বেতন, মাহিনা; পারিশ্রমিক
¶わたしの会社の給料日は毎月25日です。(Watashi no kaisha no *kyūryō*bi wa maitsuki nijūgonichi desu.)
¶আমার কোম্পানীতে বেতনের দিন হচ্ছে মাসের পঁচিশ তারিখ।

¶給料には月給，週給，日給の3種類があります。(*Kyūryō* ni wa gekkyū, shūkyū, nikkyū no sanshurui ga arimasu.)

¶ বেতন মাসিক, সাপ্তাহিক আর দৈনিক এই তিন ধরনের হয়।

**kyūyō** 急用〘名〙

**জরুরী কাজ, বিশেষ কাজ; বিশেষ প্রয়োজন**

¶上田さんは急用ができたので，今朝早く国へ帰りました。(Ueda san wa *kyūyō* ga dekita node, kesa hayaku kuni e kaerimashita.)

¶ জরুরী কাজ পড়ে যাওয়ায় উয়েদা-সান আজ খুব সকালে দেশে ফিরে গিয়েছেন।

¶田中さん，急用ですからすぐ来てください。(Tanaka san, *kyūyō* desu kara sugu kite kudasai.)

¶ তানাকা-সান, জরুরী কাজ আছে, শীগ্‌গিরই চলে আসুন।

# M

**ma-** 真-〔頭〕

সত্যিকার, প্রকৃত ; সঠিক

①[まことの，真実の]

১) আন্তরিকতাপূর্ণ, যথার্থ

真顔 (*ma*gao)

● গম্ভীর মুখ

¶山田さんから真心のこもった贈り物をいただきました。 (Yamada san kara *ma*gokoro no komotta okurimono o itadakimashita.)

¶ ইয়ামাদা-সানের কাছ থেকে আন্তরিক উপহার পেয়েছি।

②[純粋な，正確な，ちょうど]

২) বিশুদ্ধ, সঠিক, যথাযথ

真水 (*ma*mizu) 真冬 (*ma*fuyu) 真夜中 (*ma*yonaka) 真新しい (*ma*atarashii) 真上 (*ma*ue) 真っ赤な花 (*ma*kka na hana) 真っ白な紙 (*ma*sshiro na kami) 部屋の真ん中 (heya no *ma*nnaka) 真ん丸い月 (*ma*nmarui tsuki)

● মিঠা পানি ● ভরা শীতকাল
● মাঝরাত, গভীর রাত ● আনকোরা, একেবারে নতুন ● ঠিক উপর ● টকটকে লাল ফুল
● ধবধবে সাদা কাগজ
● ঘরের ঠিক মাঝখান
● একেবারে গোল চাঁদ

¶真正面に見える建物が郵便局です。 (*Ma*shōmen ni mieru tatemono ga yūbinkyoku desu.)

¶ ঠিক সামনে যে দালানটা দেখা যাচ্ছে সেটাই হচ্ছে পোস্ট-অফিস।

**(-)ma** (-)間〔名，尾〕

1〔名〕

১ ব্যবধান ; ঘর, কক্ষ, রুম

①[物と物との間]

১) দুই বস্তুর মধ্যবর্তী স্থান

¶3メートルずつ間を置いて木を植えました。 (Sanmētoru zutsu *ma* o oite ki o uemashita.)

¶ প্রতি তিন মিটার পরপর গাছ লাগিয়েছি।

②[時間，ひま]

২) সময়, অবসর

¶約束の時間までには，まだちょっと間があります。 (Yakusoku no jikan made ni wa, mada chotto *ma* ga arimasu.)

¶ পূর্ব নির্ধারিত সময় হতে এখনও কিছুটা বাকী আছে।

¶夢中で本を読んでいたら，いつの間にか朝になってしまいました。

¶ মগ্ন হয়ে বই পড়তে পড়তে কখন যেন সকাল হয়ে গিয়েছে।

(Muchū de hon o yonde itara, itsu no *ma* ni ka asa ni natte shimaimashita.)

③［部屋］ ৩) কামরা

客間 (kyaku*ma*) 応接間 (ōsetsu*ma*) 茶の間 (chano*ma*) 居間 (i*ma*) 六畳間 (rokujō*ma*)

● বৈঠকখানা ● ড্রইংরুম ● পারিবারিক খানাপিনার ঘর ● পারিবারিক থাকার ঘর ● ছয়-মাদুর-পাতা ঘর

2〘尾〙 ২ ঘর, কক্ষ, কামরা, রুম

¶わたしのアパートは二間しかありません。(Watashi no apāto wa futa*ma* shika arimasen.)

¶ আমার ফ্ল্যাটে শুধু দু'টো রুমই আছে।

**mā まあ〘副, 感〙**

1〘副〙 ১ একটু, যাই হোক

¶まあ, ゆっくりしてください。(*Mā*, yukkuri shite kudasai.)

¶ যাই হোক, বসুন বসুন।

¶おいしいかどうかわかりませんが, まあ食べてみてください。 (Oishii ka dō ka wakarimasen ga, *mā* tabete mite kudasai.)

¶ খেতে মজার হবে কিনা জানি না, যাই হোক, একটু খেয়ে দেখুন।

2〘感〙 ২ উহ্, ওহো, ইস্

¶まあ, びっくりした。(*Mā*, bikkuri shita.)

¶ উহ্, কী ভয় যে পেয়েছি!

＊ 普通, 女の人が使う。

＊ সাধারণতঃ মহিলাদের মধ্যে ব্যবহৃত।

**mabushii まぶしい〘形〙** উজ্জ্বল, আলোকিত, চোখ-ধাঁধানো

¶まぶしくて目を開けていられません。(*Mabushikute* me o akete iraremasen.)

¶ এত আলো লাগছে যে চোখ খুলে রাখতে পারছি না।

¶その部屋はまぶしいほど明るかった。(Sono heya wa *mabushii* hodo akarukatta.)

¶ সেই ঘরটা এত আলোকিত ছিল যে চোখ ধাঁধিয়ে যাচ্ছিল।

**machi 町〘名〙** শহর, নগর; জনপদ

①［人家が多く集まった所］ ১) জনবসতিপূর্ণ এলাকা

¶わたしは田舎を出て町で働きたいです。 (Watashi wa inaka o dete

¶ আমি গ্রাম ছেড়ে শহরে গিয়ে কাজ করতে চাই।

*machi* de hatarakitai desu.)

¶昨日は町まで買い物に行きました。 (Kinō wa *machi* made kaimono ni ikimashita.)

¶গতকাল কেনাকাটা করতে শহর পর্যন্ত গিয়েছিলাম।

②[家がたくさん並んでいてにぎやかな通り]

২) প্রচুর ঘরবাড়ী, দোকানপাট ইত্যাদি অবস্থিত এমন সরগরম লোকালয়

¶町を歩いていたら，山田さんに会いました。 (*Machi* o aruite itara, Yamada san ni aimashita.)

¶জনপদের ভিতর দিয়ে হাঁটার সময় ইয়ামাদা-সানের সাথে দেখা হয়েছিল।

¶夕方の町は買い物をする人でたいへんにぎやかでした。 (Yūgata no *machi* wa kaimono o suru hito de taihen nigiyaka deshita.)

¶সন্ধ্যার শহরটি কেনাকাটা করতে আসা লোকে বেশ জমজমাট ছিল।

⇨**mura** 村

**machiawaseru** 待ち合わせる 〘動Ⅱ〙 (নির্দিষ্ট সময় বা স্থানে কারও সাথে) দেখা করা

¶山田さんと6時に東京駅で待ち合わせました。 (Yamada san to rokuji ni Tōkyō-eki de *machiawasemashita.*)

¶ইয়ামাদা-সানের সাথে ছয়টার সময় *তোকিয়ো* স্টেশনে দেখা করেছিলাম।

**machigaeru** 間違える〘動Ⅱ〙 ভুল হওয়া; ভুল করা

①[誤る，違える]

১) ভ্রম হওয়া, অন্যরকম হওয়া

¶どうも計算を間違えたようです。 (Dōmo keisan o *machigaeta* yō desu.)

¶হিসাবটা ভুল হয়ে গিয়েছে বলে মনে হচ্ছে।

②[とりちがえる]

২) নির্বাচনে ভ্রম হওয়া

¶ホテルで部屋を間違えて，隣の部屋へ入ってしまいました。 (Hoteru de heya o *machigaete,* tonari no heya e haitte shimaimashita.)

¶ভুল করে হোটেলে পাশের রুমে ঢুকে পড়েছিলাম।

**machigai** 間違い〘名〙 ভুল, ভ্রম; গোলমাল

①[誤り，正しくないこと]

১) ভুল-ভ্রান্তি, সঠিক নয়

¶次の文章の間違いを直しなさい。 (Tsugi no bunshō no *machigai* o

¶পরবর্তী বাক্যের ভুলগুলো ঠিক করে নাও।

naoshinasai.)

②[異常なこと「事故など」]
¶子供の帰りが遅いが、何か間違いがあったのではないでしょうか。(Kodomo no kaeri ga osoi ga, nani ka *machigai* ga atta no de wa nai deshō ka?)

২) অস্বাভাবিক ঘটনা (দুর্ঘটনা ইত্যাদি)
¶ বাচ্চাটার ফিরতে দেরী হচ্ছে, কোনো গোলমাল হয়নি তো?

**machigai nai** 間違いない〘連〙 **সন্দেহ নেই, ভুল নেই; অবশ্যই**
¶あの学校が優勝するのは間違いない。(Ano gakkō ga yūshō suru no wa *machigai nai*.)
¶ ঐ স্কুল যে প্রথম হবে তাতে কোনো সন্দেহ নেই।
¶ ঐ ছাত্রটি মোটামুটি ভালোই পড়াশোনা করে।

*「割合 (wariai)」「わりに (warini)」とも言う。

'wariai', 'warini' ও বলা হয়।

⇨warini わりに

**warini** わりに〖副〗

তুলনামূলকভাবে; অপেক্ষাকৃতভাবে; মোটামুটি

¶小さな店ですが、味はわりにいいですよ。(Chiisana mise desu ga, aji wa *warini* ii desu yo.)

¶ ছোট দোকান বটে, তবে রান্নাটা মোটামুটি ভালোই।

¶田中さんの家は駅からわりに近いです。(Tanaka san no ie wa eki kara *warini* chikai desu.)

¶ তানাকা-সানের বাড়ী স্টেশন থেকে মোটামুটি কাছেই।

*「わりと (warito)」「割合に (wariai ni)」とも言う。

* 'wari to', 'wariai ni'ও বলা হয়।

⇨wariai ni 割合に

**wari ni** 割に〖連〗

সেই তুলনায়, সেই হিসাবে

¶この店の料理は、安い割においしいです。(Kono mise no ryōri wa yasui *wari ni* oishii desu.)

¶ এই দোকানের রান্নাটা দামের তুলনায় ভালো।

¶あの学生は、勉強する割には成績がよくないです。(Ano gakusei wa, benkyō suru *wari ni* wa seiseki ga yoku nai desu.)

¶ ঐ ছাত্র পড়াশোনা যতটা করে সেই তুলনায় তার রেজাল্ট ভালো নয়।

¶山田さんは50歳の割には若く見えます。(Yamada san wa gojissai no *wari ni* wa wakaku miemasu.)

¶ ইয়ামাদা-সানের বয়স পঞ্চাশ হলেও সেই হিসাবে তাঁকে অল্পবয়স্কই লাগে।

*「動詞・形容詞・形容動詞(連体の形)+割に (wari ni)」「名詞+の(no)+割に (wari ni)」の形で使う。

* 'ক্রিয়া বিশেষণ.বিশেষণ-ক্রিয়া (বিশেষণাত্মক-রূপ) + wari ni' এবং 'বিশেষ্য + no + wari ni' এই রূপে ব্যবহৃত।

**waru** 割る〖動 I〗

ভাঙা; ভাগ করা; ভাগ দেওয়া

①[まとまっているものをいくつかの部分にする]

১) পুরাটাকে কয়েক অংশে বিভাজিত করা

¶ナイフでりんごを半分に割って、二人

¶ ছুরি দিয়ে অর্ধেক করে কেটে নিয়ে আপেলটা

で食べました。(Naifu de ringo o hanbun ni *watte*, futari de tabemashita.)

দুজনে খেয়েছি।

②[固い物を壊す]

২) কঠিন বস্তুকে খণ্ডিত করা

コップを割る (koppu o *waru*) 窓ガラスを割る (madogarasu o *waru*)

● গ্লাস ভাঙ্গা

● জানালার কাচ ভাঙ্গা

¶花びんを落として割ってしまいました。(Kabin o otoshite *watte* shimaimashita.)

¶ দুঃখিত, ফুলদানীটা পড়ে গিয়ে ভেঙ্গেই গেল।

③[割り算をする]

৩) বিভাজন করা

¶4割る2は2です。(Yon *waru* ni wa ni desu.)

¶ ৪ কে ২ দিয়ে ভাগ দিলে ২ হয়।

**warui 悪い〖形〗**

খারাপ, মন্দ, বাজে; বিশ্রী

①[道徳的・法律的に正しくない様子]

১) নীতিগত বা আইনগত দিক দিয়ে অবিহিত

¶人の物を盗むのは悪いことです。(Hito no mono o nusumu no wa *warui* koto desu.)

¶ অন্যের জিনিস চুরি করা খারাপ।

¶花びんを壊したのはしかたがないが，悪いのはうそをついたことです。(Kabin o kowashita no wa shikata ga nai ga, *warui* no wa uso o tsuita koto desu.)

¶ ফুলদানীটা যে ভেঙ্গে ফেলেছ তার তো আর কিছুই করার নেই, কিন্তু খারাপটা হল মিথ্যা কথা বলাটা।

↔ii いい　yoi よい

②[性質が善良でない様子]

২) অসচ্চরিত্র

¶世の中にはいい人もいるが悪い人もいるから，気をつけなければなりません。(Yononaka ni wa ii hito mo iru ga *warui* hito mo iru kara, ki o tsukenakereba narimasen.)

¶ পৃথিবীতে ভালো লোকও আছে আবার মন্দ লোকও আছে তাই সাবধানে থাকা উচিত।

↔ii いい　yoi よい

③[人間関係がよくない様子]

৩) অন্তরঙ্গতারহিত

¶山田さんと田中さんは仲が悪いそうです。(Yamada san to Tanaka san wa naka ga *warui* sō desu.)

¶ শুনলাম ইয়ামাদা-সান আর তানাকা-সানের মধ্যে সম্পর্কটা খারাপ।

「仲が悪い (naka ga warui)」の形で使う。

* সাধারণতঃ 'naka ga warui' এই রূপে ব্যবহৃত।

↔ii いい yoi よい

④[ものごとが劣っている様子]

৪) নিকৃষ্ট

悪い品物 (*warui* shinamono) 頭が悪い (atama ga *warui*)

● বাজে জিনিস, খারাপ জিনিস
● মাথা ভালো নয়, মাথামোটা

¶上田さんは3学期の成績がたいへん悪かったそうです。(Ueda san wa sangakki no seiseki ga taihen *warukatta* sō desu.)

¶ শুনলাম উয়েদা-সানের তৃতীয় সেমেস্টারের রেজাল্ট খুব খারাপ হয়েছে।

↔ii いい yoi よい

⑤[状態などの好ましくない様子, 気持ちのよくない様子]

৫) প্রতিকূল, অস্বস্তিকর

気分が悪い (kibun ga *warui*)

● মন খারাপ; শরীর খারাপ

¶天気が悪い日には散歩はしません。(Tenki ga *warui* hi ni wa sanpo wa shimasen.)

¶ আবহাওয়া যেদিন খারাপ থাকে সেদিন হাঁটতে যাই না।

¶雨が降って, 道が悪くなりました。(Ame ga futte, michi ga *waruku* narimashita.)

¶ বৃষ্টি পড়ায় রাস্তা খারাপ হয়ে গিয়েছে।

¶お酒を飲んだら, 気持が悪くなりました。(Osake o nondara, kimochi ga *waruku* narimashita.)

¶ মদ খেয়ে বিশ্রী লাগছে।

↔ii いい yoi よい

⑥[気の毒である, 申し訳ない]

৬) সমব্যথী, দুঃখিত

¶みんなを待たせると悪いから, 急いで行きましょう。(Minna o mataseru to *warui* kara, isoide ikimashō.)

¶ সবাইকে অপেক্ষায় রাখাটা খারাপ, তাই তাড়াতাড়ি যাওয়া যাক।

¶忙しい時に来て悪かったですね。(Isogashii toki ni kite *warukatta* desu ne.)

¶ আপনার ব্যস্ততার মধ্যে এসে খারাপ করলাম।

* 会話の文の中で自分の行為が相手に迷惑をかけたり不都合な影響を及ぼしたりするときに使う。

* নিজ বাচন-আচরণ যখন অপরপক্ষের কোনো ঝামেলা বা অসুবিধার সৃষ্টি করে তখনকার সংলাপে ব্যবহৃত।

**wasureru** 忘れる〔動II〕

ভুলা, ভুলে যাওয়া, মনে না থাকা

①[覚えたことなどが思い出せない]

১)কোনো বিষয় মনে করতে না পারা

¶学生時代に習った外国語は，もうみんな忘れてしまいました。(Gakusei-jidai ni naratta gaikokugo wa, mō minna *wasurete* shimaimashita.)

¶ছাত্রজীবনে শেখা বিদেশী ভাষা এরই মধ্যে সবটাই ভুলে গিয়েছি।

②[うっかりして物をどこかに置いてきてしまう]

২) বেখেয়ালে কোথাও কোনো কিছু রেখে আসা

¶教室に日本語の本を忘れてきてしまいました。(Kyōshitsu ni Nihongo no hon o *wasurete* kite shimaimashita.)

¶ক্লাসরুমে জাপানী ভাষার বইটা ভুলে ফেলে এসেছি।

**wata** 綿〔名〕

তুলা, তূলা

¶寒い所では冬は綿の入った着物を着ます。(Samui tokoro de wa fuyu wa *wata* no haitta kimono o kimasu.)

¶শীতপ্রধান অঞ্চলে শীতকালে ঢুকানো জামা পরা হয়।

¶空には白い綿のような雲が浮かんでいます。(Sora ni wa shiroi *wata* no yō na kumo ga ukande imasu.)

¶আকাশে সাদা তুলার মতো মেঘ ভাসছে।

**watakushi** 私〔代〕

আমি

¶私は皆様の御親切を決して忘れません。(*Watakushi* wa minasama no goshinsetsu o kesshite wasuremasen.)

¶আপনাদের সবার অনুগ্রহের কথা আমি কখনই ভুলব না।

＊「私(watakushi)」は，「わたし(watashi)」の丁寧な言い方で，改まったときに使う。

＊'watakushi' হচ্ছে 'watashi'এর ভদ্র রূপ। আনুষ্ঠানিক প্রয়োগের ক্ষেত্রে ব্যবহৃত।

**wataru** 渡る〔動I〕

পার হওয়া; পাড়ি দেওয়া, পাড়ি জমানো

川を渡る (kawa o *wataru*) 橋を渡る (hashi o *wataru*)

- নদী পার হওয়া
- সেতু পার হওয়া

¶本屋は交差点を渡ったところにあります。(Hon'ya wa kōsaten o *watatta* tokoro ni arimasu.)

¶বইয়ের দোকানটা চৌরাস্তা পার হলেই পাওয়া যাবে।

¶冬になると，北からいろいろな渡り鳥が日本に渡ってきます。(Fuyu ni naru to, kita kara iroiro na wataridori ga Nihon ni *watatte* kimasu.)

¶ শীতকাল এলে উত্তরদিক থেকে নানা রকমের অতিথি-পাখী জাপানের দিকে পাড়ি জমায়।

**watashi** わたし〘代〙 — আমি

¶わたしは山田です。(*Watashi* wa Yamada desu.)

¶ আমি ইয়ামাদা।

**watasu** 渡す〘動I〙 — দেওয়া; পার করা

①[人から人へある物を移す]

১) কোনো বস্তু হস্তান্তর করা

¶田中さんが来たら，この手紙を渡してください。(Tanaka san ga kitara, kono tegami o *watashite* kudasai.)

¶ তানাকা-সান এলে এই চিঠিটা দিয়ে দেবেন।

②[こちら側から向こう側へあるものを送る]

২) একদিক থেকে কিছু পাঠানো

¶ここには橋がないので，人々を船で向こう岸に渡しています。(Koko ni wa hashi ga nai node, hitobito o fune de mukōgishi ni *watashite* imasu.)

¶ এখানে সেতু নেই বলে লোকজনকে নৌকায় করে অপর পাড়ে পার করা হয়।

**wazawaza** わざわざ〘副〙 — **কষ্ট করে, কষ্ট-স্বীকার করে; খামকা, শুধু শুধু**

①[あることのために特別に苦労などして何かを行う様子]

১) কোনো উদ্দেশ্যে বিশেষভাবে শ্রম-স্বীকার করা—এমন অবস্থা

¶このセーターはわざわざわたしのために編んでくださったのですか。(Kono sētā wa *wazawaza* watashi no tame ni ande kudasatta no desu ka?)

¶ এই সোয়েটারটা কি আমার জন্যই কষ্ট করে বুনেছেন?

¶わたしが北海道へ行った時，上田さんは忙しいのに，わざわざホテルまで会いに来てくれました。(Watashi ga Hokkaidō e itta toki, Ueda san wa isogashii noni, *wazawaza* hoteru made ai ni kite kuremashita.)

¶ আমি যখন *হোক্কাইদোতে* গিয়েছিলাম তখন ব্যস্ততার মধ্যেও উয়েদা-সান কষ্ট করে দেখা করতে হোটেল পর্যন্ত এসেছিলেন।

②[そのことをする必要がないのにそ

২) প্রয়োজন না থাকা সত্ত্বেও কোনো কার্য

うと知りながら何かを行う様子]
¶近くの店で買えるのに，どうして**わざわざ**遠くの店まで買いに行ったのですか。(Chikaku no mise de kaeru noni, dōshite *wazawaza* tooku no mise made kai ni itta no desu ka?)

করা—এমন অবস্থা
¶কাছাকাছি দোকান থেকেই তো কেনা যেত তবুও কেন খামকা দূরের দোকানে কিনতে গেলেন ?

**wazuka** **わずか** [副，形動，～の]
শুধু, কেবল, মাত্র .[ণ]সামান্য

¶うちから学校までは，**わずか**5分です。(Uchi kara gakkō made wa, *wazuka* gofun desu.)
¶বাড়ী থেকে স্কুল পর্যন্ত যেতে মাত্র পাঁচ মিনিট সময় লাগে।

¶父が亡くなったのは，わたしが**わずか**三つの時でした。(Chichi ga nakunatta no wa, watashi ga *wazuka* mittsu no toki deshita.)
¶বাবা যখন মারা যান তখন আমার বয়স মাত্র তিন বছর।

¶夜遅くまで働いたのに，**わずか**のお金しかもらえませんでした。(Yoru osoku made hataraita noni, *wazuka* no okane shika moraemasen deshita.)
¶অনেক রাত পর্যন্ত কাজ করা সত্ত্বেও সামান্যই পারিশ্রমিক পেলাম।

# Y

**ya** **や**〔助〕 (বহুর মধ্য থেকে পরম্পরাক্রমে উল্লেখ করার অব্যয়)

¶机の上には，本やノートや鉛筆などがあります。(Tsukue no ue ni wa, hon *ya* nōto *ya* enpitsu nado ga arimasu.)

¶ ডেস্কের উপরে বই, খাতা, পেন্সিল ইত্যাদি আছে।

¶このクラスの学生はアメリカやフランスやタイなどいろいろな国から来ています。 (Kono kurasu no gakusei wa Amerika *ya* Furansu *ya* Tai nado iroiro na kuni kara kite imasu.)

¶ এই ক্লাসের ছাত্রছাত্রীরা আমেরিকা, ফ্রান্স, থাইল্যাণ্ড ইত্যাদি নানা দেশ থেকে এসেছেন।

* いくつかあるものの中から，その一部を列挙する場合に使う。

* একাধিক বিষয়ের মধ্য থেকে তার একাংশকে পরম্পরাক্রমে উল্লেখ করার ক্ষেত্রে ব্যবহৃত।

⇨**to と**

**-ya** **-屋**〔尾〕 (দোকান বা বিক্রেতা প্রকাশক অন্ত্য-প্রত্যয়)

八百屋 (yao*ya*) • শাকসবজীর দোকান
魚屋 (sakana*ya*) • মাছের দোকান
菓子屋 (kashi*ya*) • মিষ্টির দোকান
本屋 (hon'*ya*) • বইয়ের দোকান
酒屋 (saka*ya*) • মদের দোকান
文房具屋 (bunbōgu*ya*) • স্টেশনারী দোকান, মনোহারী দোকান

**yā** **やあ**〔感〕 **আরে, এই যে**

¶やあ，しばらく　お元気ですか。 (*Yā*, shibaraku. Ogenki desu ka?)

¶ আরে, অনেকদিন পর। কেমন আছেন?

**yabureru** **破れる**〔動Ⅱ〕 **ছিঁড়া, ছিঁড়ে যাওয়া**

¶この紙はすぐ**破れます**。(Kono kami wa sugu *yaburemasu.*)

¶ এই কাগজ সহজে ছিঁড়ে যায়।

¶このシャツは少し**破れて**いますが，まだ着られます。 (Kono shatsu wa sukoshi *yaburete* imasu ga, mada kiraremasu.)

¶ এই শার্টটা একটু ছিঁড়ে গিয়েছে, তবে এখনও পরা যায়।

**yabureru** **敗れる**〔動Ⅱ〕 **হারা, হেরে যাওয়া, পরাজিত হওয়া**

戦争に**敗れる** (sensō ni *yabureru*) • যুদ্ধে পরাজিত হওয়া

¶テニスの試合で，田中さんは山田さんに**敗れました**。(Tenisu no shiai de, Tanaka san wa Yamada san ni *yaburemashita.*)

¶ টেনিস খেলায় তানাকা-সান ইয়ামাদা-সানের কাছে হেরে গিয়েছেন।

⇨**makeru 負ける**

**yaburu 破る**〖動 I〗 **ছিঁড়া; ভঙ্গ করা; হারিয়ে দেওয়া**

①[紙・布などを引き裂いたりする] ১) কাগজ, কাপড় ইত্যাদি ছিন্নভিন্ন করা

¶山田さんは怒って，手紙を**破って**捨てました。(Yamada san wa okotte, tegami o *yabutte* sutemashita.)

¶ ইয়ামাদা-সান রেগে গিয়ে চিঠিটা ছিঁড়ে ফেলেছেন।

②[約束や決まりなどを守らない] ২) প্রতিজ্ঞা, নিয়ম ইত্যাদি না মানা

¶田中さんはわたしとの約束を**破って**，ついに来ませんでした。(Tanaka san wa watashi to no yakusoku o *yabutte*, tsuini kimasen deshita.)

¶ তানাকা-সান আমাকে যে কথা দিয়েছিলেন তা ভঙ্গ করে শেষ পর্যন্ত এলেনই না।

③[試合や勝負などで相手を負かす] ৩) প্রতিযোগিতাদিতে প্রতিপক্ষকে পরাজিত করা

¶テニスの試合で，Aチームは B チームを**破りました**。(Tenisu no shiai de, Ē-chiimu wa Bii-chiimu o *yaburimashita.*)

¶ টেনিস খেলায় ক দল খ দলকে হারিয়ে দিয়েছে।

**yado 宿**〖名〗 **রাত্রিযাপনের স্থান, সরাইখানা, হোটেল**

¶1時間も歩いて，やっと**宿**を見つけました。(Ichijikan mo aruite, yatto *yado* o mitsukemashita.)

¶ একটা ঘন্টা ধরে হেঁটে অবশেষে হোটেল খুঁজে পেলাম।

¶今晩はどこに**宿**をとりましょうか。(Konban wa doko ni *yado* o torimashō ka?)

¶ আজ রাতে আমরা কোন হোটেল নিচ্ছি?

**yagate やがて**〖副〗 **কিছুদিনের মধ্যে; কিছুক্ষণের মধ্যে; শীগ্‌গির**

¶山田さんも，**やがて**来るでしょう。(Yamada san mo, *yagate* kuru deshō.)

¶ ইয়ামাদা-সানও কিছুক্ষণের মধ্যেই চলে আসবেন বোধ হয়।

¶田中さんが外国へ行ってから，**やがて**1年になります。(Tanaka san ga gaikoku e itte kara, *yagate* ichinen

¶ তানাকা-সান বিদেশে গিয়েছেন, কিছুদিনের মধ্যেই একবছর পূর্ণ হবে।

ni narimasu.)

**yahari やはり〔副〕** [সম]**একই কথা ; আগের মতোই ; যেমন ... তেমন**

①［ほかの場合と同じように］ ১) অন্যান্য অবস্থার অনুরূপে

¶この言葉の意味がわからないので，山田さんにきいてみましたが，**やはり**わかりませんでした。(Kono kotoba no imi ga wakaranai node, Yamada san ni kiite mimashita ga, *yahari* wakarimasen deshita.)

¶ এই শব্দের অর্থ বোঝা গেল না বলে ইয়ামাদা-সানকে জিজ্ঞাসা করা হল, কিন্তু একই কথা, তাতেও বোঝা গেল না।

¶山田さんは医者ですが，息子さんも**やはり**医者になりたいそうです。(Yamada san wa isha desu ga, musukosan mo *yahari* isha ni naritai sō desu.)

¶ ইয়ামাদা-সান যেমন ডাক্তার, তেমনি তার ছেলেও শুনেছি ডাক্তার হতে চায়।

②［前の場合と同じように］ ২) পূর্ববর্তী অবস্থার অনুরূপে

¶上田さんは今でも**やはり**小学校の先生をしていらっしゃいますか。(Ueda san wa ima demo *yahari* shōgakkō no sensei o shite irasshaimasu ka?)

¶ উয়েদা-সান এখনও সেই আগের মতোই প্রাইমারী স্কুলে শিক্ষকতা করছেন নাকি?

¶去年の夏も暑かったですが，今年も**やはり**暑いですね。(Kyonen no natsu mo atsukatta desu ga, kotoshi mo *yahari* atsui desu ne.)

¶ গত বছর গ্রীষ্মকালে যেমন গরম পড়েছিল, একইভাবে এ বছরও তেমন গরম পড়েছে, তাই না।

③［予想していたとおりに］ ৩) অনুমান অনুযায়ী

¶わたしが思っていたとおり，**やはり**あの人はうそをついていました。(Watashi ga omotte ita toori, *yahari* ano hito wa uso o tsuite imashita.)

¶ আমি ঠিক যেভাবে ভেবেছিলাম ঠিক সেভাবেই তিনি মিথ্যা বলছিলেন।

¶中村さんは試験に合格しないだろうと思っていましたが，**やはり**だめでした。(Nakamura san wa shiken ni gōkaku shinai darō to omotte imashita ga, *yahari* dame deshita.)

¶ যা ভেবেছিলাম—নাকামুরা-সান পরীক্ষায় পাশ করবেন না, তাই-ই হল।

＊「やっぱり (yappari)」とも言う。

＊ 'yappari'ও বলা হয়।

**yakamashii やかましい〔形〕** হট্টগোলপূর্ণ, কোলাহলপূর্ণ; বিরক্তিকর

¶隣の部屋がやかましくて, 勉強ができません。 (Tonari no heya ga *yakamashikute*, benkyō ga dekimasen.)

¶ পাশের ঘরে এত হৈচৈ হচ্ছে যে পড়াশোনা করতে পারছি না।

¶やかましい。静かにしろ。 (*Yakamashii*. Shizuka ni shiro.)

¶ ইস, এত হৈচৈ! চুপ কর।

**yakeru 焼ける〔動Ⅱ〕** পুড়া; ঝলসে যাওয়া

①[火で燃える]

১) অগ্নিদগ্ধ হওয়া

¶火事で家が何軒も焼けました。 (Kaji de ie ga nangen mo *yakemashita*.)

¶ অগ্নিকাণ্ডে অনেক ঘরবাড়ী পুড়ে গিয়েছে।

②[食べ物などが熱を加えられて食べるのに適するようになる]

২) খাদ্যদ্রব্য ইত্যাদি তপ্ত হওয়ার পর খাওয়ার উপযোগী হওয়া

¶肉が焼けましたよ。どうぞ, おあがりください。 (Niku ga *yakemashita* yo. Dōzo, oagari kudasai.)

¶ মাংসটা ঝলসানো হয়ে গিয়েছে। নিন, খান।

③[日光などにあたって色が変わる]

৩) রোদ ইত্যাদি লেগে রঙ বদলে যাওয়া

¶泳ぎに行って, 顔が真っ黒に焼けました。 (Oyogi ni itte, kao ga makkuro ni *yakemashita*.)

¶ সাঁতার কাটতে গিয়ে মুখটা রোদে পুড়ে একেবারে কালো হয়ে গিয়েছে।

**yaku 焼く〔動Ⅰ〕** পুড়ানো; ঝলসানো; সেঁকা

①[火をつけて燃やす]

১) অগ্নিদগ্ধ করা

ごみを焼く (gomi o *yaku*)

● আবর্জনা পোড়ানো

¶この手紙はもう要らないから, 焼いてください。 (Kono tegami wa mō iranai kara, *yaite* kudasai.)

¶ এই চিঠিগুলোর আর দরকার নেই, তাই পুড়িয়ে ফেলুন।

②[食べ物などに熱を加えて食べるのに適するようにする]

২) খাদ্যদ্রব্য ইত্যাদি তপ্ত করে খাওয়ার উপযোগী হওয়া

魚を焼く (sakana o *yaku*)

● মাছ ঝলসানো; মাছ সেঁকা

¶パンを焼いて, バターをつけて食べました。 (Pan o *yaite*, batā o tsukete tabemashita.)

¶ পাউরুটি সেঁকে তাতে মাখন লাগিয়ে খেয়েছি।

**yaku** 役〘名〘 — পদ; ভূমিকা; কাজ

①[務め，仕事上の地位] — ১) কর্তব্যকর্ম, কর্মক্ষেত্রের পদমর্যাদা

上役 (uwa*yaku*) — ●উচ্চপদস্থ কর্মকর্তা
役目 (*yaku*me) — ●ভূমিকা

¶田中さんは，その委員会でどんな役をしているのですか。(Tanaka san wa, sono iinkai de donna *yaku* o shite iru no desu ka?)
¶তানাকা-সান ঐ কার্যনির্বাহী পরিষদে কি ধবনের ভূমিকা পালন করছেন?

②[劇などに出てくる人物などの役割] — ২) নাটক ইত্যাদিতে অংশগ্রহণকারীর চরিত্র

役者 (*yaku*sha) — ●অভিনেতা, অভিনেত্রী (f)
主役 (shu*yaku*) — ●প্রধান চরিত্র

¶この劇の主人公の役は，だれがやるのですか。(Kono geki no shujinkō n. *yaku* wa, dare ga yaru no desu ka?)
¶এই নাটকে নায়কের ভূমিকায় কে অভিনয় করছেন?

③[割り当てられた仕事，引き受けた仕事] — ৩) যার যার কর্তব্যকর্ম, হাতে নেওয়া কাজ

¶京都の案内役は，わたしが引き受けます。(Kyōto no annai*yaku* wa, watashi ga hikiukemasu.)
¶*কিয়োতো* শহর ঘুরিয়ে দেখানোর কাজটা আমিই নেব।

④[はたらき，有用であること] — ৪) কার্য, কার্যকারিতা

役に立つ (*yaku* ni tatsu) — ●কাজে লাগা, কাজে আসা
役立つ (*yaku*datsu) — ●কাজের, উপযোগী

¶この道具は全然役に立ちません。(Kono dōgu wa zenzen *yaku* ni tachimasen.)
¶এই যন্ত্রপাতি একদম কোনো কাজে লাগে না।

¶この辞書は，日本語を勉強するのにとても役立ちます。(Kono jisho wa, Nihongo o benkyō suru no ni totemo *yaku*dachimasu.)
¶এই অভিধানটা জাপানী ভাষা শেখার জন্য বেশ উপযোগী।

* いつも「役に立つ (yaku ni tatsu)」「役立つ (yakudatsu)」の形で使う。
* সবসময় 'yaku ni tatsu' বা 'yakudatsu' এই রূপে ব্যবহৃত।

**yaku** 約〘連体〙 — প্রায়; আনুমানিক

¶駅からうちまで，歩いて約 15 分です。(Eki kara uchi made, aruite *yaku* jūgofun desu.)
¶স্টেশন থেকে বাড়ী পর্যন্ত হেঁটে যেতে প্রায় পনেরো মিনিট সময় লাগে।

¶これで仕事も約半分終わりました。(Kore de shigoto mo *yaku* hanbun owarimashita.)

¶এ পর্যন্ত কাজটা প্রায় অর্ধেক শেষ হল।

**yakusho** 役所〘名〙 **(প্রশাসন) অফিস, কার্যালয়, দপ্তর**

市役所 (shi*yakusho*) ● পৌর কার্যালয়, মিউনিসিপাল অফিস

¶わたしの兄は役所に勤めています。(Watashi no ani wa *yakusho* ni tsutomete imasu.)

¶আমার বড়ভাই সরকারী অফিসে চাকরি করেন।

¶外国へ行く手続きは，どこの役所でするのですか。(Gaikoku e iku tetsuzuki wa, doko no *yakusho* de suru no desu ka?)

¶বিদেশে যাওয়ার ব্যবস্থাদি কোন অফিসে করা হয়?

**yakusoku** 約束〘名，～する〙 **প্রতিজ্ঞা, প্রতিশ্রুতি, অঙ্গীকার; ওয়াদা; কথা**

約束を守る (*yakusoku* o mamoru) ● প্রতিজ্ঞা পালন করা, কথা রাখা

約束を破る (*yakusoku* o yaburu) ● প্রতিজ্ঞা ভঙ্গ করা, কথা না রাখা

¶わたしは今晩友達と食事をする約束があります。(Watashi wa konban tomodachi to shokuji o suru *yakusoku* ga arimasu.)

¶আজ রাতে আমার বন্ধুর সাথে খাওয়া-দাওয়া করার কথা আছে।

¶山田さんと約束して，　　　を見に行くことにしました。(Yamada san to *yakusoku* shite, nichiyōbi ni eiga o mi ni iku koto ni shimashita.)

¶ইয়ামাদা-সানের সাথে কথা হয়েছে যে আমরা রোববারে সিনেমা দেখতে যাব।

**yakusu** 訳す〘動 I〙 **অনুবাদ করা, ভাষান্তরিত করা, তরজমা করা**

①〔ある国の言葉を別の国の言葉に直す〕

১) কোনো দেশের ভাষা অন্য দেশের ভাষায় রূপান্তরিত করা

¶山田さんは日本の現代小説を英語に訳しています。(Yamada san wa Nihon no gendai-shōsetsu o Eigo ni *yakushite* imasu.)

¶ইয়ামাদা-সান জাপানের আধুনিক উপন্যাস ইংরেজীতে অনুবাদ করছেন।

②〔古い言葉や難しい言葉をわかりやすい言葉に直す〕

২) প্রাচীন বা দুর্বোধ্য ভাষাকে সহজ ভাষায় রূপান্তরিত করা

¶中村さんは源氏物語を現代語に訳し

¶নাকামুরা-সান *গেনজি* উপাখ্যানকে আধুনিক

ました。(Nakamura san wa Genji-monogatari o gendaigo ni *yakushimashita.*) — ভাষায় রূপান্তর করেছেন।

**yama** 山〔名〕 — পাহাড়, পর্বত

¶富士山は日本でいちばん高い山です。(Fujisan wa Nihon de ichiban takai *yama* desu.) — ¶ ফুজি পর্বত জাপানের সর্বোচ্চ পাহাড়।

¶夏休みには山に登るつもりです。(Natsuyasumi ni wa *yama* ni noboru tsumori desu.) — ¶ গ্রীষ্মের ছুটিতে পাহাড়ে ওঠার ইচ্ছা আছে।

**yameru** 辞める〔動II〕 — (পদ) ত্যাগ করা, ছেড়ে দেওয়া, ইস্তফা দেওয়া

¶中村さんは先月会社を**辞めました**。(Nakamura san wa sengetsu kaisha o *yamemashita.*) — ¶ নাকামুরা-সান গতমাসে কোম্পানী ছেড়ে দিয়েছেন।

**yameru** やめる〔動II〕 — শেষ করা, বন্ধ করা, ছেড়ে দেওয়া ; বাতিল করা

①[続けてきたことを終わりにする] — ১) ধারাবাহিক কোনো কার্য সমাপ্ত করা

¶今日の勉強は、これで**やめる**ことにしましょう。(Kyō no benkyō wa, kore de *yameru* koto ni shimashō.) — ¶ আজকের পড়া এখানেই শেষ করা যাক।

¶たばこを**やめよう**と思っているのですが、なかなか**やめる**ことができません。(Tabako o *yameyō* to omotte iru no desu ga, nakanaka *yameru* koto ga dekimasen.) — ¶ সিগারেট ছেড়ে দেব ভাবছি, কিন্তু সহজে ছাড়তে পারছি না।

②[する予定でいたことをしないことにする] — ২) পরিকল্পিত কার্য না করা

¶風邪を引いたので、旅行に行くのを**やめました**。(Kaze o hiita node, ryokō ni iku no o *yamemashita.*) — ¶ ঠাণ্ডা লেগে যাওয়ায় ভ্রমণে যাওয়া বাতিল করেছি।

**yamu** やむ〔動I〕 — থামা, বন্ধ হওয়া

¶雨が**やみました**。(Ame ga *yamimashita.*) — ¶ বৃষ্টি থেমেছে।

¶風が**やんで**、辺りが静かになりました。(Kaze ga *yande,* atari ga shizuka — ¶ বাতাস থেমে গিয়ে চারদিকটা শান্ত হয়ে পড়ল।

ni narimashita.)

**yamuoenai** やむをえない — কিছু করার নেই.[ণ]অনিবার্য

¶あしたの会議には,やむをえない用事で欠席させていただきます。(Ashita no kaigi ni wa *yamuoenai* yōji de kesseki sasete itadakimasu.)
¶ আগামীকালের সভায় অনিবার্য কারণে অনুপস্থিত থাকতে হচ্ছে।

¶用事があって来られなければ,やむをえません。(Yōji ga atte korarenakereba, *yamuoemasen.*)
¶ কাজ থাকায় যদি না আসতে পারেন তাহলে তো আর কিছু করার নেই।

⇨shikata ga nai しかたがない

**yamuoezu** やむをえず〔副〕 — অনিবার্যকারণবশতঃ; বাধ্য হয়ে

¶乗り物がなくなってしまったので,やむをえず歩いてうちに帰りました。(Norimono ga nakunatte shimatta node, *yamuoezu* aruite uchi ni kaerimashita.)
¶ যানবাহন আর না থাকায় বাধ্য হয়ে হেঁটে বাড়ীতে ফিরেছি।

**yane** 屋根〔名〕 — ছাদ, ছাত; চাল, ছাউনি

¶あの赤い屋根の建物が郵便局です (Ano akai *yane* no tatemono ga yūbinkyoku desu.)
¶ ঐ লাল ছাদওয়ালা দালানটাই হচ্ছে পোস্টঅফিস।

**yaoya** 八百屋〔名〕 — শাকসবজীর দোকান

¶八百屋で野菜を買ってきてください。(*Yaoya* de yasai o katte kite kudasai.)
¶ শাকসবজীর দোকান থেকে সবজী কিনে আনুন।

**yaru** やる〔動Ⅰ〕 — দেওয়া; করা; চালানো

①[人や動植物などに物を与える]
১) মানুষ, পশুপাখী, বৃক্ষাদিকে কিছু প্রদান করা

¶わたしは弟に万年筆をやりました。(Watashi wa otōto ni mannenhitsu o *yarimashita.*)
¶ আমি ছোটভাইকে একটি কলম দিয়েছি।

¶犬にえさをやってください。(Inu ni esa o *yatte* kudasai.)
¶ কুকুরটাকে খাবার দিন।

¶夕方,植木に水をやりました。(Yūgata, ueki ni mizu o *yarimashita.*)
¶ সন্ধ্যাবেলায় গাছগুলোতে পানি দিয়েছি।

* 普通,ある人が同等または目下の人,
* সাধারণতঃ সমকক্ষ/সমবয়সী বা অধস্তন/

動植物などにある物を与えるという意味を表す。与える人の側に立って言うときに使う。
বয়োকনিষ্ঠ ব্যক্তি, পশুপাখী বা বৃক্ষাদিকে কিছু প্রদানের অর্থ প্রকাশ করে। দাতার পক্ষ থেকে বলার ক্ষেত্রে ব্যবহৃত।

→**ageru** 上げる

②[ものごとをする，行う]
২) কোনো কিছু করা, কার্য-সম্পাদন করা

¶テニスをやりませんか。 (Tenisu o *yarimasen* ka?)
¶ টেনিস খেলবেন নাকি?

¶おもしろい映画をやっているから，見に行きませんか。(Omoshiroi eiga o *yatte* iru kara, mi ni ikimasen ka?)
¶ মজার একটা সিনেমা হচ্ছে, দেখতে যাবেন নাকি?

¶来週，田中先生の送別会をやる予定です。(Raishū, Tanaka sensei no sōbetsukai o *yaru* yotei desu.)
¶ আগামী সপ্তাহে তানাকা স্যারের জন্য বিদায় সংবর্ধনা অনুষ্ঠান করার কথা আছে।

③[ある職業に就く，仕事をする]
৩) কোনো পেশায় নিযুক্ত থাকা, কার্য করা

¶わたしの兄は本屋をやっています。(Watashi no ani wa hon'ya o *yatte* imasu.)
¶ আমার বড়ভাই বইয়ের দোকান চালাচ্ছেন।

④[収入などを得て生活する]
৪) উপার্জন করে জীবিকা নির্বাহ করা

¶あなたは1か月10万円でやっていけますか。 (Anata wa ikkagetsu jū-man'en de *yatte* ikemasu ka?)
¶ আপনি কি মাসে একলাখ ইয়েনে সংসার চালাতে পারেন?

**(〜te) yaru** (〜て) やる[連]
*করে দেওয়া*

¶子供を動物園へ連れていってやりました。(Kodomo o dōbutsuen e tsurete itte *yarimashita.*)
¶ বাচ্চাকে চিড়িয়াখানায় নিয়ে গিয়েছিলাম।

¶わたしは妹にくつを買ってやりました。(Watashi wa imōto ni kutsu o katte *yarimashita.*)
¶ আমি ছোটবোনকে জুতা কিনে দিয়েছি।

＊ 一般的に，相手のためにある動作をするという意味を表す。動作をする人の側に立って言うときに使う。普通，同等または目下の人などのためにある動作をするときに使う。
＊ সাধারণতঃ অপরপক্ষের জন্য কার্য করে দেওয়ার অর্থ প্রকাশ করে। কর্তার পক্ষ থেকে বলার ক্ষেত্রে ব্যবহৃত। সাধারণতঃ সমকক্ষ/ সমবয়সী বা অপ্রস্তন/ বয়োকনিষ্ঠ ব্যক্তির জন্য কিছু করার ক্ষেত্রে ব্যবহৃত।

⇨(~te) ageru （～て）あげる

**yasai** 野菜〔名〕 শাকসবজী, তরিতরকারি, আনাজ

¶わたしは畑でじゃがいもやキャベツやトマトなどの野菜を作っています。(Watashi wa hatake de jagaimo ya kyabetsu ya tomato nado no *yasai* o tsukutte imasu.)
¶ আমি ক্ষেতে আলু, বাঁধাকপি, টমেটো ইত্যাদি শাকসবজীর চাষ করছি।

**yasashii** 優しい〔形〕 দয়ালু; কোমল; স্নেহশীল, স্নেহপরায়ণ

¶田中さんは心の優しい人です。(Tanaka san wa kokoro no *yasashii* hito desu.)
¶ তানাকা-সান কোমল মনের মানুষ।

¶入学試験に落ちてがっかりしていたら，山田さんが優しく慰めてくれました。(Nyūgaku-shiken ni ochite gakkari shite itara, Yamada san ga *yasashiku* nagusamete kuremashita.)
¶ ভর্তি পরীক্ষায় ফেল করে যখন হতাশ হয়ে পড়েছিলাম, ইয়ামাদা-সান তখন আমাকে স্নেহভরে সান্ত্বনা দিয়েছিলেন।

**yasashii** 易しい〔形〕 সরল; সহজ, সোজা

¶日本語は易しいですか。難しいですか。(Nihongo wa *yasashii* desu ka? Muzukashii desu ka?)
¶ জাপানী ভাষা কি সহজ? নাকি কঠিন?

¶問題が易しかったので，すぐできました。(Mondai ga *yasashikatta* node, sugu dekimashita.)
¶ প্রশ্ন সহজ থাকায় সাথে সাথেই জবাব দিতে পেরেছিলাম।

⇔muzukashii 難しい

**yaseru** やせる〔動II〕 পাতলা হওয়া; শুকিয়ে যাওয়া; রোগা হওয়া

¶中村さんはわたしよりやせています。(Nakamura san wa watashi yori *yasete* imasu.)
¶ নাকামুরা-সান আমার চেয়ে পাতলা।

¶わたしは病気をしてやせてしまいました。(Watashi wa byōki o shite *yasete* shimaimashita.)
¶ অসুখে আমি রোগা হয়ে গিয়েছি।

⇔futoru 太る

**yasui** 安い〔形〕 সস্তা

¶もっと安いのを見せてください。
(Motto *yasui* no o misete kudasai.)
¶ আরও সস্তাটা দেখান।

¶安ければ買いますが，高ければ買いません。(*Yasukereba* kaimasu ga, takakereba kaimasen.)
¶ সস্তা হলে কিনব কিন্তু দামী হলে কিনব না।

⇔**takai** 高い

**-yasui** -やすい〔尾〕
করতে আরাম, করতে সুবিধা; সহজে

¶田中さんの手紙は，字がきれいで読みやすいです。 (Tanaka san no tegami wa, ji ga kirei de yomi*yasui* desu.)
¶ হাতের লেখা সুন্দর বলে তানাকা-সানের চিঠি সহজে পড়া যায়।

¶夏は食べ物が腐りやすいです。
(Natsu wa tabemono ga kusari-*yasui* desu.)
¶ গ্রীষ্মকালে খাবার জিনিস সহজে পচে যায়।

⇔**-nikui** -にくい

**yasumi** 休み〔名〕
ছুটি, বন্ধ; বিরতি; বিশ্রাম, অবকাশ

休み時間 (*yasumi*jikan)
●বিশ্রামের সময়, বিরতি

昼休み (hiru*yasumi*)
●দুপুরের বিরতি

¶あしたは学校が休みです。 (Ashita wa gakkō ga *yasumi* desu.)
¶ আগামীকাল স্কুল ছুটি।

¶今日，山田先生は風邪でお休みです。
(Kyō, Yamada sensei wa kaze de o*yasumi* desu.)
¶ ঠাণ্ডা লাগায় ইয়ামাদা স্যার আজ ছুটিতে আছেন।

**yasumu** 休む〔動 I〕
বিশ্রাম নেওয়া, জিরানো; ছুটি নেওয়া

①〔休息する，心や体を楽にする〕
১) শ্রান্তি অপনোদন করা, দেহমনকে আরাম দেওয়া

¶それでは，10分間休みましょう。
(Soredewa, jippunkan *yasumima-shō*.)
¶ তাহলে দশ মিনিট বিশ্রাম নেওয়া যাক।

②〔学校や会社などに行くことをやめる〕
২) স্কুল, অফিস ইত্যাদিতে অনুপস্থিত থাকা

¶体のぐあいが悪いので，会社を休みました。(Karada no guai ga warui node, kaisha o *yasumimashita*.)
¶ শরীরটা ভালো লাগছে না, তাই অফিস থেকে ছুটি নিয়েছি।

**yatou** 雇う〔動 I〕
(কাজে) নিয়োগ করা, নিয়োজিত করা; ভাড়া করা

¶あそこの家は金持ちで，お手伝いさんを3人も雇っています。 (Asoko no ie wa kanemochi de, otetsudaisan o sannin mo *yatotte* imasu.)

¶ঐ পরিবারটা বেশ ধনী, তাই তিন-তিনজন কাজের লোক নিয়োজিত আছে।

**yatto** やっと〘副〙

অবশেষে; এতক্ষণে; এতদিনে; কোনোমতে

①[困難な状況に耐えたりその状態を打開するための努力などをしてある事態が実現することを表す]

১) কঠিন পরিস্থিতি সহ্য করার বা সেই পরিস্থিতি উত্তরণের প্রচেষ্টা চালানোর ফলে নতুন কোনো পরিস্থিতির সৃষ্টি হওয়া—এমন অর্থ প্রকাশ করে

¶1時間並んで，やっと汽車の切符を買うことができました。 (Ichijikan narande, *yatto* kisha no kippu o kau koto ga dekimashita.)

¶একঘন্টা লাইনে দাঁড়িয়ে থেকে অবশেষে ট্রেনের টিকেট কিনতে পারলাম।

¶一生懸命走って，やっと電車に間に合いました。(Isshōkenmei hashitte, *yatto* densha ni maniaimashita.)

¶প্রাণপণে দৌড়িয়ে অবশেষে ট্রেনটা ধরতে পারলাম।

¶長い厳しい冬が終わって，やっと暖かい春になりました。(Nagai kibishii fuyu ga owatte, *yatto* atatakai haru ni narimashita.)

¶দীর্ঘদিনের নিদারুণ শীতের পর অবশেষে উষ্ণ বসন্ত এল।

* 普通，待ち望んでいた結果が実現したときに使う。あとに過去・完了を表す「たの形」が来ることが多い。「やっとのことで (yatto no koto de)」の形でも使う。

* সাধারণতঃ আকাঙ্ক্ষিত বিষয় বাস্তবায়িত হওয়ার ক্ষেত্রে ব্যবহৃত। অধিকাংশ ক্ষেত্রে পরে অতীত বা পুরাঘটন-বাচক 'ta-রূপ' বসে। 'yatto no koto de' এই রূপেও ব্যবহৃত।

→**yōyaku** ようやく

②[あることがらが可能ではあるがじゅうぶんではないという意味を表す]

২) সম্ভব, তবে যথেষ্ট নয়—এমন অর্থ প্রকাশ করে

¶あの部屋は狭くて，5人がやっと入れる広さです。 (Ano heya wa semakute, gonin ga *yatto* haireru hirosa desu.)

¶ঐ ঘরটা এত ছোট যে কোনোমতে পাঁচজন ঢুকতে পারে।

*「～がやっとです (～ga yatto desu)」の形でも使う。「月給が安いので，自分一人が生活するのがやっと

* ...ga yatto desu' এই রূপেও ব্যবহৃত। যেমন, 'Gekkyū ga yasui node, jibun hitori ga seikatsu suru no ga yatto

です。(Gekkyū ga yasui node, jibun hitori ga seikatsu suru no ga yatto desu.)」 — desu. (মাসিক বেতন কম বলে নিজে একা কোনোরকমে চলতে পারি।)'।

**yattsu** 八つ〖名〗 — আটটা/আটটি; আট বছর বয়স

①[8個] — ১) আটটি

¶ここに卵が八つあります。 (Koko ni tamago ga *yattsu* arimasu.) — ¶ এখানে আটটা ডিম আছে।

②[8歳] — ২) আট বৎসর বয়স

¶今年, この子は八つになりました。(Kotoshi, kono ko wa *yattsu* ni narimashita.) — ¶ এ বছর এই বাচ্চাটির বয়স আট হয়েছে।

**yawaraka** 柔らか〖形動〗 — কোমল; নরম, মোলায়েম; তুলতুলে

柔らかな手 (*yawaraka* na te) — • কোমল হাত

柔らかな布団 (*yawaraka* na futon) — • তুলতুলে লেপ-তোষক

→**yawarakai** 柔らかい

**yawarakai** 柔らかい〖形〗 — কোমল; নরম, মোলায়েম; তুলতুলে

¶このパンは今焼いたばかりですから柔らかいですよ。(Kono pan wa ima yaita bakari desu kara *yawarakai* desu yo.) — ¶ এই পাউরুটি এইমাত্র তৈরী করা হয়েছে, তাই এখনও নরম আছে।

¶ゆうべは柔らかい布団でぐっすり眠りました。 (Yūbe wa *yawarakai* futon de gussuri nemurimashita.) — ¶ গতরাতে তুলতুলে লেপ-তোষকে আরামে ঘুমিয়েছি।

→**yawaraka** 柔らか

**yo** よ〖助〗 — কিন্তু; না; তো; কেমন

①[意志や感情や判断などを相手に印象づけて表したり念を押したりする場合に使う] — ১) নিজের ইচ্ছা, মনোভাব, সিদ্ধান্ত ইত্যাদি অপরপক্ষকে গভীরভাবে প্রভাবিত করার বা নিশ্চিত করার ক্ষেত্রে ব্যবহৃত

¶急ぎますから, わたしはもう帰りますよ。 (Isogimasu kara, watashi wa mō kaerimasu *yo*.) — ¶ আমার তাড়া আছে, তাই আমি এখনই ফিরব কিন্তু।

¶早くしないと遅れますよ。(Hayaku shinai to okuremasu *yo*.) — ¶ তাড়াতাড়ি না করলে দেরী হয়ে যাবে কিন্তু।

¶あの映画はとてもおもしろいですよ。 — ¶ ঐ সিনেমাটা কিন্তু বেশ মজার।

(Ano eiga wa totemo omoshiroi desu *yo*.)

②［命令・依頼・勧誘などの気持ちを相手に訴える場合に使う］

¶そんなことをしてはいけませんよ。(Sonna koto o shite wa ikemasen *yo*.)

¶あした必ず来てくださいよ。(Ashita kanarazu kite kudasai *yo*.)

¶疲れたから，少し休みましょうよ。(Tsukareta kara, sukoshi yasumimashō *yo*.)

＊一般に丁寧に言う場合は男性も女性も「〜ですよ (〜desu yo)」「〜ますよ (〜masu yo)」の形を使う。名詞，形容動詞の語幹，助詞に直接「よ (yo)」が続く形は，女性だけが使う。「これはあなたの本よ。(Kore wa anata no hon yo.)」「この花きれいよ。(Kono hana kirei yo.)」「あした休みなのよ。(Ashita yasumi na no yo.)」 男性は「だ (da)」をつけて使う。「これは君の本だよ。(Kore wa kimi no hon da yo.)」「この花きれいだよ。(Kono hana kirei da yo.)」「あした休みなんだよ。(Ashita yasumi na n da yo.)」 形容詞に直接「よ (yo)」のつく形は，一般に男性が使う。「この本おもしろいよ。(Kono hon omoshiroi yo.)」 女性の場合は「この本おもしろいわよ (Kono hon omoshiroi wa yo.)」などと言う。

২) অনুজ্ঞা, অনুরোধ, আমন্ত্রণ ইত্যাদি মনোভাব জোরালোভাবে প্রকাশ করার ক্ষেত্রে ব্যবহৃত

¶ ও রকম কাজ করবে না কিন্তু।

¶ আগামীকাল অবশ্যই আসবে কিন্তু।

¶ ক্লান্ত হয়ে পড়েছি, একটু বিশ্রাম নেওয়া যাক, কেমন।

＊ সাধারণতঃ ভদ্রভাবে বলার ক্ষেত্রে পুরুষ এবং মহিলা উভয়েই '...desu yo' বা '...masu yo' এই রূপ ব্যবহার করেন। বিশেষ্য, বিশেষণ-ক্রিয়া (মূল-রূপ) বা অব্যয়ের সঙ্গে সরাসরি 'yo' যুক্ত হওয়ার রূপটি শুধু মহিলারাই ব্যবহার করেন। যেমন, 'Kore wa anata no hon yo. (এটা তো তোমার বই।)', 'Kono hana kirei yo. (এই ফুলটা তো সুন্দর।)', 'Ashita yasumi na no yo. (কাল তো ছুটি।)'। পক্ষান্তরে পুরুষেরা 'yo' এর পূর্বে 'da' যুক্ত করে ব্যবহার করেন। যেমন, 'Kore wa kimi no hon da yo. (এটা তো তোমার বই।)', 'Kono hana kirei da yo. (এই ফুলটা তো সুন্দর।)', 'Ashita yasumi na n da yo. (কালতো ছুটি।)'। বিশেষণের সঙ্গে সরাসরি 'yo' যুক্ত হওয়ার রূপটি সাধারণতঃ পুরুষেরাই ব্যবহার করেন। যেমন, 'Kono hon omoshiroi yo (এই বই মজার।)', অন্যদিকে মহিলারা 'Kono hon omoshiroi wa yo. (এই বইটা তো মজার।)' ইত্যাদি রূপ ব্যবহার করেন।

**yō 用**〔名〕 কাজ, কার্য; দরকার, প্রয়োজন

用が済む (*yō* ga sumu) 用を済ませ ●কাজ শেষ হওয়া, কাজ সারা

る (*yō* o sumaseru) ●কাজ শেষ করা, কাজ সেরে ফেলা

¶用があるから，ちょっと来てください。(*Yō* ga aru kara, chotto kite kudasai.) ¶কাজ আছে, একটু আসুন।

¶何か御用でしょうか。(Nani ka go-*yō* deshō ka?) ¶আপনার জন্য কি করতে পারি?

⇨yōji 用事

**-yō -用〔尾〕** জন্য, উপযোগী

子供用自転車 (kodomo*yō*-jitensha) ●বাচ্চাদের জন্য সাইকেল

非常用の階段 (hijō*yō* no kaidan) ●জরুরী অবস্থায় ব্যবহারের জন্য সিঁড়ি

**yō ように〔助動〕** (ইচ্ছা ইত্যাদি প্রকাশক সহায়ক-ক্রিয়া)

①[意志を表す] ১) ইচ্ছা প্রকাশ করে

¶その荷物を持ってあげよう。(Sono nimotsu o motte age*yō*.) ¶ঐ মালপত্র আমি বয়ে নিয়ে দিচ্ছি।

¶わたしはA大学の入学試験を受けようと思っています。(Watashi wa Ē-daigaku no nyūgaku-shiken o uke*yō* to omotte imasu.) ¶আমি ক ইউনিভার্সিটির ভর্তি পরীক্ষা দেব ভাবছি।

¶あなたはどんな勉強をしようとお考えですか。(Anata wa donna benkyō o shi*yō* to okangae desu ka?) ¶আপনি কোন বিষয়ে পড়াশোনা করবেন বলে ভাবছেন?

¶上田さんは早くから東京へ来ようと思っていたそうです。(Ueda san wa hayaku kara Tōkyō e ko*yō* to omotte ita sō desu.) ¶শুনেছি উয়েদা-সান আগে থেকেই *তোকিয়ো*-তে আসার কথা ভাবছিলেন।

*「〜と思う (〜to omou)」「と考える (〜to kangaeru)」などといっしょに使うことが多い。 *অধিকাংশ ক্ষেত্রে '...to omou (...বলে ভাবা)','...to kangaeru (...বলে চিন্তা করা)' ইত্যাদির সঙ্গে ব্যবহৃত।

②[勧誘を表す] ২) আমন্ত্রণ প্রকাশ করে

¶みんなでいっしょに御飯を食べようよ。(Minna de issho ni gohan o tabe*yō* yo.) ¶চলুন, সবাই মিলে একসাথে খাওয়া-দাওয়া করা যাক।

③[ある動作・作用がこれから行われるという意味を表す] ৩) কোনো কার্য বা প্রক্রিয়া সংঘটনের পূর্ব-মুহূর্তের অবস্থা প্রকাশ করে

| | |
|---|---|
| ¶出かけようとしているところへ友達が訪ねて来ました。(Dekake*yō* to shite iru tokoro e tomodachi ga tazunete kimashita.) | ¶ বের হব ভাবছি, এমন সময় এক বন্ধু বেড়াতে এল। |
| ¶夜が明けようとするころ，わたしたちは出発しました。(Yo ga ake*yō* to suru koro, watashitachi wa shuppatsu shimashita.) | ¶ ভোর হয় হয় এমন সময় আমরা রওয়ানা দিয়েছি। |
| *「～ようとする (～yō to suru)」の形で使う。 | * '...yō to suru' এই রূপে ব্যবহৃত। |
| ＊「よう (yō)」はＩ型動詞以外の動詞につく。 | ＊ 'yō' শব্দটি ক্রিয়া I ব্যতীত অন্য ক্রিয়ার সঙ্গে যুক্ত হয়। |
| ⇨u う | |

**yobō** 予防〔名，～する〕 — প্রতিষেধ ; প্রতিরোধ

| | |
|---|---|
| 予防注射 (*yobō*-chūsha) | ●প্রতিষেধক ইনজেকশন |
| ¶毎日歯をみがいて，虫歯を予防しましょう。(Mainichi ha o migaite, mushiba o *yobō* shimashō.) | ¶ রোজ দাঁত মেজে দাঁতে পোকা লাগা প্রতিরোধ করা যাক। |
| ¶ダムを作ったり山に木を植えたりして，水害を予防します。(Damu o tsukuttari yama ni ki o uetari shite, suigai o *yobō* shimasu.) | ¶ বাঁধ নির্মাণ করে বা পাহাড়ের গায়ে বৃক্ষরোপণ করে বন্যা প্রতিরোধ করা হয়। |

**yobu** 呼ぶ〔動Ｉ〕 — ডাকা, ডাক দেওয়া ; আহ্বান করা

| | |
|---|---|
| ①[大声で声をかける] | ১) উচ্চকণ্ঠে সম্বোধন করা |
| ¶山田さんが「おうい。」とわたしを呼びました。(Yamada san ga "Ōi." to watashi o *yobimashita*.) | ¶ ইয়ামাদা-সান 'এই যে' বলে আমাকে ডাক দিয়েছিলেন। |
| ②[声をかけてそばに来させる] | ২) সম্বোধন করে কাউকে কাছে আনয়ন করা |
| ¶母に呼ばれたので，急いで行きました。(Haha ni *yobareta* node, isoide ikimasnita.) | ¶ মা ডেকেছিলেন, তাই তাড়াতাড়ি গিয়েছিলাম। |
| ③[使いや手紙などをやって来させる] | ৩) দূতের বা চিঠির মাধ্যমে আনয়ন করা |
| ¶すぐ医者を呼んでください。(Sugu isha o *yonde* kudasai.) | ¶ শীগ্‌গির ডাক্তার ডাকুন। |

**yō da　ようだ【助動】**

মতো; বোধ হয়; -ভাবে; যাতে; যেন

①[あるものごとがほかのものごとに似ていることを表す]

১) এক বিষয়ের সঙ্গে অন্য বিষয়ের মিল থাকাকে প্রকাশ করে

¶あの雲は人の顔のようですね。(Ano kumo wa hito no kao no *yō desu* ne.)

¶ ঐ মেঘটাকে মানুষের মুখের মতো লাগছে, তাই না।

¶あの人は日本語を日本人のように上手に話します。(Ano hito wa Nihongo o Nihonjin no *yō ni* jōzu ni hanashimasu.)

¶ তিনি জাপানীদের মতো ভালভাবে জাপানী ভাষা বলতে পারেন।

②[あるものごとを例として示すことを表す]

২) কোনো বিষয়কে উদাহরণ হিসাবে উত্থাপন করাকে প্রকাশ করে

¶わたしは，東京のようなにぎやかな町より京都のような静かな町が好きです。(Watashi wa, Tōkyō no *yō na* nigiyaka na machi yori Kyōto no *yō na* shizuka na machi ga suki desu.)

¶ আমি *তোকিয়োর* মতো জমজমাট শহরের চেয়ে *কিয়োতোর* মতো শান্ত শহরই পছন্দ করি।

¶わたしは上田さんのような立派な医者になりたいです。(Watashi wa Ueda san no *yō na* rippa na isha ni naritai desu.)

¶ আমি উয়েদা-সানের মতো একজন ভালো ডাক্তার হতে চাই।

③[推量・不確かな判断などを表す]

৩) অনুমান, অনিশ্চিত ধারণা ইত্যাদি প্রকাশ করে

¶あしたは雨のようですよ。(Ashita wa ame no *yō desu* yo.)

¶ আগামীকাল বোধ হয় বৃষ্টি হবে।

¶山田さんは来月アメリカへ行くようです。(Yamada san wa raigetsu Amerika e iku *yō desu.*)

¶ ইয়ামাদা-সান আগামীমাসে আমেরিকা যাবেন বোধ হয়।

④[あるものごとの内容が同じであることを表す]

৪) কোনো বিষয়ের সারবস্তুতে অনুরূপ অবস্থা থাকাকে প্রকাশ করে

¶中村さんの言うようにしてください。(Nakamura san no iu *yō ni* shite kudasai.)

¶ নাকামুরা-সান যেভাবে বলেন সেভাবে করুন।

¶以上のようなわけで，わたしは会社

¶ উপরিউক্ত কারণেই আমার কোম্পানী ছেড়ে

を辞めるつもりです。 (Ijō no *yō na* wake de, watashi wa kaisha o yameru tsumori desu.)

দেওয়ার ইচ্ছা।

⑤[方法などを表す]

৫) পদ্ধতি ইত্যাদি প্রকাশ করে

¶あなたのうちは駅からどのように行くのですか。 (Anata no uchi wa eki kara dono *yō ni* iku no desu ka?)

¶ স্টেশন থেকে আপনার বাড়ীতে কিভাবে যেতে হয়?

¶「この言葉は漢字でどのように書きますか。」 (Kono kotoba wa kanji de dono *yō ni* kakimasu ka?) 「このように書きます。」 (Kono *yō ni* kakimasu.)

¶ "এই শব্দটি কানজিতে কিভাবে লিখতে হয়?"
"এভাবে লিখতে হয়।"

* 普通「どのように (dono yō ni)」「このように (kono yō ni)」「そのように (sono yō ni)」「あのように (ano yō ni)」の形で使う。

* সাধারণতঃ 'dono yō ni (কিভাবে)','kono yō ni (এভাবে)', 'Sono yō ni (সেভাবে)', 'ano yō ni (ওভাবে)' এই রূপে ব্যবহৃত।

⑥[あることを意識的に心がけて行うことを表す]

৬) সচেতনভাবে কোনো কিছু করার প্রচেষ্টাকে প্রকাশ করে

¶病気になってからは, 毎日牛乳を飲むようにしています。 (Byōki ni natte kara wa, mainichi gyūnyū o nomu *yō ni* shite imasu.)

¶ অসুখ হওয়ার পর থেকে রোজ নিয়মমতো দুধ খাওয়ার চেষ্টা করছি।

¶いつも日本語だけで話すようにしています。(Itsu mo Nihongo dake de hanasu *yō ni* shite imasu.)

¶ সবসময় শুধু জাপানী ভাষায় কথা বলার চেষ্টা করছি।

¶毎日, 予習と復習をするようにしてください。 (Mainichi, yoshū to fukushū o suru *yō ni* shite kudasai.)

¶ রোজ নিয়ম করে পড়া তৈরী আর রিভাইজ করার চেষ্টা করবেন।

* 普通「～ようにする (～yō ni suru)」の形で使う。

* সাধারণতঃ '. .yō ni suru'এই রূপে ব্যবহৃত।

⑦[目標や目的などを表す]

৭) অভীষ্ট, উদ্দেশ্য ইত্যাদি প্রকাশ করে

¶汽車の時間に間に合うように急いでください。 (Kisha no jikan ni maniau *yō ni* isoide kudasai.)

¶ তাড়াতাড়ি করুন যাতে ট্রেন ধরা যায়।

¶肉が腐らないように冷蔵庫に入れておいてください。(**Niku ga kusaranai *yō ni* reizōko ni irete oite kudasai.**)

¶ গোস্ত ফ্রিজে রেখে দিন যাতে পচে না যায়।

*「ように (yō ni)」の前には動詞の「ないの形」か無意志性の動詞が来ることが多い。

* 'yō ni' এর পূর্বে অধিকাংশ ক্ষেত্রে ক্রিয়া (nai-রূপ) অথবা ইচ্ছা-নিরপেক্ষতামূলক ক্রিয়া বসে।

⑧[ある状態の変化の結果を表す]

৮) অবস্থা পরিবর্তনের পরিণতিকে প্রকাশ করে

¶日本へ来てから，日本語が上手に話せるようになりました。(**Nihon e kite kara, Nihongo ga jōzu ni hanaseru *yō ni* narimashita.**)

¶ জাপানে আসার পর জাপানী ভাষা ভালভাবে বলতে সক্ষম হয়েছি।

¶早く100メートル泳ぐことができるようになりたいです。(**Hayaku hyakumētoru oyogu koto ga dekiru *yō ni* naritai desu.**)

¶ শীগ্‌গিরই একশো মিটার সাঁতার দেওয়ার মতো সক্ষম হতে চাই।

¶弟は高等学校に入ってから，一生懸命勉強するようになりました。(**Otōto wa kōtōgakkō ni haitte kara, isshōkenmei benkyō suru *yō ni* narimashita.**)

¶ আমার ছোটভাই কলেজে ভর্তি হওয়ার পর থেকে খুব খেটে পড়াশোনা করতে শুরু করেছে।

*普通「〜ようになる (〜yō ni naru)」の形で使う。

* সাধারণতঃ '...yō ni naru' এই রূপে ব্যবহৃত।

⑨[願望・要求・勧めなどの内容を表すときに使う]

৯ আকাঙ্ক্ষা, দাবী, প্রস্তাব ইত্যাদির সারবস্তুকে প্রকাশ করার ক্ষেত্রে ব্যবহৃত

¶早くよくなるようにお祈りしております。(**Hayaku yoku naru *yō ni* oinori shite orimasu.**)

¶ প্রার্থনা করছি যেন তাড়াতাড়ি ভালো হয়ে ওঠেন।

¶山田さんにあしたわたしのうちへ来るように言ってください。(**Yamada san ni ashita watashi no uchi e kuru *yō ni* itte kudasai.**)

¶ ইয়ামাদা-সানকে বলবেন যেন আগামীকাল আমার বাড়ীতে আসেন।

¶田中さんに本を返してくれるように頼みました。(**Tanaka san ni hon o**

¶ তানাকা-সানকে অনুরোধ করেছি যেন বইটা ফেরত দিয়ে দেন।

kaeshite kureru *yō ni* tanomimashita.)

* あとに「言う (iu)」「話す (hanasu)」「頼む (tanomu)」「命令する (meirei suru)」「勧める (susumeru)」「祈る (inoru)」などの動詞が来る。

* পরে 'iu (বলা)','hanasu (কথা বলা)', 'tanomu (অনুরোধ করা)', 'meirei suru (আদেশ করা)','susumeru (উৎসাহ দেওয়া)', 'inoru (প্রার্থনা করা)' ইত্যাদি ক্রিয়া বসে।

* 丁寧に言う場合「ようです (yō desu)」となる。

* ভদ্রভাবে বলার ক্ষেত্রে 'yō desu' হয়ে যায়।

**yofukashi** **夜更かし**〘名, ～する〙 **অনেক রাত পর্যন্ত জাগা**

¶**夜更かし**をした次の日は, なかなか起きられません。(*Yofukashi* o shita tsugi no hi wa, nakanaka okiraremasen.)

¶ অনেক রাত পর্যন্ত জাগলে পরদিন সহজে ঘুম থেকে ওঠা যায় না।

¶**夜更かし**するのは, 体によくありません。 (*Yofukashi* suru no wa, karada ni yoku arimasen.)

¶ বেশী রাত পর্যন্ত জাগা শরীরের জন্য ভালো নয়।

**yōfuku** **洋服**〘名〙 (পাশ্চাত্য কায়দার) **জামা, কাপড়, পোশাক**

**洋服**だんす (*yōfuku*-dansu)

• জামা-কাপড় রাখার আলমারি

¶田中さんはいつも茶色の**洋服**を着ています。(Tanaka san wa itsu mo chairo no *yōfuku* o kite imasu.)

¶ তানাকা-সান সবসময় বাদামী রঙের কাপড় পরেন।

**yogoreru** **汚れる**〘動 II〙 **ময়লা হওয়া, নোংরা হওয়া**

¶シャツが**汚れた**ので, 洗たくしました。(Shatsu ga *yogoreta* node, sentaku shimashita.)

¶ শার্টটা ময়লা হয়েছিল বলে ধুয়ে দিয়েছি।

¶どろ道を走ったので, 車が**汚れて**しまいました。(Doromichi o hashitta node, kuruma ga *yogorete* shimaimashita.)

¶ কর্দমাক্ত রাস্তা দিয়ে চালিয়েছিলাম বলে গাড়ীটা নোংরা হয়ে গিয়েছে।

**yogosu** **汚す**〘動 I〙 **ময়লা করা, নোংরা করা**

¶スープをこぼして, 洋服を**汚して**しまいました。 (Sūpu o koboshite, yōfuku o *yogoshite* shimaimashita.)

¶ সূপ পড়ে গিয়ে জামাটা নোংরা হয়ে গিয়েছে।

¶きれいな着物を着たのですから, 汚

¶ সুন্দর *কিমোনো* পরেছ, খেয়াল রাখবে যাতে

さないように気をつけなさい。(Kirei na kimono o kita no desu kara, *yogosanai* yō ni ki o tsukenasai.)

ময়লা না হয়।

**yohō** 予報〔名, ～する〕

পূর্বাভাস

¶天気予報によると, 明日は雨が降るそうです。(Tenki-*yohō* ni yoru to, asu wa ame ga furu sō desu.)

¶ আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী আগামীকাল বৃষ্টি হতে পারে।

**yohodo** よほど〔副〕

খুব.[ণ]বেশী, অত্যন্ত

¶ゆうべはよほど寒かったのでしょう。水道が凍っています。 (Yūbe wa *yohodo* samukatta no deshō. Suidō ga kootte imasu.)

¶ গতরাতে খুব ঠাণ্ডা পড়েছিল বোধ হয়। কলের পানি তো বরফ হয়ে আছে।

¶息子は一度に五杯も御飯を食べました。よほどおなかがすいていたのでしょう。(Musuko wa ichido ni gohai mo gohan o tabemashita. *Yohodo* onaka ga suite ita no deshō.)

¶ আমাদের ছেলেটি একে একে পাঁচ বাটি ভাত খেয়ে ফেলেছে। খুব ক্ষুধা পেয়েছিল বোধ হয়।

**yoi** よい〔形〕

ভালো; সুন্দর; ঠিক

①[正しい立派な様子]

১) সঠিক এবং চমৎকার

¶よいと思ったことは, 勇気を持って実行しなさい。(*Yoi* to omotta koto wa, yūki o motte jikkō shinasai.)

¶ যা ভালো মনে কর তা সাহসের সাথে করে ফেল।

¶人の物を取るのはよくないことです。(Hito no mono o toru no wa *yoku* nai koto desu.)

¶ অন্যের জিনিস নেওয়া ভালো নয়।

↔warui 悪い

②[善良である様子]

২) সচ্চরিত্র

¶山田さんはとてもよい人ですね。(Yamada san wa totemo *yoi* hito desu ne.)

¶ ইয়ামাদা-সান বেশ ভালো লোক, তাই না।

↔warui 悪い

③[親しい様子]

৩) অন্তরঙ্গ

¶春子さんと秋子さんはたいへん仲のよい友達です。 (Haruko san to

¶ হারুকো-সান আর আকিকো-সান খুব ভালো বন্ধু।

Akiko san wa taihen naka no *yoi* tomodachi desu.)

*普通「仲がよい (naka ga yoi)」の形で使う。

* সাধারণতঃ 'naka ga yoi' এই রূপে ব্যবহৃত।

↔warui 悪い

④[ものごとの優れている様子]

৪) উৎকৃষ্ট

¶上田さんは成績がたいへんよいそうです。(Ueda san wa seiseki ga taihen *yoi* sō desu.)

¶ শুনেছি উয়েদা-সানের রেজাল্ট খুব ভালো।

¶この万年筆はあまりよくないです。(Kono mannenhitsu wa amari *yoku* nai desu.)

¶ এই কলমটা খুব একটা ভালো নয়।

⑤[状態の好ましい様子, 気持ちのよい様子]

৫) অনুকূল, মনোরম

病気がよくなる (byōki ga *yoku* naru)

● অসুখ ভালো হওয়া

¶天気がよい日には散歩をします。(Tenki ga *yoi* hi ni wa sanpo o shimasu.)

¶ যেদিন আবহাওয়া ভালো থাকে সেদিন হেঁটে বেড়াই।

¶あの店は感じのよい店ですね。(Ano mise wa kanji no *yoi* mise desu ne.)

¶ ঐ দোকানে গেলে বেশ ভালো লাগে, তাই না।

¶お酒を飲んだらよい気持ちになって, ゆうべは早く寝てしまいました。(Osake o nondara *yoi* kimochi ni natte, yūbe wa hayaku nete shimai-mashita.)

¶ মদ খাওয়ার পর ভালো লেগেছিল বলে গতরাতে তাড়াতাড়ি ঘুমিয়ে পড়েছিলাম।

↔warui 悪い

⑥[じゅうぶんである様子]

৬) যথেষ্ট

¶「ここから駅までどのくらいかかりますか。」(Koko kara eki made dono kurai kakarimasu ka?) 「10分もあればよいと思います。」(Jippun mo areba *yoi* to omoimasu.)

¶ "এখান থেকে স্টেশন পর্যন্ত কতক্ষণ লাগবে?"
"মনে হয় মিনিট দশেক হলেই যথেষ্ট।"

¶今度の旅行には五千円も持って行けばよいでしょう。(Kondo no ryokō ni wa gosen'en mo motte ikeba *yoi* deshō.)

¶ এবারকার ভ্রমণে পাঁচহাজার ইয়েনের মতো নিয়ে গেলে ভালো হবে।

⑦[同意や許可などの意味を表す]

৭) সম্মতি, অনুমতি ইত্যাদি অর্থ প্রকাশ করে

¶時間はありますから，急がなくてもよいでしょう。(Jikan wa arimasu kara, isoganakute mo *yoi* deshō.)

¶ হাতে সময় আছে, তাড়াতাড়ি না করলেও চলবে।

¶たばこを吸ってもよいですか。(Tabako o sutte mo *yoi* desu ka.)

¶ সিগারেট খাওয়া যাবে কি ?

*「～てもよい (～te mo yoi)」の形で使う。

* ' te mo yoi' এই রূপে ব্যবহৃত।

→(～te mo) ii (～ても) いい

*「終止の形」「連体の形」のときには「いい (ii)」も使われる。

* 'সমাপক-রূপ' এবং 'বিশেষণাত্মক-রূপ' এর ক্ষেত্রে 'ii'ও ব্যবহৃত।

⇨ii いい

**yōi** 用意〘名, ～する〙

আয়োজন; প্রস্তুতি; তৈরী; ব্যবস্থা, বন্দোবস্ত

¶食事の用意ができました。(Shokuji no *yōi* ga dekimashita.)

¶ খাবারের আয়োজন হয়ে গিয়েছে।

¶旅行に行くのに，いくらぐらい用意したらいいでしょうか。(Ryokō ni iku no ni, ikura gurai *yōi* shitara ii deshō ka?)

¶ ভ্রমণে যাওয়ার জন্য কি পরিমাণ টাকার ব্যবস্থা করলে ভালো হয় ?

**yōji** 用事〘名〙

কাজ, কার্য; দরকার, প্রয়োজন

用事がない (*yōji* ga nai) 用事を済ませる (*yōji* o sumaseru)

• কাজ না থাকা
• কাজ শেষ করা, কাজ সেরে ফেলা

¶用事がありますので，お先に失礼します。(*Yōji* ga arimasu node, osaki ni shitsurei shimasu.)

¶ কিছু মনে করবেন না, কাজ আছে বলে আমাকে একটু আগেই উঠতে হচ্ছে।

¶用事が済んだら，お茶を飲みに行きましょう。(*Yōji* ga sundara, ocha o nomi ni ikimashō.)

¶ কাজটা শেষ হলে চা খেতে যাওয়া যাক।

⇨yō 用

**yōjin** 用心〘名, ～する〙

সতর্কতা; সাবধানতা

用心深い (*yōjin*bukai) ●খুব সতর্ক

¶風邪を引かないように用心してください。(Kaze o hikanai yō ni *yōjin* shite kudasai.)

¶সাবধানে থাকবেন যাতে ঠাণ্ডা না লাগে।

¶電車の中でお金を取られないように用心したほうがいいですよ。(Densha no naka de okane o torarenai yō ni *yōjin* shita hō ga ii desu yo.)

¶ট্রেনের মধ্যে সাবধানে থাকাই উচিত যাতে টাকাপয়সা চুরি না যায়।

**yōka** 八日〔名〕 **আট তারিখ, আটই; আট দিন**

①[日付を表す] ১) তারিখবিশেষ

五月八日 (gogatsu *yōka*) ●আটই (৮ই) মে

②[日数を表す] ২) দিনের সংখ্যা

八日前 (*yōka*mae) 八日後 (*yōka*go) ●আট দিন আগে ●আট দিন পর

⇨-ka -日

**yokeru** よける〔動II〕 **এড়ানো; সরা**

¶自動車が来たから、**よけない**と危ないですよ。(Jidōsha ga kita kara, *yokenai* to abunai desu yo.)

¶গাড়ী এসে পড়ছে। সরে যান, নইলে বিপদ হবে কিন্তু।

**yokka** 四日〔名〕 **চার তারিখ, চৌঠা; চার দিন**

①[日付を表す] ১) তারিখবিশেষ

一月四日 (Ichigatsu *yokka*) ●চৌঠা (৪ঠা) জানুয়ারী

②[日数を表す] ২) দিনের সংখ্যা

四日前 (*yokka*mae) 四日後 (*yokka*-go) ●চার দিন আগে ●চার দিন পর

⇨-ka -日

**yoko** 横〔名〕 **পাশ; প্রস্থ, বহর; পাথালি. [ক্রি-ণ] পাশাপাশি**

①[物に向かって左右の方向] ১) কোনো বস্তুর বাম বা ডান পার্শ্ব

¶あなたの横に座っている人は、横を向いて写っていますね。(Anata no *yoko* ni suwatte iru hito wa, *yoko* o muite utsutte imasu ne.)

¶ফটোর মধ্যে আপনার পাশে বসা লোকটি পাশের দিকে তাকিয়ে আছেন।

②[四角形で水平方向の辺, またその長さ] ২) চৌকোনা আকৃতির আনুভূমিক ভুজ বা তার পরিমাপ

¶この紙を縦10センチ, 横15センチ ¶এই কাগজটাকে দৈর্ঘ্যে দশ সেন্টিমিটার,

の大きさに切ってください。 (Kono kami o tate jissenchi, *yoko* jūgo-senchi no ookisa ni kitte kudasai.)
↔tate 縦

প্রস্থে পনেরো সেন্টিমিটার আকার করে কেটে ফেলুন।

**yoku** 欲〘名〙

লোভ, লালসা, লিপ্সা; ইচ্ছা

¶あの人はとても欲が深いです。(Ano hito wa totemo *yoku* ga fukai desu.)

¶ সে ভীষণ লোভী।

¶あの人くらい欲のない人はいませんね。 (Ano hito kurai *yoku* no nai hito wa imasen ne.)

¶ তাঁর মতো একজন নির্লোভ ব্যক্তি তো আর হয় না।

**yoku** よく〘副〙

ভালভাবে; প্রায়ই; বেশ; খুব

①[じゅうぶんに]

১) যথেষ্ট

¶疲れていたので, ゆうべはよく眠りました。(Tsukarete ita node, yūbe wa *yoku* nemurimashita.)

¶ ক্লান্ত থাকায় গতরাতে ভালভাবে ঘুমিয়েছি।

¶交差点を渡るときは, よく注意してください。 (Kōsaten o wataru toki wa, *yoku* chūi shite kudasai.)

¶ চৌরাস্তা পার হওয়ার সময় খুব সতর্ক থাকবেন।

②[しばしば, たびたび]

২) সচরাচর, প্রায়শঃ

¶山田さんはよく図書館へ行きます。(Yamada san wa *yoku* toshokan e ikimasu.)

¶ ইয়ামাদা-সান প্রায়ই লাইব্রেরীতে যান।

¶子供のころは, よくけんかをしたものです。(Kodomo no koro wa, *yoku* kenka o shita mono desu.)

¶ ছেলেবেলায় প্রায়ই ঝগড়া করতাম।

③[程度がはなはだしい様子]

৩) অত্যন্ত উচ্চমাত্রায়

¶春子さんはお姉さんと顔がよく似ています。(Haruko san wa onēsan to kao ga *yoku* nite imasu.)

¶ বড়বোনের চেহারার সাথে হারুকো-সানের চেহারার বেশ মিল আছে।

¶このナイフはよく切れますね。 (Kono naifu wa *yoku* kiremasu ne.)

¶ এই ছুরিতে তো বেশ ভালো কাটে।

④[相手をほめたりねぎらったりするときに使う]

৪) অপরপক্ষকে প্রশংসা করার বা কৃতজ্ঞতা জানানোর ক্ষেত্রে ব্যবহৃত

¶よくがんばりましたね。(*Yoku* ganbarimashita ne.) ¶ আপনি তো খুবই খেটেছেন।

¶よくいらっしゃいました。 (*Yoku* irasshaimashita.) ¶ আপনি এসেছেন। কী সৌভাগ্য আমাদের।

**yokujitsu** 翌日〔名〕 পরদিন, পরের দিন

¶土曜日に旅行に出かけて, 翌日の日曜日に帰ってきました。(Doyōbi ni ryokō ni dekakete, *yokujitsu* no nichiyōbi ni kaette kimashita.) ¶ শনিবারে ভ্রমণে গিয়ে পরদিন রোববারে ফিরে এসেছি।

**yōkyū** 要求〔名, ～する〕 দাবী

¶あなたがたの要求には応じられません。(Anatagata no *yōkyū* ni wa ōjiraremasen.) ¶ আপনাদের দাবী মেটানো যাবে না।

¶社長に月給を上げてくれるように要求しました。(Shachō ni gekkyū o agete kureru yō ni *yōkyū* shimashita.) ¶ বড়সাহেবের কাছে বেতন বাড়িয়ে দেওয়ার জন্য দাবী জানিয়েছি।

**yome** 嫁〔名〕 বধূ, বউ; কনে; স্ত্রী

嫁にもらう (*yome* ni morau) • বউ আনা
嫁にやる (*yome* ni yaru) • বিয়ে দেওয়া
息子の嫁 (musuko no *yome*) • পুত্রবধূ
花嫁 (hana*yome*) • বিয়ের কনে; নববধূ

¶春子さんは, お金持ちのところへお嫁に行ったそうですね。(Haruko san wa, okanemochi no tokoro e o*yome* ni itta sō desu ne.) ¶ শুনলাম হারুকো-সানের ধনী পরিবারে বিয়ে হয়েছে।

**yomu** 読む〔動 I〕 পড়া, পাঠ করা

¶聞こえませんから, もっと大きな声で読んでください。(Kikoemasen kara, motto ookina koe de *yonde* kudasai.) ¶ শোনা যাচ্ছে না, আরও জোরে পড়ুন।

¶あなたは今, どんな本を読んでいますか。(Anata wa ima, donna hon o *yonde* imasu ka?) ¶ আপনি আজকাল কি ধরনের বই পড়ছেন?

**yon** 四〔名〕 চার, চৌ-, চতুঃ-; ৪ সংখ্যা

四個 (*yon*ko) 四匹 (*yon*hiki)
●চারটা/-টি/-টে ●চারটা/-টি/-টে

＊ 人数のときは「四人 (yonin)」, 時刻のときは「四時 (yoji)」と言う。
＊ লোকসংখ্যা গণনা করতে 'yonin (চারজন)' এবং সময় বোঝাতে 'yoji (চারটা/চারটে বাজে)' বলা হয়।

⇨**shi** 四

**yonaka** 夜中〔名〕 মধ্যরাত, গভীর রাত, নিশীথ

¶ゆうべ, 夜中に近所で火事がありました。(Yūbe, *yonaka* ni kinjo de kaji ga arimashita.)
¶ গতকাল গভীর রাতে কাছাকাছি এলাকায় আগুন লেগেছিল।

⇨**yoru** 夜

**yononaka** 世の中〔名〕 সংসার; বিশ্ব; সময়; দিন; যুগ

①[世間, 社会] ১) ইহলোক, সমাজ

¶あの人は幸せに育って, 世の中の苦労を知らないようです。(Ano hito wa shiawase ni sodatte, *yononaka* no kurō o shiranai yō desu.)
¶ তিনি সুখী পরিবেশে বড় হওয়ায় সংসারে কষ্ট যে কি তা জানেন না মনে হচ্ছে।

②[時代] ২) কাল

¶今は昔と違って, 世界のどこへでもすぐ行ける世の中です。(Ima wa mukashi to chigatte, sekai no doko e demo sugu ikeru *yononaka* desu.)
¶ এমন যুগ এসে পড়েছে যে এখন পৃথিবীর যে কোনো জায়গায় অনায়াসেই যাওয়া যায়।

**yori** より〔助〕 চেয়ে, থেকে, চাইতে

¶山田さんは中村さんより背が高いです。(Yamada san wa Nakamura san *yori* se ga takai desu.)
¶ ইয়ামাদা-সান নাকামুরা-সানের চেয়ে লম্বা।

¶わたしはりんごよりみかんのほうが好きです。(Watashi wa ringo *yori* mikan no hō ga suki desu.)
¶ আমি আপেলের চেয়ে কমলাই বেশী পছন্দ করি।

**yorokobu** 喜ぶ〔動 I〕 খুশী হওয়া, আনন্দিত হওয়া, উৎফুল্ল হওয়া

¶山田さんは試験に合格して喜んでいます。(Yamada san wa shiken ni gōkaku shite *yorokonde* imasu.)
¶ ইয়ামাদা-সান পরীক্ষায় পাশ করে খুব খুশীতে আছেন।

¶秋子さんは, 誕生日の贈り物をもらってとても喜んでいます。(Akiko
¶ আকিকো-সান জন্মদিনের উপহার পেয়ে খুবই খুশীতে আছেন।

san wa, tanjōbi no okurimono o moratte totemo *yorokonde* imasu.)

¶その会には喜んで出席いたします。(Sono kai ni wa *yorokonde* shusseki itashimasu.)
¶ঐ সভায় সানন্দে উপস্থিত থাকব।

**yoroshii よろしい〔形〕** ভালো; ঠিক

¶もう帰ってもよろしいでしょうか。(Mō kaette mo *yorosnii* deshō ka?)
¶যদি অসুবিধা না হয় আমি কি এখন ফিরে যেতে পারি?

¶よろしかったら, 今日うちへいらっしゃいませんか。(*Yoroshikattara,* kyō uchi e irasshaimasen ka?)
¶অসুবিধা না হলে আজ আমার বাড়ীতে একটু আসবেন কি?

＊「よい (yoi)」「いい (ii)」の改まった言い方。
＊ 'yoi' বা 'ii' এর আনুষ্ঠানিক রূপ।

**yoroshiku よろしく〔副〕** [বি]শুভেচ্ছা; অনুগ্রহ

①[今後の交際などを願うときのあいさつの言葉]
১) ভবিষ্যৎ সাহচর্যের প্রত্যাশা ইত্যাদি ক্ষেত্রে ব্যবহৃত অভিবাদনের শব্দ

¶わたしは山田です。どうぞよろしく。(Watashi wa Yamada desu. Dōzo *yoroshiku.*)
¶আমি ইয়ামাদা। শুভেচ্ছা রাখবেন।

＊普通「どうぞよろしく。(Dōzo yoroshiku.)」または「どうぞよろしくお願いします。(Dōzo yoroshiku onegai shimasu.)」の形で使う。
＊সাধারণতঃ 'dōzo yoroshiku' বা 'dōzo yoroshiku onegai shimasu' এই রূপে ব্যবহৃত।

②[好意を伝えるときに使う]
২ শুভাকাঙ্ক্ষা জানানোর ক্ষেত্রে ব্যবহৃত

¶それでは, これで失礼します。奥様によろしくお伝えください。(Soredewa, kore de shitsurei shimasu. Okusama ni *yoroshiku* otsutae kudasai.)
¶কিছু মনে করবেন না, তাহলে এখন উঠি। আপনার স্ত্রীকে আমার শুভেচ্ছা জানাবেন।

**yoru 夜〔名〕** রাত, রাত্রি, নিশি

¶あなたは夜何時ごろ寝ますか。(Anata wa *yoru* nanji goro nemasu ka?)
¶আপনি রাতে কয়টার দিকে ঘুমান?

¶父は毎日, 夜遅くまで働いています。(Chichi wa mainichi, *yoru* osoku
¶বাবা রোজ অনেক রাত পর্যন্ত কাজ করেন।

made hataraite imasu.)

⇔hiru 昼 hiruma 昼間

**yoru** 寄る〘動Ⅰ〙 (কাছে) সরা; (কোনো স্থান) হয়ে আসা

①[近づく] ১) সমীপবর্তী হওয়া

¶もっとそばに寄って，よく見てください。(Motto soba ni *yotte,* yoku mite kudasai.)

¶ আরও কাছে সরে এসে ভালভাবে দেখুন।

②[立ち寄る，目的の所へ行く途中ついでにほかの所へ行く] ২) গন্তব্যস্থলে যাওয়ার পথে সেই সুযোগে অন্য স্থান অতিক্রম করা

